কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

সাধারণদের সরকারি চাকরির
সঠিক প্রশিক্ষণ কেন্দ্র
WBCS - CGL - BANK - RAIL
grassroot
© 7427927701
Dunlop • Tamluk
Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৩৯ কলকাতা বুধবার, ১ মে ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১৭ বৈশাখ ১৪২৬ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

# পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনীতে ৩২৩ অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট

৩২৩ জন অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট নেবে পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনী— বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ও সশস্ত্র সীমা বল। 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। লিখিত পরীক্ষা ১৮ অগস্ট। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 09/2019-CPF.

প্রসঙ্গত, 'কর্মক্ষেত্র'র ২৪ এপ্রিল সংখ্যায় 'পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনীতে কয়েকশো অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ সম্পর্কে আগাম তথ্য জানানো হয়েছিল। এই সংখ্যায় বাহিনীভিত্তিক শূন্যপদ-সহ দরখাস্ত করার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য জানানো হল।

**বাহিনীভিত্তিক শূন্যপদ:** বর্ডার সিকিউরিটি ফোর্স: ১০০টি, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স: ১০৮টি, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স: ২৮টি, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ: ২১টি, সশস্ত্র সীমা বল: ৬৬টি।

নিয়মানুসারে প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সব ক্ষেত্রেই কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। যাঁরা স্নাতকস্তরের চূড়ান্ত পরীক্ষা দিয়েছেন, শর্তসাপেক্ষে তাঁরাও আবেদন করতে পারেন। এন সি সি 'বি' অথবা 'সি' গ্রেড সার্টিফিকেটধারীরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৪ থেকে ১-৮-১৯৯৯-এর মধ্যে। তফসিলিরা ৫, অন্যান্য অনগ্রসর শ্রেণির প্রার্থীরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ও না-ফুলিয়ে যথাক্রমে ৮৬ ও ৮১ সেমি। ওজন হতে হবে অন্তত ৫০ কেজি অথবা উচ্চতা অনুযায়ী। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি, ওজন হতে হবে উচ্চতানুযায়ী, কিন্তু কমপক্ষে ৪৬ কেজি। উভয় ক্ষেত্রেই দৃষ্টিশক্তি: দূরের ক্ষেত্রে চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২, অথবা দু'চোখেই ৬/৯। কাছের ক্ষেত্রে সংশোধিত দৃষ্টিশক্তি ভালো চোখে এন-৬ এবং খারাপ চোখে এন-৯। মায়োপিয়া (সিলিন্ডার-সহ) থাকলে তা যেন -৪.০০ডি এবং হাইপারমেট্রোপিয়া (সিলিন্ডার-সহ) যেন +৪.০০ডি-এর মধ্যে হয়। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। তোতলামি, চ্যাটালো পায়ের পাতা, ভাঙা হাঁটু, শিরাস্ফীতি থাকলে চলবে না। মানসিক ও শারীরিক ত্রুটিমুক্ত মজবুত স্বাস্থ্য থাকা জরুরি।

প্রার্থী বাছাই হবে তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষা হবে দু'টি পত্রে। প্রথম পত্রে থাকবে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা (সকাল ১০টা থেকে দুপুর ১২টা)। দ্বিতীয় পত্রে থাকবে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন সংক্রান্ত প্রশ্ন। বিষয়ভিত্তিক এই পত্রের জন্য বরাদ্দ নম্বর ২০০। সময়সীমা ৩ ঘণ্টা (দুপুর ২টো থেকে বিকেল ৫টা)। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: (১) ১০০ মিটার দৌড় (সময়সীমা পুরুষদের ক্ষেত্রে ১৬ সেকেন্ড

এরপর সাতের পাতায়

## ভেতরের পাতায়

**নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৭ প্রশিক্ষণ**
নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৭টি ট্রেডে প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টের সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে। —পৃঃ ১২

**ফায়ার সেফটি ম্যানেজমেন্ট**
ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে ফায়ার সেফটি ম্যানেজমেন্টের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে। —পৃঃ ১২

**ক্রীড়াজগতে চাহিদা বাড়ছে দক্ষ পেশাদারের**
খেলাধুলায় আগ্রহ থাকলে যেতে পারেন স্পোর্টস সায়েন্স এবং স্পোর্টস ম্যানেজমেন্টের পেশায়। এ-সংক্রান্ত স্নাতকোত্তর কোর্সে ভর্তি নিচ্ছে এ রাজ্যের দুটি প্রতিষ্ঠান। আবেদন করতে পারেন এখনই। —পৃঃ ৯

**ফিজিওথেরাপি ও অকুপেশনাল থেরাপির পড়াশোনা**
চিকিৎসাশাস্ত্রের এই দুই শাখায় পড়াশোনা করা যায় উচ্চমাধ্যমিকের পরই। স্নাতক কোর্সে ভর্তি চলছে কেন্দ্রের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের স্বীকৃতিপ্রাপ্ত বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে। —পৃঃ ১০

## এই প্রথম দেশ জুড়ে সেনাবাহিনীতে
# ১০০ মহিলা সোলজার

**লখনউ, আম্বালা, জব্বলপুর, বেলগাঁও এবং শিলংয়ে র‍্যালি জুলাই, অগস্ট এবং সেপ্টেম্বরে। ৮ জুনের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে।**

**নিজস্ব প্রতিনিধি:** র‍্যালির মাধ্যমে এই প্রথম ১০০ জন মহিলা সোলজার-জেনারেল ডিউটি (উওমেন মিলিটারি পুলিশ) নিয়োগ করছে ভারতীয় সেনাবাহিনী। র‍্যালির মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। জুলাই, অগস্ট এবং সেপ্টেম্বরে র‍্যালি আয়োজিত হবে লখনউ, জব্বলপুর, বেলগাঁও, শিলং এবং আম্বালায়, জুলাই, অগস্ট ও সেপ্টেম্বরে।

র‍্যালিতে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। সরাসরি র‍্যালিতে অংশগ্রহণ করা যাবে না। ৮ জুনের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই

এরপর চব্বিশের পাতায়

# দার্জিলিং জেলা আদালতে
## লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার, নাইট গার্ড, ফরাস

বিভিন্ন পদে ৫৪ জন কর্মী নেবে দার্জিলিং জেলা আদালত। নিয়োগ করা হবে লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার, নাইট গার্ড, ফরাস ও কর্মবন্ধু পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 103/E.

**শূন্যপদের বিবরণ:** লোয়ার ডিভিশন ক্লার্ক: ৩১টি (সাধারণ ৮, সাধারণ-ই সি ৫, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-ই সি ২, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, তফসিলি উপজাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ ২, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ২, ও বি সি-বি-ই সি ১। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। **বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

নাইটগার্ড, ফরাস, কর্মবন্ধু: ১৮টি (সাধারণ ৩, সাধারণ-ই সি ৩, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-

এরপর সাতের পাতায়

## ফুরোবার আগেই সংগ্রহ করুন




# হিন্দুস্তান এরোনটিক্সে ৮০১ অ্যাপ্রেন্টিস

৮০১ জন তরুণ-তরুণীকে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান এরোনটিক্স। ট্রেনিং দেওয়া হবে এরোনটিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখা ও আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। প্রশিক্ষণ দেওয়া হবে সংস্থার নাসিক ডিভিশনে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড দেওয়া হবে।

**আই টি আই ট্রেড অ্যাপ্রেন্টিস:** ট্রেড অনুসারে আসনসংখ্যার বিন্যাস: ফিটার: ২৭৯টি, টার্নার: ৩২টি, কার্পেন্টার: ৫টি, মেশিনিস্ট: ৩০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ১৪টি, ইলেক্ট্রিশিয়ান: ৮৫টি, মেকানিক (মোটর ভেহিক্যল): ৭টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ৭টি, ইলেক্ট্রনিক্স মেকানিক: ৪টি, পেইন্টার (জেনারেল): ১২টি, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাড-মিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: ৭৫টি, শিট মেটাল ওয়ার্কার: ৫টি, মেশিনিস্ট (গ্রাইন্ডার): ৬টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। মহিলা প্রার্থীরা ফিটার, কার্পেন্টার, টার্নার, মেশিনিস্ট, মেকানিক (মোটর ভেহিক্যল), মেশিনিস্ট (গ্রাইন্ডার), শিট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ট্রেডে আবেদন করবেন না।

এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: HAL/T&D/1614/19-20/24(A).

**ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রেন্টিস:** ইঞ্জিনিয়ারিং শাখানুসারে আসনসংখ্যার বিবরণ: এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ১০টি। কম্পিউটার ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৫টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৫টি। সিভিল ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ১টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ২টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ১৪টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ২৫টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ১৮টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ১৯টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৫৩টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৮৬টি।

এরপর চব্বিশের পাতায়

# কারেন্ট অ্যাফেয়ার্স

**১৮ এপ্রিল-২২ এপ্রিল**

**১৮ এপ্রিল** পাকিস্তানে বাস থেকে নামিয়ে ১৪ জনকে গুলি করে হত্যার অভিযোগ উঠল বালোচ জঙ্গিদের বিরুদ্ধে। করাচি থেকে উপকূলবর্তী শহর ওরমারার দিকে যাচ্ছিল বাসটি। সংবাদ সংস্থা জানিয়েছে, অন্তত ২৪ জন জঙ্গি আধাসামরিক বাহিনী ফ্রন্টিয়ার কোর-এর উর্দিতে হাজির হয়। বাসের মধ্যে পরিচয়পত্র দেখে যাঁরা বালুচিস্তানের বাসিন্দা নন, তাঁদের চিহ্নিত করে মারা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানানো হয়েছে। বালুচিস্তানের বিচ্ছিন্নতাবাদী সংগঠন এই হামলার দায় নিয়েছে। তাদের গোষ্ঠীর মুখপাত্র জানিয়েছে, তারা কোনও সাধারণ নাগরিককে মারেনি। তাদের নিশানায় ছিল, উপকূলরক্ষী বাহিনীর সদস্য ও নৌবাহিনীর সদস্যরা।

## আবার ক্ষেপণাস্ত্র পরীক্ষা করল উত্তর কোরিয়া



১৮ এপ্রিল: উত্তর কোরিয়া ফের ক্ষেপণাস্ত্র পরীক্ষার কথা ঘোষণা করল। পরীক্ষার সময় দেশের প্রতিরক্ষা বিজ্ঞান অ্যাকাডেমিতে উপস্থিত থেকে ঘটনাটির সাক্ষীও থেকেছেন শাসক কিম জং উন। পিয়ংইয়ং দাবি করেছে, এটি এক ধরনের 'ট্যাকটিকাল গাইডেড' বা কৌশলগত অস্ত্র। ২০১৮ সালের শেষ দিকে প্রথমবার এই ধরনের ক্ষেপণাস্ত্রের পরীক্ষা করা হয়েছিল। এটি দ্বিতীয় পরীক্ষা। তবে এটি দূরপাল্লার ব্যালিস্টিক মিসাইল নয় বলেই মনে করছেন আন্তর্জাতিক অস্ত্র বিশেষজ্ঞরা।



"ভারতের ৩ লক্ষ কোটি ডলারের অর্থনীতির ক্ষমতা রয়েছে এই খরচের (ন্যায় প্রকল্প) ধাক্কা সামলানোর। এ জন্য মধ্যবিত্তের উপর নতুন করে কোনও করের বোঝা চাপাতে হবে না।"

ডঃ মনমোহন সিং, *প্রাক্তন প্রধানমন্ত্রী*

কংগ্রেসের ইস্তাহারে প্রকাশ করা ন্যায় প্রকল্পের সমর্থনে এক বিবৃতিতে

**১৯ এপ্রিল** জাপানের ৮৫ বছর বয়সি সম্রাট আকিহিতো ৩০ এপ্রিল সিংহাসন ছাড়তে চলেছেন। ১ মে সম্রাট হিসেবে অভিষেক হতে চলেছে তাঁর পুত্র যুবরাজ নারুহিতোর। জাপান প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এই নারুহিতো সাম্রাজ্যের বিদেশি অতিথির তালিকায় প্রথম নামটিই হবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মে মাসের শেষদিকে সস্ত্রীক তিনি জাপান সফরে যাবেন। জাপানে কোন সম্রাটের সাম্রাজ্য চলছে, তার ভিত্তিতেই নির্ধারিত হয় সে দেশের যুগ। আকিহিতোর সম্রাট-পদ ত্যাগের সঙ্গে সঙ্গেই শেষ হবে 'হেইসে' যুগের। নারুহিতো সিংহাসনে বসার সঙ্গে সঙ্গে শুরু হবে 'রেইওয়া' যুগ।

চিনের 'বেল্ট অ্যান্ড রোড ফোরাম' (বিআরএফ) এর সম্মেলন বয়কটের সিদ্ধান্ত নিল ভারত। পাক অধিকৃত কাশ্মীরের মধ্য দিয়ে বেজিংয়ের 'চিন-পাকিস্তান ইকনমিক করিডর' (সিপিইসি) প্রকল্প নিয়ে বরাবরই নয়াদিল্লি আপত্তি জানিয়েছে। ভারতের এই অবস্থানের প্রেক্ষিতে চিনের বিদেশমন্ত্রী ওয়াং ই জানিয়েছেন, সম্মেলনে যোগ দিলে ভারতেরই ভালো হত। ভারত যে বিআরএফ সম্মেলনে যোগ দেবে না তা কিছুদিন আগেই স্পষ্ট করে দেন চিনে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত বিক্রম মিস্ত্রি। চিনা সরকারি সংবাদপত্রে গত মাসে তিনি বলেন, 'যে কোনও যোগাযোগ প্রকল্পই অন্য দেশের সার্বভৌমত্ব, সাম্য এবং ভৌগোলিক অখণ্ডতা বজায় রেখে করা উচিত। আমাদের দেশের সরকারের মনে হচ্ছে সিপিইসি-তে সেটা একেবারেই বজায় থাকবে না।'

**২০ এপ্রিল** পাকিস্তানে ধরা পড়েও ফিরে আসা উইং কমান্ডার অভিনন্দন, বর্তমানকে শ্রীনগর থেকে পশ্চিম সেক্টরের একটি ঘাঁটিতে বদলি করল বায়ুসেনা। সেই সঙ্গে তাঁর নাম বীরচক্রের জন্য সুপারিশ করেছে সরকার। বায়ুসেনা সূত্রে দাবি করা হয়েছে, এই বদলির পিছনে নিরাপত্তা সংক্রান্ত কোনও প্রশ্ন নেই। ৫১ নম্বর স্কোয়াড্রনে অভিনন্দনের মেয়াদ শেষ হয়ে গিয়েছিল তাই এই বদলি।

জম্মু-কাশ্মীরে সার্বিক চাপের মুখে সে রাজ্যের রাজ্যপালের প্রশাসন জানিয়েছে, জম্মু-শ্রীনগর সড়কে অসামরিক গাড়ির চলাচলের উপর জারি থাকা পুরনো নিষেধাজ্ঞা আংশিক ভাবে শিথিল করা হচ্ছে। ২২ এপ্রিল থেকে এই নির্দেশিকা কার্যকর করা হয়। উল্লেখ্য, পুলওয়ামা হামলার আবহে কাশ্মীরে লোকসভা ভোটে বাহিনী মোতায়েন থাকাকালীন জঙ্গি হামলার সম্ভাবনা এড়াতে গাড়ি চলাচলের নিষেধাজ্ঞা সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা হয়ছিল।

মার্কিন মদ ব্যবসায়ী, সে দেশের এক নামকরা সুরা প্রস্তুতকারক সংস্থার মালকিন, ধনকুবের ক্লেয়ার ব্রঁফম্যানকে যৌন পাচার চক্রে জড়িত থাকার অপরাধে দোষী সাব্যস্ত করল এক মার্কিন আদালত। ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য অনুপ্রবেশকারীদের আশ্রয় দেওয়া ও ভুয়ো পরিচয়পত্র তৈরি করে অসাধু উদ্দেশ্য চরিতার্থ করা — এই দুই মামলায় দোষী সাব্যস্ত হয়েছেন ক্লেয়ার। মনে করা হচ্ছে তাঁর ২১ থেকে ২৭ মাসের কারাদণ্ড হতে পারে।

## প্রয়াত অমর পাল



২০ এপ্রিল: বিশিষ্ট লোকসঙ্গীত শিল্পী অমর পাল (৯৭) প্রয়াত হলেন। রাইচাঁদ বড়াল, পঙ্কজ মল্লিক থেকে হেমন্ত মুখোপাধ্যায়, মানবেন্দ্র মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে গেয়েছেন অজস্র গান। 'সাগরসঙ্গমে', 'বাবা তারকনাথ', 'নিমন্ত্রণ', 'শিউলিবাড়ি'র মতো অনেক ছবিতে রয়েছে তাঁর গান। 'হীরক রাজার দেশে'তে তাঁর গলায় 'কতই রঙ্গ দেখি দুনিয়ায়' কালজয়ী বাংলা গানের তালিকায় জায়গা করে নিয়েছে। ভাটিয়ালি বা বৈষ্ণব ঘরানার গান—সব কিছুতেই তাঁর অবাধ কর্তৃত্ব ছিল।

## ইস্তফা পাক অর্থমন্ত্রীর



১৮ এপ্রিল: ইস্তফা দিলেন পাক অর্থমন্ত্রী আসাদ উমর। দেশের কয়েকশো কোটি ডলার ঋণের হাত থেকে সুরাহা পেতে আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার (আইএমএফ)-এর সঙ্গে বৈঠকের মুখেই হঠাৎ সরে দাঁড়ালেন উমর। সম্প্রতি আমেরিকায় গিয়ে তিনি নিজেই আইএমএফের সঙ্গে কথা বলার বিষয়টি পাকা করে আসেন। কিন্তু ইস্তফা দিয়ে তিনি জানিয়েছেন, ইমরান খান মন্ত্রি-সভাতেই আর থাকবেন না। যদিও উমরকে শক্তি মন্ত্রকে পাঠাতে চেয়েছিলেন ইমরান। জানা গিয়েছে সেই প্রস্তাব গ্রহণ করেননি উমর।

## প্রধান বিচারপতির বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ



২০ এপ্রিল: সুপ্রিম কোর্টের এক প্রাক্তন কর্মী প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ আনলেন। বিচারপতি গগৈ এই অভিযোগ অস্বীকার করে জানিয়েছেন, এর পিছনে বৃহত্তর ষড়যন্ত্র আছে। বিষয়টি নিয়ে শুনানির জন্য একটি বিশেষ বেঞ্চ গঠন করা হয়েছে।

সংযুক্ত আরব আমিরশাহির রাজধানী আবুধাবিতে প্রথম হিন্দু মন্দিরের শিলান্যাস করা হল। ২০১৫ সালে সংযুক্ত আরব আমিরশাহি সফরের সময় ওই মন্দির গড়ার প্রস্তাব দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বলেছিলেন, মন্দিরটি দু'দেশের সুসম্পর্কের প্রতীক হয়ে থাকবে। মন্দির শিলান্যাসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারতীয় রাষ্ট্রদূত নভদীপ সুরি।

**২১ এপ্রিল** তামিলনাড়ুর তিরুচিরাপল্লির কাছে মুথায়ামপালায়াম গ্রামে কারুপ্পাস্বামী মন্দিরে পদপিষ্ট হয়ে মৃত্যু হল চারজন মহিলা-সহ সাত পুণ্যার্থীর। আহত হয়েছেন ১০ জন। চৈত্র পূর্ণিমার পুজো উপলক্ষে এদিন হাজার হাজার ভক্ত মন্দিরে জড়ো হয়েছিলেন। মন্দিরের রীতি অনুযায়ী পুজো শেষে পুরোহিত ভক্তদের মধ্যে টাকার কয়েন ছুড়ে দিতে থাকেন। পুণ্যার্থীদের বিশ্বাস সেই কয়েন বাড়িতে রাখলে সুখ সমৃদ্ধি আসে। এদিনও সেই প্রথা শুরু হওয়ার পরই মন্দিরে হুড়োহুড়ি পড়ে যায় ভক্তদের মধ্যে। তাতেই পদপিষ্ট হয়ে মৃত্যুর ঘটনা ঘটে।

**২২ এপ্রিল** সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের বিরুদ্ধে ওঠা যৌন হেনস্থার মামলার শুনানি কোনও কারণ ছাড়াই স্থগিত করা হল। প্রধান বিচারপতির বিরুদ্ধে ওঠা অভিযোগের বিচার করার জন্য গঠিত বেঞ্চে প্রধান বিচারপতি নিজে কীভাবে থাকলেন তাই নিয়ে প্রশ্ন উঠেছে। বিচারপতি গগৈয়ের সিদ্ধান্ত নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে এদিন প্রস্তাব পাশ করেছে সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতি।

শ্রীলঙ্কার ধারাবাহিক বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে হল ২৯০। পরিস্থিতি সামলাতে একদিন আগে থেকেই সেখানে জারি করা হয়েছে জরুরি অবস্থা। প্রথমে তিন জন বলা হলেও এদিন জানা গিয়েছে নিহতদের মধ্যে সাত জন ভারতীয়। সারা দেশে চিরুনি তল্লাশি চালিয়ে পাওয়া গিয়েছে বিপুল পরিমাণ বিস্ফোরক ও অস্ত্রশস্ত্র। বিস্ফোরণের পর ২৪ ঘন্টা কেটে গেলেও কোনও জঙ্গি সংগঠনই ধারাবাহিক হামলার দায় স্বীকার করেনি। তবে শ্রীলঙ্কা প্রশাসনের দাবি এর পিছনে মুসলিম কট্টরপন্থী সংগঠন 'ন্যাশনাল তৌহিদ জামাত' রয়েছে। প্রধানমন্ত্রী রনিল বিক্রমসিংঘে টুইট করে দেশবাসীকে অনুরোধ করেন, 'এই দুঃখের সময় একত্রিত থাকুন। অসমর্থিত সূত্রের খবর বা কোনও গুজবে বিশ্বাস করবেন না। সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করছে।'

২ মে-র পর থেকে ভারত আর ইরানি তেল আমদানি করতে পারবে না বলে হুঁশিয়ারি দিল মার্কিন প্রশাসন। গত নভেম্বর থেকে ইরানের উপর মার্কিন যুক্তরাষ্ট্র একপাক্ষিকভাবে অর্থনৈতিক নিষেধাজ্ঞা জারি করার সময় ভারত সহ আটটি দেশকে ইরানি তেল আমদানি করার ব্যাপারে ছ'মাসের ছাড় দেওয়া হয়েছিল। হোয়াইট হাউস থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে ২ মে সেই সময়সীমা শেষ হচ্ছে এবং ট্রাম্প প্রশাসন সেই সময়সীমা আর বাড়াতে চায় না। এই মার্কিন নিষেধাজ্ঞার পরিপ্রেক্ষিতে ভারত সরকার জানিয়েছে, ভারতীয় অর্থনীতির ক্ষেত্রে হোয়াইট হাউসের এই সিদ্ধান্তের তাৎপর্য বিচার করে দেখা হচ্ছে।

## ধারাবাহিক জঙ্গি বিস্ফোরণে রক্তাক্ত শ্রীলঙ্কা



২০ এপ্রিল: ইস্টারের দিন ৮ বিস্ফোরণে শ্রীলঙ্কায় ২১৫ জনের মৃত্যু হল। ২০০৯ সালে গৃহযুদ্ধ শেষ হওয়ার পর এমন ভয়ঙ্কর, রক্তাক্ত দিন আর দেখেনি শ্রীলঙ্কা। এদিন সকালে কলম্বোর তিনটি বিলাসবহুল হোটেলে ও একটি চার্চে, নেগোম্বোর সেন্ট সেবাস্টিয়ান চার্চ এবং বাটিকালোয়ার চার্চে ঘটেছে বিস্ফোরণ। দুপুরের দিকে ফের দু'টি বিস্ফোরণ ঘটে কলম্বোর কাছে একটি হোটেলে এবং একটি আবাসনে। সবগুলি বিস্ফোরণে আহতের সংখ্যা ৪০০ ছাড়িয়েছে। নিহতদের মধ্যে ৩৫ জন বিদেশি। বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ জানিয়েছেন নিহতদের মধ্যে তিনজন ভারতীয় রয়েছেন। জঙ্গি হানায় রক্তাক্ত দ্বীপরাষ্ট্রের ঘটনায় বিশ্বজুড়ে যেমন নিন্দার ঝড় উঠেছে তেমনি প্রতিবাদে মুখর হয়েছে ক্রিকেট বিশ্বও। ভারতের সচিন তেন্ডুলকর বলেছেন, 'শ্রীলঙ্কার নানা জায়গায় জঙ্গি হানার খবর শুনে আমি অত্যন্ত কষ্ট পেয়েছি। সন্ত্রাসবাদের বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়ানো উচিত। ঘৃণা ও হিংসা কখনওই ভালোবাসার উর্ধ্বে উঠতে পারে না।'

## বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীর গুলিতে আয়ারল্যান্ডে নিহত সাংবাদিক



১৯ এপ্রিল: উত্তর আয়ারল্যান্ডের 'লন্ডনডেরি'-তে বিক্ষোভকারীদের গুলিতে এক তরুণী সাংবাদিক নিহত হলেন। পুলিশের দাবি, শহরের ক্রেগান এলাকায় সন্ত্রাস শুরু করে 'ডিসিডেন্ট রিপাবলিকান'রা। সেই সময়েই বন্দুকবাজের গুলিতে নিহত হন লায়রা ম্যাকি নামে ওই সাংবাদিক। উত্তর আয়ারল্যান্ড ব্রিটেনের অন্তর্ভুক্ত হলেও সেখানকার ক্যাথলিক আইরিশ জাতীয়তাবাদীরা চান ব্রিটেন থেকে বেরিয়ে এসে নর্দার্ন আয়ারল্যান্ড ও রিপাবলিক অব আয়ারল্যান্ড জুড়ে গিয়ে ইউনাইটেড আয়ারল্যান্ড তৈরি হোক। 'ডিসিডেন্ট রিপাবলিকান' বা 'আইরিশ রিপাবলিকান'রা তাই বর্তমানে মূল ভূখণ্ডের সঙ্গে বলবৎ থাকা শান্তি চুক্তিকে সমর্থন করে না।

## মহাসাগর পার করলেন দৃষ্টিহীন নাবিক



২০ এপ্রিল: জাপানের দৃষ্টিহীন নাবিক মিত্সুহিরো ইয়ামোতো প্রশান্ত মহাসাগর পার করলেন। দু'মাসে একবারও না থেমে একটানা নৌকা চালিয়ে এই অভিযান শেষ করলেন তিনি। জাপানের দৃষ্টিহীন নাবিকদের সংগঠন জানিয়েছে, এমন রেকর্ড এই প্রথম। ৫২ বছরের নাবিক ইয়ামোতো, সান দিয়েগো থেকে ফুকুসিমা, দু'মাসে সাড়ে আট হাজার মাইলেরও বেশি পাড়ি দিয়েছেন। ২৪ ফেব্রুয়ারি তাঁর ১২ মিটারের নৌকা ড্রিম ওয়েভার নিয়ে রওনা হয়েছিলেন ক্যালিফোর্নিয়া থেকে। সঙ্গে ছিলেন শুধু একজন সাহায্যকারী মার্কিন নেভিগেটর ডো স্মিথ। তিনি শুধুমাত্র হাওয়ার গতির বিষয়ে তথ্য দিয়ে সাহায্য করেছেন ইয়ামোতোকে। সম্ভাব্য বিপদ দেখলে সাবধান করেছেন।

## কী পড়বেন, কোথায় পড়বেন

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কারিগরি প্রশিক্ষণ



ইলেক্ট্রিক্যাল ইনস্টলেশন অ্যান্ড সেফটি প্র্যাকটিসেসের স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সটি ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির (এন আই ই এল আই টি) সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্স শুরু হবে ৮ জুন থেকে। আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সপ্তাহে দু'দিন ক্লাস নেওয়া হবে— সোমবার, সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা এবং শনিবার বিকেল ৩টে থেকে সন্ধ্যা ৬টা। ক্লাস করানো হবে বাংলা এবং ইংরেজি মাধ্যমে।

কোর্স ফি: ৮,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র নগদে ৪০ টাকার বিনিময়ে বিশ্ববিদ্যালয়ের ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির রিসেপশন কাউন্টার থেকে সংগ্রহ করা যাবে। ঠিকানা: ১৮৮, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, কলকাতা-৭০০ ০৩২। পূরণ করা আবেদনপত্রের সঙ্গে মাধ্যমিকের মার্কশিট, অ্যাডমিট কার্ড ও সচিত্র পরিচয়পত্রে নকল জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪১৪-৬০৮১/৫৪, (০৩৩) ২৪৫৭-২৮৯৪।

## সমাজসেবার কোর্স



নিজস্ব প্রতিনিধি: সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ৬ মাসের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনের (বেঙ্গল) স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস। অন্তত মাধ্যমিক পাশ হলে ভর্তির জন্য আবেদন করা যাবে।

প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে, যাঁরা সমাজসেবার কাজে আগ্রহী এবং এক্ষেত্রে কেরিয়ার গড়তে চান তাঁরা কোর্সটি করে নিলে উপকৃত হবেন।

অন্তত ১৫ দিন কোনও নামী স্বেচ্ছাসেবী সংস্থায় হাতে-কলমে কাজের প্রশিক্ষণ দেওয়া হয় এই কোর্সে। সঙ্গে থাকবে থিওরির ক্লাস। প্রশিক্ষিতদের বিভিন্ন এন জি ও-তে চাকরির সুযোগ রয়েছে।

সপ্তাহে দু'দিন, শনি ও রবিবার বেলা আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস। কোর্স ফি ২,০০০ টাকা। প্রার্থী বাছাই হবে একটি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৪ জুলাই, রবিবার।

ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ১০ টাকার বিনিময়ে সোম থেকে শনি বেলা ১২টা থেকে বিকেল ৫টার মধ্যে আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠানের অফিস থেকে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১৩ জুলাই।

যোগাযোগের ঠিকানা: স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস, ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন (বেঙ্গল), ১৮৮, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, কলকাতা-৭০০ ০৩২ (যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস)। ফোন: ২৪১৪-৬২৮২।

## রক্তদাতা উদ্বুদ্ধকরণ ও রক্ত-বিজ্ঞানের কোর্স

নিজস্ব প্রতিনিধি: সমাজসেবা, রক্তদাতা উদ্বুদ্ধকরণ ও রক্ত-বিজ্ঞানের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে অ্যাসোসিয়েশন অব ভলান্টারি ব্লাড ডোনার্স। ৩ মাসের কোর্স শুরু হবে ৬ জুলাই থেকে। চলবে নভেম্বর মাস পর্যন্ত। কোর্স শেষে থাকবে ফিল্ড ওয়ার্ক ও প্রোজেক্ট ওয়ার্ক। অন্তত মাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। কোর্স ফি নেই। শুধু রেজিস্ট্রেশন ফি বাবদ লাগবে ৫০ টাকা। আবেদনপত্র জমা দেওয়ার সময়ই রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে। কোর্স চলাকালীন আর কোনও খরচ নেই।

থিওরির ক্লাস হবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের মধ্যে অবস্থিত ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনে (বেঙ্গল)। ক্লাস হবে শনি ও রবিবার দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত।

নগদ ১০ টাকার বিনিময়ে আবেদনের ফর্ম কিনতে পাওয়া যাবে ১২ মে থেকে ৮ জুন (রবিবার বাদে), সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত, এই ঠিকানা থেকে: অ্যাসোসিয়েশন অব ভলান্টারি ব্লাড ডোনার্স ওয়েস্ট বেঙ্গল, ২০-এ, ফরডাইস লেন (শিয়ালদহ প্রাচী সিনেমা হলের পিছনে), কলকাতা-৭০০ ০১৪। ফোন: ২২২৭-১০২২, ২২২৭-৭৮৮২। তথ্যের জন্য ফোন করতে পারেন সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টার মধ্যে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৮ জুন।

## সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিংয়ে ভর্তি

নটিক্যাল সায়েন্সে স্পেশ্যালাইজেশন-সহ ব্যাচেলর অব ফিশারি সায়েন্স এবং ভেসেল নেভিগেটর এবং মেরিন ফিটার ট্রেড কোর্সে ভর্তি নিচ্ছে কোচির সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিং। এটি কেন্দ্রের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স) কোর্সটি কোচিন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি কর্তৃক অনুমোদিত এবং ডিরেক্টোরেট জেনারেল অব শিপিং কর্তৃক স্বীকৃত।

কোর্সের বিবরণ: ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স): আসনসংখ্যা: ৩৩টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং প্রতিটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স: ১-১০-২০১৯ তারিখে ১৭ থেকে ২০ বছরের মধ্যে হতে হবে (ন্যাটারাল এন্ট্রির ক্ষেত্রে ২২ বছরের মধ্যে)।

ভেসেল নেভিগেটর কোর্স (ভি এন সি): আসনসংখ্যা: ৪৮টি। মেরিন ফিটার কোর্স (এম এফ সি): আসনসংখ্যা: ৪৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। মাধ্যমিকে ম্যাথমেটিক্স এবং সায়েন্সে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স: ১-৮-২০১৯ তারিখে ১৫ থেকে ২০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন। স্টাইপেন্ড: প্রতি মাসে ১,৫০০ টাকা।

সবকটি কোর্সের ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স) কোর্সের ক্ষেত্রে পরীক্ষা ৮ জুন (শনিবার)। পরীক্ষাকেন্দ্রগুলি হল: কোচি, চেন্নাই এবং বিশাখাপত্তনম। ভি এন সি এবং এম এফ সি কোর্সের ক্ষেত্রে পরীক্ষা ২২ জুন (শনিবার)। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।



আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.cifnet.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ দিতে হবে ফিশারি সায়েন্সের ক্ষেত্রে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা), ভি এন সি এবং এম এফ সি কোর্সের ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৬ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Central Institute of Fisheries Nautical & Engineering Training, Fine Arts Avenue, Kochi-682016.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্সে ভর্তি



মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন দ্বারা স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: ৪৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং বা আইনের স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা কমন এন্ট্রান্স টেস্ট বা সমতুল পরীক্ষার বৈধ স্কোর থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউ ৮ মে, সকাল ১১টা থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in ২৫০ টাকার ডিমান্ড ড্রাফট, এটি 'Vidyasagar University'-র অনুকূলে 'Midnapore'-এ প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৬ মে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রামকৃষ্ণ মিশনে আই টি আই কোর্স



নিজস্ব প্রতিনিধি: দু'টি আই টি আই ট্রেড কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন শিল্প বিদ্যালয়। এটি একটি প্রাইভেট ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট। ট্রেড দু'টি হল: (১) ইলেক্ট্রিশিয়ান, (২) অটোক্যাড-সহ ড্রাফটসম্যান (সিভিল বা মেকানিক্যাল)। শুধু ছেলেরা আবেদনের যোগ্য। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর। অন্তত মাধ্যমিক পাশ হলে ভর্তির জন্য আবেদন করা যাবে। প্রশিক্ষণ শেষে এন সি ভি টি-র সার্টিফিকেট পাওয়া যাবে।

নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। আগ্রহীরা সোম থেকে শুক্র বেলা ১১টা থেকে বিকেল ৪টের (শনিবার ১টা) মধ্যে প্রতিষ্ঠানের অফিস থেকে আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১৪ জুন। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.rkmshilpavidyalaya.ac.in ফোন: ২৬৫৪-২০৮০।



## স্কলারশিপের খোঁজখবর

### ইউ পি ই এস ই এ টি বি টেক স্কলারশিপ, ইউ পি ই এস ২০১৯

পেট্রোলিয়াম অ্যান্ড এনার্জি বিষয়ে বি টেক পড়তে ইচ্ছুক কিছু ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে দেরাদুনের ইউনিভার্সিটি অব পেট্রোলিয়াম অ্যান্ড এনার্জি স্টাডিজ। সংশ্লিষ্ট কোর্সে ভর্তির জন্য নেওয়া ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড টেস্টে উত্তীর্ণরা স্কলারশিপের জন্য বিবেচিত হবেন।

আবেদনের যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে অন্তত ৮৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড টেস্টে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

স্কলারশিপ বাবদ পড়াশোনার ৫০ শতাংশ খরচ বহন করবে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান। কোর্স চলাকালীন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে স্কলারশিপ পুনর্নবীকরণ করা হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/UBS3 আবেদনের শেষ তারিখ ৮ মে।

### জি ই ভি মেমোরিয়াল মেরিট স্কলারশিপ ২০১৯

আইন নিয়ে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ডক্টর গুলাম ই বাহনবতী স্কলারশিপ ফান্ড ট্রাস্ট। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বছর প্রতি ৫০,০০০ টাকা থেকে ২ লাখ টাকা পর্যন্ত।

আবেদনের যোগ্যতা: এল এল বি বা এল এল এম কোর্স পাঠরতরা আবেদনের যোগ্য। প্রার্থীকে ২০১৯-এ হওয়া ক্ল্যাট বা ল স্কুল অ্যাডমিশন টেস্ট বা এ আই এল ই টি বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখের নিচে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/GMM2 আবেদনের শেষ তারিখ ৩১ মে।

*(তথ্য সহায়তা: buddy4study)*

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

☐ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্টস) এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —প্রণব দাস, খয়রাশোল, বীরভূম।*

☐☐ ইউ পি এস সি আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্টস) এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষার মাধ্যমে পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনী— বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ও সশস্ত্র সীমা বলে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। এন সি সি 'বি' অথবা 'সি' গ্রেড সার্টিফিকেটধারীরা অগ্রাধিকার পাবেন। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৬৫ সেমি এবং বুকের ছাতি ফুলিয়ে ও না-ফুলিয়ে যথাক্রমে ৮৬ ও ৮১ সেমি হতে হবে। ওজন হতে হবে ৫০ কেজি অথবা উচ্চতা অনুযায়ী। এ ছাড়া দৃষ্টিশক্তি থাকতে হবে দূরের ক্ষেত্রে চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২, অথবা দু'চোখেই ৬/৯। কাছের ক্ষেত্রে সংশোধিত দৃষ্টিশক্তি ভালো চোখে এন-৬ এবং খারাপ চোখে এন-৯। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## এস এস সি

☐ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে মাল্টি টাস্কিং (নন- টেকনিক্যাল) স্টাফ পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই কীভাবে করা হয়ে থাকে জানালে উপকৃত হব। —সায়ন্তন মিত্র, ব্রাহ্মণডিহা, বাঁকুড়া।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রথম পেপারের পরীক্ষা আয়োজিত হবে ২ অগস্ট থেকে ৬ সেপ্টেম্বরের মধ্যে। দু'টি পেপারের পরীক্ষা। প্রথম পেপারে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, ২৫ নম্বরের জেনারেল ইংলিশ এবং ২৫ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। অর্থাৎ মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং থাকবে। প্রথম পেপারের পরীক্ষায় সফলরা দ্বিতীয় পেপারের পরীক্ষা দেবেন। এই পেপারে ইংরেজি বা মাতৃভাষায় (পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার ক্ষেত্রে বাংলা) রচনা, চিঠিলেখা ইত্যাদি থাকবে। ৫০ নম্বরের পরীক্ষা। সময় আধঘণ্টা। এই পেপারের পরীক্ষায় সফল হতে হবে। তবে এই পেপারে প্রাপ্ত নম্বর মেধা-তালিকা তৈরির ক্ষেত্রে ধরা হবে না। ওয়েবসাইট: www.ssconlinc.nic.in

## উচ্চশিক্ষা

☐ *হায়দরাবাদে বায়োকেমিস্ট্রির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —মহুয়া দত্ত, জাফরপুর, উত্তর ২৪ পরগনা।*

☐☐ বায়োকেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি ডিগ্রি। অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি পড়ে থাকতে হবে। প্রবেশিকা পরীক্ষা নেওয়া হবে ২৯ মে, দুপুর ২টো থেকে। পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://acad.uohyd. ac.in অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://acad.uohyd.ac.in আবেদনের শেষ তারিখ ৩ মে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫৫০ টাকা। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.uohyd.ac.in

## ব্যাঙ্ক

☐ *আই বি পি এসের মাধ্যমে অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —শ্যামল দাস, কসবা, কলকাতা।*

☐☐ আই বি পি এসের মাধ্যমে অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল। এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটিতে স্নাতক হলে অগ্রাধিকার। কম্পিউটার জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.ibps.in

## কোর্স, ট্রেনিং

☐ *ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজিতে হসপিটালিটি অ্যাডমিনিস্ট্রেশনের এম এসসি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সায়ন কুণ্ডু, ভালুকা, মালদা।*

☐☐ হসপিটালিটি অ্যাডমিনিস্ট্রেশনের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজি (এন সি এইচ এম সি টি)। কোর্সটি ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটির সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে। আসনসংখ্যার বিবরণ: কলকাতা: ২৫টি, লখনউ: ২৫টি, চেন্নাই: ২৫টি, নয়ডা: ৪০টি, নিউ দিল্লি: ৪০টি, বেঙ্গালুরু: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: এন সি এইচ এম সি টি থেকে হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশনে বি এসসি অথবা এ আই সি টি ই দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হোটেল ম্যানেজমেন্টে ব্যাচেলর্স ডিগ্রি। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। কোর্স ফি: ১,৯৯,০০০ টাকা। ফি দিতে হবে সেমেস্টার-পিছু। প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৮ মে। পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা, লখনউ, মুম্বই, দিল্লি, বেঙ্গালুরু ও চেন্নাই। পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে হসপিটালিটি অ্যাডমিনিস্ট্রেশন বিষয়ক প্রশ্ন। পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা। নেগেটিভ মার্কিং আছে। অনলাইন আবেদন করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.thims.gov.in, www.nchm.nic.in ফি বাবদ দিতে হবে ৯০০ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫০ টাকা) টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি NCHMCT-এর অনুকূলে নয়ডা বা দিল্লিতে প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফট, প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৩ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: National Council For Hotel Management And Catering Technology, A-34, Sector-62, Noida-201309.

☐ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তি হতে চাই। কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অদিতি হাওলাদার, বালি, হাওড়া।*

☐☐ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় অনার্স-সহ স্নাতক। অনার্স বিষয়ে অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। অথবা ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ পাস গ্র্যাজুয়েট হতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৮.৭৫ শতাংশ এবং ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৮.৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা মেডিক্যাল বা আইনের স্নাতকরাও আবেদনের যোগ্য। দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

## অন্যান্য চাকরি

☐ *আমি একজন অ্যাথলিট। বেশ কিছু পদক আছে। আই টি বি পি-তে খেলোয়াড় ক্যাটেগরিতে কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতা এবং দৈহিক মাপজোকের প্রয়োজন? —কৃষ্ণেন্দু সাঁপুই, চন্দ্ররেখা, ঝাড়গ্রাম।*

☐☐ ইন্দো টিবেটান সীমান্ত পুলিশে খেলোয়াড় ক্যাটেগরিতে কনস্টেবল (জেনারেল ডিউটি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। খেলাধুলার যোগ্যতা: অলিম্পিক্স বা ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ বা ওয়ার্ল্ড কাপ বা এশিয়ান বা কমনওয়েলথ গেমস বা এশিয়ান বা কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ বা ইয়ুথ অলিম্পিক বা সাফ গেমসে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে বা পদক পেয়ে থাকতে হবে। অথবা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস বা ন্যাশনাল গেমস বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে পদক জিতে থাকতে হবে। খেলাধুলার যাবতীয় যোগ্যতা ১-১-২০১৭ থেকে ২১-৬-২০১৯ তারিখের মধ্যে হতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, উগ্র বামপন্থী অধ্যুষিত এলাকার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-সিক্স, খারাপ চোখে এন-নাইন। বিশদে জানার জন্য দেখুন এই ওয়েবসাইট: www.recruitment.itbpolice.nic.in

☐ *ভেলে এক্সিকিউটিভ ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জয়ন্ত মণ্ডল, ঘোড়ামারা, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ ভেলে এক্সিকিউটিভ ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল ওয়ার্কে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড লেবার ওয়েলফেয়ার বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সব ক্ষেত্রেই অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ৬ মে পর্যন্ত অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.bhel.in

☐ *বি এস এফে রেডিও মেকানিক শাখায় হেড কনস্টেবল পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —কৌশিক পাল, আসানসোল।*

☐☐ বি এস এফে রেডিও মেকানিক শাখায় হেড কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে রেডিও অ্যান্ড টেলিভিশন বা জেনারেল ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট বা ডেটা প্রিপারেশন অ্যান্ড কম্পিউটার সফটওয়্যার বা ইলেক্ট্রিশিয়ান বা ফিটার বা ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেইন্টেন্যান্স বা কমিউনিকেশন ইক্যুইপমেন্ট মেইন্টেন্যান্স বা কম্পিউটার হার্ডওয়্যার বা নেটওয়ার্ক টেকনিশিয়ান বা মেকট্রনিক্স বা ডেটা এন্ট্রি অপারেটর ট্রেডে অন্তত ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৬৮ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), বুকের ছাতির মাপ হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। উচ্চতা ও বয়সের সঙ্গে মানানসই ওজন হতে হবে। এ ছাড়া দৃষ্টিশক্তি থাকতে হবে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। ওয়েবসাইট: www.bsf.nic.in

নাম : ..................................

ঠিকানা : ..................................

..................................

..................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## ওয়েটিং লিস্টের শূন্যপদ কমে যাওয়ার কারণ কী? অন্ধকারে তিনশো প্রার্থী

আমাদের ২৯ দিনের অনশন কি বিফলে গেল? মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আশ্বাসেও কোনও কাজ হল না। আমরা যে তিমিরে ছিলাম, সেই তিমিরেই রয়ে গেলাম। অনশনের অনেকগুলি কারণের মধ্যে একটা ছিল, শূন্যপদের সঠিক সংখ্যা নিয়ে স্কুল সার্ভিস কমিশন (এস এস সি)-এর অস্বচ্ছতা। আমাদের মূল অভিযোগ ছিল, শূন্যপদ 'আপডেট' করছে না এস এস সি কর্তৃপক্ষ। একাদশ-দ্বাদশ শ্রেণির সহশিক্ষক পদে নিয়োগের জন্য তৃতীয় দফার কাউন্সেলিংয়ের আগে শূন্যপদের সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে। এই দফার কাউন্সেলিংয়ের আগে এস এস সি তাদের ঘোষিত তালিকায় জানিয়েছিল, মোট শূন্যপদের সংখ্যা ৮২২। কিন্তু কাউন্সেলিং শুরুর ঠিক আগে এস এস সি-র তালিকায় প্রকাশ, শূন্যপদের সংখ্যা কমে হয়েছে ৪৯৩। আমাদের প্রশ্ন, ৩২৯টি শূন্যপদ কমে গেল কী কারণে? বিকাশ ভবনে এই অভিযোগের ভিত্তিতে আমরা ডেপুটেশন জমা দিয়েছি। কিন্তু দপ্তর থেকে কোনও জবাব মেলেনি। সমস্যার কোনও সুরাহা হয়নি।

> একাদশ-দ্বাদশ শ্রেণির সহশিক্ষক পদে নিয়োগের জন্য তৃতীয় দফার কাউন্সেলিংয়ের আগে শূন্যপদের সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে। এই দফার কাউন্সেলিংয়ের আগে এস এস সি তাদের ঘোষিত তালিকায় জানিয়েছিল, মোট শূন্যপদের সংখ্যা ৮২২। কিন্তু কাউন্সেলিং শুরুর ঠিক আগে এস এস সি-র তালিকায় প্রকাশ, শূন্যপদের সংখ্যা কমে হয়েছে ৪৯৩।

পশ্চিম মেদিনীপুরের আমার এক পরিচিত যুবক ভূগোলের শিক্ষকপদের জন্য এস এস সি-র পরীক্ষা দিয়েছিলেন। তৃতীয় দফার কাউন্সেলিংয়ের ওয়েটিং লিস্টে তাঁর নাম ছিল ২৩ নম্বরে। কিন্তু কমিশন শূন্যপদ কমিয়ে দেওয়ায় তিনি আর ডাকই পাননি। এমন দৃষ্টান্ত প্রচুর রয়েছে। প্রচুর চাকরিপ্রার্থীর নাম প্রথমে ওয়েটিং লিস্টে থাকলেও বর্তমানে আর নেই। এই বেনিয়মের জবাব চাওয়া কি খুব অন্যায়? আমাদের আন্দোলন ও অনশন অযৌক্তিক কিছু ছিল না। প্রথম ও দ্বিতীয় দফার কাউন্সেলিংয়ের পরে বেশ কিছু শিক্ষক স্কুলে যোগ দেননি। সেই সমস্ত পদ যোগ হলে শূন্যপদের সংখ্যা আরও বাড়ার কথা। উল্টে তা কমে যাচ্ছে কেন? তবে কি এর পিছনে কোনও ষড়যন্ত্র আছে? অর্থের বিনিময়ে বিশেষ কোনও প্রার্থীকে শূন্যপদ 'পাইয়ে' দেওয়ার খেলা চলছে? এস এস সি-র চেয়ারম্যান সৌমিত্র সরকার জানিয়েছেন যে, প্রথম বা দ্বিতীয় দফার কাউন্সেলিংয়ের পরে এমন কয়েকটি স্কুলে কয়েকজন শিক্ষকের নিয়োগ হয়েছিল, যেখানে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক রয়েছেন। তাই ওই প্রার্থীদের ফের অন্য স্কুলে নিয়োগ করতে হয়েছে। সেই জন্যই কিছু শূন্যপদ কমে গিয়েছে। সৌমিত্রবাবুর এই বক্তব্যে আমরা মোটেই আশ্বস্ত হচ্ছি না। প্রশ্ন জাগে, যে-সব স্কুলে পদ খালি আছে, সেখানেই তো প্রার্থী পাঠানোর কথা। ঠিকমতো না-দেখে প্রার্থীদের কেন এমন স্কুলে পাঠানো হচ্ছে, যেখানে শূন্যপদ নেই? এই ভুল তো স্কুল সার্ভিস কমিশনের। তার খেসারত আমাদের দিতে হবে কেন? এস এস সি-র প্রতিটি ধাপে আজকাল অনিয়ম এবং দুর্নীতি হচ্ছে। অভাব রয়েছে স্বচ্ছতারও। ফলত শিক্ষক নিয়োগের কাজটাও ঠিকমতো হচ্ছে না। আখেরে সার্বিক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে স্কুলের পঠনপাঠনই।

**নাম প্রকাশে অনিচ্ছুক**

# দার্জিলিং জেলা আদালতে

## লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার, নাইট গার্ড, ফরাস

*প্রথম পাতার পর*

বি ১))। শিক্ষাগত যোগ্যতা:·ক্লাস এইট। স্নাতক প্রার্থীরা আবেদন করবেন না। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা।

প্রোসেস সার্ভার: ৫টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ২,৩০০ টাকা।

বয়স: সবক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ক্লার্ক ও প্রোসেস সার্ভার পদের ক্ষেত্রে দু'পর্যায়ে লিখিত পরীক্ষা হবে। এই দু'টি পদের ক্ষেত্রে পরীক্ষায় থাকবে— প্রথম পত্রে জেনারেল নলেজ, জেনারেল ইংলিশ, কম্প্রিহেনশন ও এরিথমেটিক। মোট নম্বর ১০০, সময় ১ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে ইংলিশ, জেনারেল নলেজ, এরিথমেটিক, ইংলিশ কম্প্রিহেনশন অ্যান্ড ট্রান্সলেশন, ফ্রেমিং অব সেনটেন্স। মোট নম্বর ১০০, সময় ২ ঘণ্টা। গ্রুপ 'ডি' পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় থাকবে ইংলিশ, জেনারেল নলেজ, এরিথমেটিক, ইংলিশ কম্প্রিহেনশন অ্যান্ড ট্রান্সলেশন, ফ্রেমিং অব সেনটেন্স। মোট নম্বর ৭৫, সময় ২ ঘণ্টা। এর পর ২৫ নম্বরের ইন্টারভিউ। এ ছাড়া ক্লার্ক ও প্রোসেস সার্ভার পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ৭৫ নম্বরের কম্পিউটার লিটারেসি টেস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://districts.ecourts.gov.in/darjeeling অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২২ মে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো ও কালো কালির সই (উভয়ই জে পি জি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে), জন্মতারিখের নথির প্রত্যয়িত নকল, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, আধার কার্ড বা ভোটার কার্ড বা প্যান কার্ডের মতো পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতা বা ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল এবং কর্মরতদের ক্ষেত্রে নো অবজেকশন সার্টিফিকেটের প্রত্যয়িত নকল আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ক্লার্কের ক্ষেত্রে ৪০০ টাকা (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ২৫০ টাকা) এবং বাকি পদগুলির ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ২০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

লাইফ ইনসিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষা ৫ মে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.licindia.in

# পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনীতে ৩২৩ অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট

*প্রথম পাতার পর*

এবং মহিলাদের ক্ষেত্রে ১৮ সেকেন্ড)। (২) ৮০০ মিটার দৌড় (সময়সীমা পুরুষদের ক্ষেত্রে ৩ মিনিট ৪৫ সেকেন্ড এবং মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিট ৪৫ সেকেন্ড)। (৩) লং জাম্প: পুরুষদের ৩.৫ মিটার এবং মহিলাদের ৩ মিটার (সর্বাধিক ৩টি সুযোগে)। (৪) শুধুমাত্র পুরুষদের ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে।

তৃতীয় পর্যায়ে থাকবে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ২০ মে পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে নগদ ২০০ টাকা। এটি পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় জমা দিতে হবে। পার্ট-টু রেজিস্ট্রেশনের সময় পে-ইন-স্লিপের প্রিন্ট আউট নিয়ে নেবেন এবং পরের কাজের দিন ফি জমা দেবেন। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৯ মে। অনলাইন পদ্ধতিতে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। এছাড়া স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিং ব্যবস্থার মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। মহিলা ও তফসিলিদের ফি লাগবে না। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২০ মে। অনলাইন দরখাস্ত 'Submit' করার পর রেজিস্ট্রেশন আই ডি পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে প্রয়োজন হবে। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩৩৮-৫২৭১/১১২৫/২৩০৯ ৮৫৪৩ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)।

**শ্রী সত্যানন্দ মহাপীঠ (বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র)**

নিম্নলিখিত প্রশিক্ষণগুলির জন্য সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। Website থেকে Form download করে দরখাস্ত পাঠানো যাবে বা মহাপীঠ অফিস থেকে (সোমবার-শনিবার) সংগ্রহ করা যাবে। সেশন শুরু জুন/জুলাই ২০১৯।

(১) যোগ ও ন্যাচারোপ্যাথি, পঃ বঃ যোগ ও ন্যাচারোপ্যাথি কাউন্সিল প্রদত্ত সার্টিফিকেট ও রেজিস্ট্রেশন নং পাওয়া যাবে। ১ বছর, শুধুমাত্র শনিবার ক্লাস।
(২) ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট কোর্স। ৬ মাস, শনিবার ক্লাস, ফি-৫০০০/-
(৩) কাটিং টেলারিং- ৬ মাস, ফি- ৯০০/-
(৪) ড্রেস ডিজাইনিং- ৬ মাস, ৯০০/-
(৫) বিউটিশিয়ান- ৬ মাস, ১৫০০/-
(৬) কম্পিউটার অ্যাপ্লিকেশন ও ইন্টারনেট- ৬ মাস, মাসিক- ২০০/-
(৭) লার্নিং ইংলিশ- প্রতি শুক্রবার ৪.৩০-৬.৩০। ৮ম হইতে ১০ম শ্রেণীর ছাত্রছাত্রীরা। ফি মাসিক ১০০/-

যোগাযোগ: রাম নগর- উত্তরভাগ, রেল স্টেশন- বারুইপুর।
ফোন: ৯৮৩১৫ ৭৫৭২১/৯৮৩০২ ১৯০৬৩/৮৩৪৮১ ২৬৪৮২
Email: satyananda.mahapeet@gmail.com ■ Website: maayogabharati.com

# র‍্যালির মাধ্যমে গোর্খা সোলজার

র‍্যালির মাধ্যমে দার্জিলিং ও কালিম্পং জেলা থেকে বেশ কিছু সোলজার নেবে ভারতীয় সেনাবাহিনী। ভারতে স্থায়ীভাবে বসবাসকারী গোর্খা পুরুষরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। ডমিসাইল সার্টিফিকেট থাকতে হবে। নিয়োগ হবে সোলজার জেনারেল ডিউটি পদে।

র‍্যালি আয়োজিত হবে ১৭ ও ১৮ জুন, দার্জিলিংয়ের ঘুম আর্মি গ্রাউন্ডে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে। বয়স: সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর, ১৯৯৮ থেকে ১ এপ্রিল ২০০২-এর মধ্যে। **দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। ওজন অন্তত ৪৮ কেজি। সমরকর্মী, প্রাক্তন সমরকর্মীদের ছেলেরা এবং দক্ষ খেলোয়াড়রা উচ্চতা, বুকের ছাতি ও ওজনে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতা যাচাই, দৈহিক মাপজোক যাচাই ও লিখিত পরীক্ষার মাধ্যমে।

র‍্যালিতে অংশগ্রহণের জন্য ৯ জুনের মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in ১০ জুন নাগাদ প্রার্থীর ই-মেল অ্যাড্রেসে অ্যাডমিট কার্ড পাঠানো হবে।

বিশদ তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। তথ্যের জন্য ফোন করতে পারেন এই দুই নম্বরেও: ৯০৬৪৩-৯২২৭৭, ৭৯৭৩২-২৪২৫০।

Apollo PHARMACY
A Promise Beyond Prescriptions

**কলকাতা সহ রাজ্যের সমগ্র জেলা-শহরের জন্য ফার্মাসিস্ট প্রয়োজন**

যোগ্যতা-D-Pharm / B-Pharm / M-Pharm

অভিজ্ঞ ও অনভিজ্ঞ উভয় চলিবে

Benefits: Attractive Salary + Incentives + PF + ESIC + Free Insurance + Weekly off + Leaves + Bonus + Gratuity + Yearly Increments + Training + Free Accomodation

**Salary is no bar for experienced candidates**

এছারাও Medicine Shop-এর কাজ জানা লোক প্রয়োজন অন্যান্য পদের জন্য

ওয়াক-ইন-ইনটারভিউ - সকাল ১০টা থেকে বিকাল ৫টা (সোম - শনি)

RGM/3/284, Jagaralanga, Rajarhat, Gopalpur, Near-Derozio College, Kolkata-136
M: 8585022022, 9883670182, 8481005111, 9804233823
e-mail: arupkumar_m@apollopharmacy.org / joydeep_c@apollopharmacy.org

**দেশে ও বিদেশে কম যোগ্যতার ছেলেমেয়েদের স্টার হোটেল ও ক্রুজে চাকরি দিয়ে কেরিয়ার গড়ছে**

**GSM School of Management**

A UNIT OF KALYANI SWAMIJEE WELFARE MISSION (GOVT. REGD.) • An ISO 9001 : 2015 Certified

AUTHORISED TRANING CENTRE OF
"BHARAT SEVAK SAMAJ"
A National Development Agency
Established in 1952 by Planing Commission
GOVT. OF INDIA

**১ থেকে ৩ বছরের হোটেল ম্যানেজমেন্টের কোর্স করে**

5* হোটেল • হসপিটাল • জাহাজ • এয়ারলাইন্স ও মাল্টি ন্যাশনাল কোম্পানীতে চাকরি।

যোগ্যতা : কমপক্ষে মাধ্যমিক পাশ, বয়স : ১৭ থেকে ২৫

Admissions OPEN




মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ছেলেমেয়েদের জন্য 'গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্ট' নিয়ে এলো 'ওয়েলফেয়ার স্কিম ২০১৯'। এই স্কিমের মাধ্যমে ছেলেমেয়েরা প্রতি মাসে ৫০০ থেকে ২০০০ টাকা করে ভাতা পাবেন মোট ১২ মাস। হোটেল ম্যানেজমেন্টে নিশ্চিত কেরিয়ার গড়তে চাইলে এই স্কিমের মাধ্যমে আবেদন করতে হবে ১০মে, ২০১৯-এর মধ্যে। মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের ফটোকপি ও অভিভাবককে সরাসরি নিয়ে আসতে হবে এই ঠিকানায় — —

**94339 47225 / 90622 69582**

**A-1/56, Kalyani, Nadia, Pin - 741235 • www.globalschoolmgt.com**

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*আমি সবকিছু করতে পারি না, কিন্তু কিছু একটা তো পারি। আর, যা আমি পারি, সেখানে আমার ব্যর্থ হওয়া চলবে না কোনওমতেই।*
*— হেলেন কেলার*
*(বধির ও দৃষ্টিহীন মার্কিন শিক্ষাবিদ)*

✓ *বি এসসি পড়ছি। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি গতবছর। উচ্চমাধ্যমিকে ৬৬ শতাংশ নম্বর আছে। চাকরির প্রয়োজন খুবই। চাকরির সন্ধান দিলে উপকৃত হব।*
*নীলাঞ্জন ঘোষ, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

☐ গ্র্যাজুয়েশন সম্পূর্ণ না-হওয়া পর্যন্ত আপনি উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষার জন্য আগে থেকেই ভালো প্রস্তুতি নেওয়ার দরকার হয়। পরীক্ষার প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৫৮০জন কনস্টেবল (রেডিও মেকানিক) নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। পিওর সায়েন্সের উচ্চমাধ্যমিকরা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। আই টি আইয়ের নির্দিষ্ট বিভিন্ন ট্রেড কোর্স পাশ করারাও আবেদনের যোগ্য। নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকতে হবে। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৬৮ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি। 'কর্মক্ষেত্র'-র ২৪ এপ্রিল সংখ্যায় 'বি এস এফে ৮০৫ হেড কনস্টেবল' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। উল্লিখিত দৈহিক মাপজোক থাকলে আপনি আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করা যাবে ১৪ মে থেকে ১২ জুন পর্যন্ত। অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.bsf.gov.in

**৫৮০জন কনস্টেবল (রেডিও মেকানিক) নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। পিওর সায়েন্সের উচ্চমাধ্যমিকরা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। আই টি আইয়ের নির্দিষ্ট বিভিন্ন ট্রেড কোর্স পাশরাও আবেদনের যোগ্য। নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকতে হবে। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৬৮ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি। 'কর্মক্ষেত্র'-র ২৪ এপ্রিল সংখ্যায় 'বি এস এফে ৮০৫ হেড কনস্টেবল' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।**

কয়েক হাজার গ্রুপ 'সি' কর্মী নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। দুই পর্বের কম্পিউটারভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে। 'কর্মক্ষেত্র'-র ১৭ এপ্রিল সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি' এবং ২৪ এপ্রিল সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন আবেদন করতে হবে ২২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে কমার্শিয়াল-কাম-টিকিট ক্লার্ক ও ট্রেনস ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিক যোগ্যতায় রেলের লেভেল-ওয়ান গ্রুপের কিছু পদে আবেদন করা যায়। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন।

✓ *আমি বাংলার স্নাতক। উচ্চমাধ্যমিকের পর থেকেই স্টেনোগ্রাফি প্র্যাক্টিস করে আসছি। কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করেছি। স্টেনোগ্রাফারের চাকরি করাই ইচ্ছা। চাকরির সন্ধান দিলে উপকৃত হব।*
*শিবাজি চৌধুরী, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

☐ চাকরির লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। কেননা, লিখিত পরীক্ষায় সফল হলে তবেই স্টেনোগ্রাফি টেস্টে ডাক পাবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** নদিয়া জেলা আদালতে কিছু ইংরেজি স্টেনোগ্রাফার নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৪ এপ্রিল সংখ্যায় 'নদিয়া জেলা আদালতে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nadiacourtrecruit.in

৮৯০৪জন জুনিয়র অ্যাসোসিয়েট নিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। আগ্রহী হলে আবেদন করতে পারেন। ১৭ এপ্রিল সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ৮৯০৪ জুনিয়র অ্যাসোসিয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৩ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sbi.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে প্রতিবছরই স্টেনোগ্রাফার নেওয়া হয়। প্রার্থী বাছাই করে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষার সিলেবাস দেখে আগে থেকেই প্রস্তুতি নিতে পারেন। রেলে স্টেনোগ্রাফার নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ বিধানসভায় সময়ে সময়ে রিপোর্টার নিয়োগ করা হয়। এই পদের জন্য স্টেনোগ্রাফি জানা বাধ্যতামূলক। আপনি আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থাতেই স্টেনোগ্রাফারের চাকরি আছে। 'কর্মক্ষেত্র'-য় নজর রাখুন, পাবেন আরও চাকরির খবর।

✓ *উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছি এ বছর। কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করছি। কলেজে পড়ার ইচ্ছা আছে অবশ্যই। কিন্তু একটা চাকরি পেলে পড়াশোনাটা সহজ হবে। চাকরির খোঁজ দেবেন।*
*সৌরভ মণ্ডল, পাটুলি, কলকাতা।*

☐ চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কয়েক হাজার গ্রুপ 'সি' কর্মী নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। দুই পর্বের কম্পিউটারভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে। 'কর্মক্ষেত্র'-র ১৭ এপ্রিল সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি' এবং ২৪ এপ্রিল সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন আবেদন করতে হবে ২২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in

নদিয়া জেলা আদালতে প্রোসেস সার্ভার পদে আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশনে দক্ষতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। 'কর্মক্ষেত্র'-র ২৪ এপ্রিল সংখ্যায় 'নদিয়া জেলা আদালতে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nadiacourtrecruit.in

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকের রেজাল্ট প্রকাশিত হওয়ার আগে পর্যন্ত আপনি মাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্যই আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিক পাশ করার পরে চাকরির সুযোগ-সম্ভাবনা খানিকটা বাড়বে। মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারের গ্রুপ 'সি', রেলের লেভেল-ওয়ান এবং পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ 'ডি' ও খাদ্য সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলের বিভিন্ন পদে আবেদন করা যায়। এতে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

## নতুন নতুন পেশা সম্পর্কে জানুন আর নিজেকে তৈরি করুন নতুন পৃথিবীর জন্য



ডঃ বি কে চৌধুরী
প্রফেসর, এনার্জি ম্যানেজমেন্ট বিভাগ
ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট

সময়ের অগ্রগতির সঙ্গে সঙ্গে নতুন নতুন পেশার আবির্ভাব ঘটছে। শিক্ষিত ছেলেমেয়েদের এইসব নতুন পেশা সম্পর্কে অবহিত থাকা উচিত। একটি বাণিজ্যিক সংস্থায় জাবদা খাতায় হিসেব রাখার দিন এখন অতীত। এখন কম্পিউটারাইজড অ্যাকাউন্টিংয়ের দিন। খেলাধুলার বড় ইভেন্ট পরিচালনার জন্য স্পোর্টস ম্যানেজমেন্টের পেশাদারদের দরকার রয়েছে। এখনকার দিনের কাজের বাজারে ডেটা অ্যানালিটিক্সের পেশাদারদের দারুণ চাহিদা। ইনফর্মেশন সিকিউরিটির পেশাদারদের দারুণ কদর এখন। পরিবেশ নিয়ে সারা পৃথিবীর মাথাব্যথার অন্ত নেই। বড় বড় সংস্থাগুলিকে পরিবেশবান্ধব পণ্য উৎপাদন এবং পরিবেশবান্ধব উৎপাদন ব্যবস্থার কথা ভাবতে হচ্ছে। পরিবেশ নিয়ে সংস্থাগুলির সামাজিক দায়িত্বও কম নয়। তাই এনভায়রনমেন্ট ম্যানেজমেন্টের দক্ষ লোকের দরকার রয়েছে। একটি বড় সংস্থায় বিদ্যুতের অপচয় কীভাবে নিয়ন্ত্রণ করা যায়, বিকল্প শক্তির ব্যবহার কীভাবে বাড়ানো যায়, তা নিয়ে কাজ করেন এনার্জি ম্যানেজমেন্টের পেশাদাররা। বড় বড় হাসপাতাল হসপিটাল ম্যানেজমেন্টের পেশাদার ছাড়া চলে না। বড় বড় রিটেল সংস্থায় দক্ষ লজিস্টিক্স ম্যানেজারদের দারুণ কদর।

এখানে যে-সব পেশার কথা বললাম, সেগুলি নিয়ে পড়াশোনা করার ব্যবস্থা আছে। পড়া যায় গ্র্যাজুয়েশনের পরেই। এগুলি পেশামুখী কোর্স। যে-পেশাটি পছন্দের, সেটির সহায়ক একটি কোর্স করে নিয়ে পেশার আঙিনায় পা রাখা যায়। নতুন ধরনের আরও অনেক পেশার আবির্ভাব ঘটেছে। সে-সব নিয়ে পড়াশোনার সুযোগও তৈরি হয়েছে। নতুন বিভিন্ন পেশার জন্য অনেক সময়েই প্রয়োজন অনুসারে প্রশিক্ষিত লোক পাওয়া যাচ্ছে না। চাকরি নেই-নেইয়ের আবহে এ এক ভিন্ন চিত্র। যেখানে চাকরি আছে, চাকরির জন্য উপযুক্ত লোকের অভাব।

তাই বলছি, নতুন নতুন পেশা এবং সেই সব পেশার উপযোগী পড়াশোনা, প্রশিক্ষণের ব্যাপারে নিজেকে অবহিত রাখুন। চেষ্টাচরিত্র করে আধুনিক পেশার উপযোগী প্রশিক্ষণ নিতে পারলে কিন্তু চাকরি আছে।

একটা কথা মনে রাখাতে হবে, পেশামুখী পড়াশোনা কিন্তু একটি লক্ষ্যসাধনের উদ্যোগ। শুধু পড়াশোনার জন্যই পড়াশোনা নয়। পড়াশোনার মাধ্যমে আপনি সংশ্লিষ্ট পেশার প্রকৃতিটিকে চিনছেন, জানছেন। এখানে ফাঁকি থাকলে চলবে না। শিক্ষাগত জ্ঞান, দক্ষতা আপনাকে কাজে প্রয়োগ করে দেখাতে হবে। যদি জোর দিয়ে বলতে পারেন, 'আমি পারব', তাহলে আপনার চাকরির অভাব হবে না।

**নতুন বিভিন্ন পেশার জন্য অনেক সময়েই প্রয়োজন অনুসারে প্রশিক্ষিত লোক পাওয়া যাচ্ছে না। চাকরি নেই নেইয়ের আবহে এ এক ভিন্ন চিত্র। যেখানে চাকরি আছে, চাকরির জন্য উপযুক্ত লোকের অভাব।**

✓ *আমি গণিত অনার্সের ফাইনাল পরীক্ষা দিয়েছি। এবার চাকরি-সহায়ক কোনও কোর্স করে নেওয়ার ইচ্ছা। আমি প্যাকেজিং টেকনোলজি পড়তে চাই। আমি কি কোর্সটি করতে পারব? কোর্সটি পড়ার পরে চাকরির সুযোগ কেমন? কোথায় স্বীকৃত কোর্স পড়ানো হয়?*
*ঋতিকা সেনগুপ্ত, নিউটাউন, কলকাতা।*

☐ গণিতের স্নাতকরা প্যাকেজিং টেকনোলজি পড়তে পারেন। এটি অবশ্যই পেশাদারি কোর্স। ভারত সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনস্থ সংস্থা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিংয়ে (আই আই পি) প্যাকেজিং টেকনোলজির ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়া যায়। ২০১৯-২১ শিক্ষাবর্ষে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। যারা গ্র্যাজুয়েশনের ফাইনাল ইয়ারের পরীক্ষা দিয়েছেন, তারাও ভর্তির জন্য আবেদন করতে পারেন। প্রতিষ্ঠানের মূল কেন্দ্রটি মুম্বইয়ে। শাখা কেন্দ্র রয়েছে কলকাতা, দিল্লি ও হায়দরাবাদে। আপনি আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েশনে অন্তত দ্বিতীয় শ্রেণির নম্বর থাকলে তবেই ভর্তি নেওয়া হবে। প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা হয়। পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ করার পরে চাকরির সম্ভাবনা রয়েছে খাদ্য উৎপাদনকারী সংস্থা, ফার্মাসিউটিক্যাল সংস্থা, বড় প্যাকেজিং সংস্থা, কনজিউমার গুডস উৎপাদন ও বিপণন সংস্থায়। চাকরির সুযোগ আছে প্রোডাকশন ও ম্যানুফ্যাকচারিং সংস্থাগুলিতেও। চাকরির ব্যাপারে প্রতিষ্ঠান থেকেও সহায়তা পাবেন। ভর্তির জন্য আবেদনপত্র জমা দিতে হবে ৭ জুনের মধ্যে। প্রতিষ্ঠানের ঠিকানা: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিং, কলকাতা কেন্দ্র, ব্লক-সি পি-১০, সেক্টর-ফাইভ, সল্টলেক, কলকাতা-৯১। বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.iip-in.com

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

কর্মক্ষেত্র (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

নিখরচায়
চাকরি ও ব্যবসার
উপযোগী ৭ প্রশিক্ষণ
...পৃঃ ১২

কর্মক্ষেত্র
# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

# ক্রীড়াজগতে চাহিদা বাড়ছে দক্ষ পেশাদারের

**খেলোয়াড়দের সুস্থতা ও দক্ষতা বাড়াতে, খেলাধুলার ইভেন্ট আয়োজনে এখন দক্ষ পেশাদারদের ডাক পড়ছে নিয়মিত। আরও কয়েক বছরের মধ্যে এ ক্ষেত্রে পেশাদারদের চাহিদা ও চাকরির সুযোগ প্রভূত পরিমাণে বাড়বে বলেও রিপোর্ট দিয়েছে নামী বাণিজ্য সংগঠন। খেলাধুলায় আগ্রহ থাকলে যেতে পারেন স্পোর্টস সায়েন্স এবং স্পোর্টস ম্যানেজমেন্টের পেশায়। এ-সংক্রান্ত স্নাতকোত্তর কোর্সে ভর্তি নিচ্ছে এ রাজ্যের দুটি প্রতিষ্ঠান। আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** খেলাধুলা এখন আর কোনও ছেলেখেলার বিষয় নয়। ক্রিকেট হোক বা ফুটবল, হকি হোক বা কবাডি— সব খেলারই একটা বাণিজ্যিক দিক রয়েছে। খেলোয়াড়দের নিলামে কোটি-কোটি টাকার লেনদেন হয়। বড় স্পোর্টিং ইভেন্টের সম্প্রচার-স্বত্ব বিক্রি হয় চড়া দামে। দেশের অর্থনীতিতেও তাই এখন খেলাধুলার একটা বড় প্রভাব রয়েছে।

এরই উল্টো পিঠে খেলোয়াড় কিংবা দলগুলিকে নিয়ে তাদের মালিক, অংশীদার, সমর্থক, স্পনসরদের প্রত্যাশার পারদও চড়তে থাকে। এই পরিস্থিতিতে খেলোয়াড়দেরও সুস্থ ও সতেজ থাকতে হয়, যাতে তাঁরা মাঠে তাঁদের সেরা পারফর্ম্যান্সটা দিতে পারেন। যে কোনও প্রতিযোগিতা বা স্পোর্টিং ইভেন্ট শুরু হওয়ার ঢের আগে থেকেই শুরু হয়ে যায় অনুশীলন এবং খেলোয়াড়রাও বস্তুত চলে যান একদল পেশাদারদের হাতে।

এই পেশাদাররা কারা? প্রশিক্ষক ছাড়াও, স্পোর্টস ম্যানেজার, স্পোর্টস মেডিসিন বিশেষজ্ঞ, স্পোর্টস নিউট্রিশনিস্ট, স্পোর্টস সাইকোলজিস্ট, ফিজিও।

দলের মধ্যে যখন এত বিশেষজ্ঞদের ভিড়, তখন বাইরে গোটা প্রতিযোগিতাটিকে সুষ্ঠু ও সফল করে তুলতেও কিন্তু দিনরাত এক করে পরিশ্রম করেন আর-একদল দক্ষ মানুষ। এঁরা স্পোর্টস ম্যানেজমেন্ট পার্সোনেল, স্পোর্টস ল এক্সপার্ট, ইভেন্ট ম্যানেজার, ব্রডকাস্টিং ও মিডিয়া এক্সপার্ট প্রমুখ।

ফেডারেশন অব ইন্ডিয়ান চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ফিকি) করা একটি সার্ভেতে দেখা যাচ্ছে, ২০২২ সালের মধ্যে খেলার জগতে বিপুল চাহিদা দেখা দেবে এইসব পেশাদারদের।

এই মুহূর্তে স্পোর্টস সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং স্পোর্টস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যথাক্রমে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট (আই আই এস ডব্লু বি এম)। উভয় প্রতিষ্ঠানেই ভর্তির আবেদনগ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে।

## কোথায় পড়বেন

● **রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট**

পড়ানো হবে স্পোর্টস সায়েন্সের এম এসসি কোর্স। ভর্তি নেবে প্রতিষ্ঠানের স্পোর্টস সায়েন্স অ্যান্ড যোগা বিভাগ। পড়ানো হবে প্রতিষ্ঠানের বেলুড় ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২ বছর। ক্লাস শুরু জুলাইয়ে। ছেলে-মেয়ে উভয়েই আবেদন করতে পারেন।

**কারা পড়বেন—** অনার্স-সহ বি এসসি বা যে-কোনও শাখায় বি ই বা বি টেক ডিগ্রিধারীরা আবেদন করবেন। এম বি বি এস ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই স্নাতকস্তরে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ১-৭-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

কোর্স ফি: ৪৮,০৫০ টাকা। এর মধ্যে ফেরতযোগ্য কশান মানি ৩,০০০ টাকা। ফি দিতে হবে সেমেস্টারপিছু। হস্টেলে থেকে পড়াশোনার সুযোগ রয়েছে। হস্টেল ফি অতিরিক্ত।

**কী পড়বেন—** স্পোর্টস সায়েন্সের এই কোর্সে পড়ানো হয় স্পোর্টস অ্যান্ড এক্সারসাইজেস ফিজিওলজি, বায়োমেকানিক্স, অ্যাপ্লায়েড ফিজিওলজি। রামকৃষ্ণ মিশনের স্পোর্টস সায়েন্স অ্যান্ড যোগা বিভাগের প্রধান ডঃ আশিসকুমার গোস্বামী কর্মক্ষেত্র-কে জানালেন, কোনও খেলোয়াড় নিজেকে যখন প্রস্তুত করেন তখন প্রয়োজন হয় ফিজিওলজিক্যাল ও মেডিক্যাল সাপোর্টের। এছাড়াও গুরুত্বপূর্ণ ভূমিকা নেয় সঠিক ডায়েট ও নিউট্রিশন। এই সব কিছুর বিষয়ে সার্বিক ধারণা দেওয়া হয় এই কোর্সে।

এর পাশাপাশিই পড়ানো হয় স্পোর্টস সাইকোলজি, স্পোর্টস মেডিসিন, স্পোর্টস ইঞ্জিনিয়ারিং ও স্পোর্টস ম্যানেজমেন্ট বিষয়ে। কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের পাঠানো হয় বাধ্যতামূলক সামার ইন্টার্নশিপে। এছাড়া বছরভরই নানান প্রশিক্ষণ দেওয়া হয় তাদের।

**প্রার্থী নির্বাচন পদ্ধতি—** একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত

এরপর চোদ্দোর পাতায়

# পেশাদারি প্রশিক্ষণ নিয়ে পা রাখুন কাজের জগতে

**রিটেল, ইলেক্ট্রিক্যাল ও মোবাইল টেকনিশিয়ান— তিন ট্রেডে পেশাদারি প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারে সংস্থার পক্ষ থেকে সহায়তা করা হবে। কোর্স শুরু ২৮ মে।**




**নিজস্ব প্রতিনিধি:** পেশাদারি দক্ষতা থাকলে কাজও আছে। হাতে-কলমে কাজের উপযোগী দক্ষতা বৃদ্ধির উপর বিশেষ জোর দিয়েছে ভারত সরকার। কর্মপ্রার্থী তরুণ-তরুণীদের পেশাদারি দক্ষতা বৃদ্ধির প্রকল্প পরিচালনার জন্য তৈরি হয়েছে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন। স্বল্পশিক্ষিতরাও কর্মমুখী প্রশিক্ষণ নিয়ে নিজেদের দক্ষ পেশাদারে পরিণত করে নিতে পারেন। কাজের বাজারে দক্ষ লোকের চাহিদা সব সময়ই আছে।

অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের দক্ষতা বৃদ্ধি-সংক্রান্ত প্রকল্পের আওতায় তিনটি ট্রেডে বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হবে। ট্রেডগুলি হল: রিটেল, ইলেক্ট্রিক্যাল এবং মোবাইল ফোন রিপেয়ারিং।

এ দেশের রিটেল সেক্টরে আগামী দিনগুলিতে কয়েক লক্ষ পেশাদারের দরকার হবে। বড় বড় শপিং মল, মাল্টিপ্লেক্সে কাজের ধরনধারণ জানা তরুণ-তরুণীদেরই চাকরি হবে এক্ষেত্রে।

ইলেক্ট্রিক্যাল ট্রেডে দক্ষ লোকের কাজের অভাব নেই। বহুতল বাড়ি, অফিস, শপিং কমপ্লেক্স দক্ষ ইলেক্ট্রিশিয়ানদের হাতের কাজের ছোঁয়া ছাড়া আলোকিত হয়ে ওঠে না,

এরপর চোদ্দোর পাতায়





অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই
নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই
যে কোনও চাকরির
পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

# ফিজিওথেরাপি ও অকুপেশনাল থেরাপির পড়াশোনা

**মনোবল ও কর্মক্ষমতা বাড়িয়ে শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতাসম্পন্ন রোগীদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে খুবই কার্যকরী ফিজিওথেরাপি ও অকুপেশনাল থেরাপি। চিকিৎসাশাস্ত্রের এই দুই শাখায় পড়াশোনা করা যায় উচ্চমাধ্যমিকের পরই। স্নাতক কোর্সে ভর্তি চলছে কেন্দ্রের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের স্বীকৃতিপ্রাপ্ত বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে।**



**নিজস্ব প্রতিনিধি:** দুর্ঘটনা বা বয়সজনিত কারণে শরীরের হারিয়ে ফেলা কর্মক্ষমতা ফিরিয়ে আনার চেষ্টা করা হয় ফিজিওথেরাপির মাধ্যমে। কোনও ওষুধ নয়, এক্ষেত্রে ব্যবহার করা হয় অত্যাধুনিক যন্ত্রপাতি এবং শারীরিক অনুশীলন। আর দীর্ঘমেয়াদি শারীরিক ও মানসিক অসুখের জন্য আত্মবিশ্বাস হারিয়ে ফেলেছেন যেসব মানুষ তাঁদের দৈনন্দিন কাজকর্মে ফেরানোর কাজটাই করেন অকুপেশনাল থেরাপিস্টরা। অর্থাৎ ফিজিওথেরাপিস্টের কাজ রোগীর কোনও নির্দিষ্ট বিকল অঙ্গকে সচল করা, অকুপেশনাল থেরাপিস্ট দেখেন রোগী যাতে সামগ্রিক ভাবে তাঁর প্রতিবন্ধকতার কথা ভুলে গিয়ে জীবনের মূল স্রোতে ফিরতে পারেন। দুটি পেশাই প্রকৃত অর্থে অ্যালায়েড হেলথ প্রফেশন, যেখানে মূল চিকিৎসার পাশাপাশি প্রয়োজন অনুযায়ী এই ধরনের সহায়ক চিকিৎসাও চালানো হয়।

দুই ক্ষেত্রের দক্ষ পেশাদারদেরই যথেষ্ট গুরুত্ব ও চাহিদা রয়েছে বর্তমান চিকিৎসাপদ্ধতিতে।

ফিজিওথেরাপি এবং অকুপেশনাল থেরাপির স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিজেবিলিটিস-সহ একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান। আবেদন করতে পারেন এখনই।

## কোথায় পড়বেন

**ব্যাচেলর অব ফিজিওথেরাপি এবং ব্যাচেলর অব অকুপেশনাল থেরাপি পড়ানো হয় এই সব প্রতিষ্ঠানে—**

- ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিজেবিলিটিস, কলকাতা
- স্বামী বিবেকানন্দ ন্যাশনাল ইনস্টিটিউট অব রিহ্যাবিলিটেশন ট্রেনিং অ্যান্ড রিসার্চ, কটক
- ন্যাশনাল ইনস্টিটিউট ফর এমপাওয়ারমেন্ট অব পারসনস উইথ মাল্টিপল ডিজেবিলিটিস, চেন্নাই।

তিনটি প্রতিষ্ঠানই কেন্দ্রের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীনস্থ। প্রার্থী বাছাই করা হবে একটি জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। উভয় কোর্সেরই মেয়াদ সাড়ে চার বছর।

আসনসংখ্যা: ফিজিওথেরাপি: কলকাতা ৫২টি, কটক ৬২টি, চেন্নাই ১৫টি। অকুপেশনাল থেরাপি: কলকাতা ৫১টি, কটক ৬২টি, চেন্নাই ১৫টি। কোর্স ফি: বছরপ্রতি ৪৪,০০০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত।

**কারা পড়বেন—** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা নম্বরের ক্ষেত্রে নিয়মানুসারে ছাড় পাবেন।

বয়স: জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯৯ থেকে ৩১-১২-২০০২-এর মধ্যে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীদের ৬ মাসের কম্পালসরি ইন্টার্নশিপে পাঠানো হয় বিভিন্ন স্বাস্থ্য ও শিক্ষাপ্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবী সংস্থায়। ইন্টার্নশিপ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড দেওয়া হয়।

**প্রার্থী বাছাই পদ্ধতি—** প্রার্থী বাছাই করা হয় একটি জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। এ বছরের পরীক্ষা ৯ জুন (রবিবার), সকাল ১১টা থেকে দুপুর ১টা। পরীক্ষায় থাকবে ১০০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। পার্ট এ-তে প্রশ্ন হবে জেনারেল এবিলিটি ও জেনারেল নলেজ (১০ নম্বর) বিষয়ে। পার্ট বি-তে থাকবে ফিজিক্স (৩০ নম্বর), কেমিস্ট্রি (৩০ নম্বর) এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি (৩০ নম্বর) বিষয়ক প্রশ্ন। ইংরেজিতে প্রশ্ন হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সেন্টার কোড ১২) এবং শিলিগুড়ি (সেন্টার কোড ২৩)। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৭ মে থেকে ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: www.niohkol.nic.in

**কীভাবে আবেদন করবেন—** অনলাইন অথবা অফলাইনে আবেদন করতে পারবেন।অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.niohkol.nic.in অনলাইন আবেদনের শেষ তারিখ ২৪ মে (বিকেল ৫টা পর্যন্ত)। অনলাইন আবেদনের সময় আপলোড করবেন এইসব নথিপত্রের স্ক্যান করা কপি—

✓১ এপ্রিলের পর তোলা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (সাদা ব্যাকগ্রাউন্ডে, ৩০ কেবি সাইজের মধ্যে)
✓কালো কালিতে করা নিজের সই এবং অভিভাবকের সই (প্রতিটি ১০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০০ টাকা)। ফি দেবেন অনলাইনে, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কালেক্টের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। সযত্নে নিজের কাছে রাখবেন।

অফলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.niohkol.nic.in পূরণ করা আবেদনপত্রের এক কপি ফটোকপি করিয়ে রাখবেন। অফলাইনে ফি দেবেন ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'Director, National Institute for Orthopaedically Handicapped (NIOH)'-এর অনুকূলে, কলকাতায় প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফটের পিছনে প্রার্থীর নাম এবং মোবাইল নম্বর লিখে দেবেন। পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন—
✓ডিমান্ড ড্রাফটের নথি ✓১ এপ্রিলের পর তোলা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো (সাদা ব্যাকগ্রাউন্ডে)। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।

পূরণ করা আবেদনপত্র রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, CET-2019, C/O Director, National Institute for Locomotor Disabilities (NILD), B.T. Road, Bonhooghly, Kolkata-700 090 (WEST BENGAL). আবেদনপত্র সরাসরি প্রতিষ্ঠানে গিয়েও জমা দিয়ে আসতে পারেন। আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ২৪ মে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**ব্যাচেলর অব ফিজিওথেরাপি এবং ব্যাচেলর অব অকুপেশনাল থেরাপি পড়ানো হয় দিল্লির এই প্রতিষ্ঠানেও—**

- পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ন্যাশনাল ইনস্টিটিউট ফর পার্সনস উইথ ফিজিক্যাল ডিজেবিলিটিস (দিব্যাংজন)

প্রতিষ্ঠানটি কেন্দ্রের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত প্রতিষ্ঠান। কোর্স দুটি দিল্লি বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত। দুটি কোর্সের ক্ষেত্রেই ৫৯টি করে আসন রয়েছে। কোর্স ফি বছরপ্রতি ৪২,১০০ টাকা। ছাত্রীদের জন্য হস্টেলের সুবিধা রয়েছে। হস্টেল ফি অতিরিক্ত।

**কারা পড়বেন—** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংরেজি নিয়ে উচ্চমাধ্যমিক। যাঁরা ২০১৬ সালের আগে উচ্চমাধ্যমিক পাশ করেছেন এবং তিন বছর বা তার বেশি সময় ধরে নিয়মিতভাবে পড়াশোনার সঙ্গে যুক্ত নন, তাঁরা আবেদন করবেন না।

বয়স: ৩১-১২-২০১৯ তারিখে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি—** প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৬ জুন, সকাল ১০টা থেকে দুপুর ১টা, দিল্লিতে। পরীক্ষায় থাকবে অবজেক্টিভ ধরনের মোট ২০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, জেনারেল নলেজ এবং ইংরেজি বিষয়ে প্রশ্ন আসবে। ১ জুন থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: www.iphnewdelhi.in

**কীভাবে আবেদন করবেন—** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iphnewdelhi.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৮ মে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে দিতে হবে ১,২০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং আবেদনপত্র সাবমিটের পর সিস্টেম জেনারেটেড অ্যাকনলেজমেন্ট স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## উচ্চশিক্ষার সুযোগ

দুটি বিষয় নিয়েই স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়া যায়। ফিজিওথেরাপির ক্ষেত্রে স্নাতকোত্তরে স্পেশ্যালাইজেশন করা যায় রিহ্যাবিলিটেশন, নিউরোলজি, পেডিয়াট্রিক্স, স্পোর্টস, ইলেক্ট্রোথেরাপি ও অন্যান্য বিষয়ে। অকুপেশনাল থেরাপির ক্ষেত্রে স্পেশ্যালাইজেশনের সুযোগ রয়েছে ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিস অ্যান্ড নিউরোলজি, সাইকিয়াট্রি-সহ নানা বিষয়ে।

## কাজের সুযোগ

ফিজিওথেরাপিস্ট এবং অকুপেশনাল থেরাপিস্টদের কাজের সুযোগ রয়েছে বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্র, সরকারি স্বাস্থ্যপ্রকল্প, সাইকিয়াট্রিক ক্লিনিক, জেরিয়াট্রিক কেয়ার সেন্টার, স্পোর্টস ইন্ডাস্ট্রিতে। রয়েছে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যাপনার সুযোগও। এছাড়া বিভিন্ন শিল্প ও শিক্ষাপ্রতিষ্ঠানে কনসালট্যান্ট, ক্লিনিক্যাল প্র্যাক্টিশনার বা অ্যাডভাইসার হিসেবেও স্বাধীনভাবে কাজ করা যায়। বিশেষভাবে সক্ষম শিশুদের স্কুলে, নেশা-মুক্তি কেন্দ্রে, সাইকিয়াট্রি ক্লিনিক এবং চাইল্ড ডেভেলপমেন্ট সেন্টারেও চাকরি পান অকুপেশনাল থেরাপিস্টরা। উপরোক্ত ক্ষেত্রগুলি ছাড়াও বিভিন্ন তথ্যপ্রযুক্তি সংস্থাতেও কাজের সুযোগ রয়েছে।


জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।





কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র www.ekarmakshetra.com

# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

এপ্রিল মাসের প্রতিযোগিতায় বিজয়ী কান্দন মাহাতো ও অনুপ কাঁড়ার

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি এম এন মাইতি



## আখ চাষ

কান্দন মাহাতো, কালিয়াবাসা-হুড়া, পুরুলিয়া

বিচারক: দশ বছর ধরে আখ চাষের সঙ্গে যুক্ত। এই প্রবীণ ব্যক্তির উৎসাহ প্রশংসাযোগ্য। চাষের পদ্ধতি বিস্তারিত ও সুন্দরভাবে লিখেছেন। লাভের হিসেবটিও যুক্তিসম্মত। যাঁরা আখ চাষ করতে চান, তাঁদের এই প্রকল্পটি প্রাথমিকভাবে সাহায্য করবে।



আখ একবছর রোপণ করলে দ্বিতীয় বছর আর রোপণ করতে হয় না। ওই আখগাছের গোড়ালি থেকে ফসল ফলানো যায়। এই চাষ করে খুব কম খরচে, কম সেচে (মাত্র ২-৩ বার), কম পরিশ্রমে খুব বেশি লাভবান হওয়া যায়।

আমি অনেকদিন ধরে 'কর্মক্ষেত্র' পত্রিকার একজন নিয়মিত পাঠক। 'কর্মক্ষেত্র' পত্রিকা বেকার যুবক-যুবতীদের স্বনির্ভরতার পথ দেখায়। আমি একশো দিনের কাজের সঙ্গেও যুক্ত। এক্ষেত্রে আমি আমার ১০ বছরের আখ চাষের অভিজ্ঞতার কথা তুলে ধরছি। আশা করছি আমার অভিজ্ঞতা থেকে 'কর্মক্ষেত্র'-র পাঠকরা উপকৃত হবেন।

### এই চাষ বেছে নেওয়ার কারণ

আখ একবছর রোপণ করলে দ্বিতীয় বছর আর রোপণ করতে হয় না। ওই আখগাছের গোড়ালি থেকে ফসল ফলানো যায়। এই চাষ করে খুব কম খরচে, কম সেচে (মাত্র ২-৩ বার), কম পরিশ্রমে খুব বেশি লাভবান হওয়া যায়।

### কীভাবে এগোব

আমার বর্তমান বয়স ৬১ বছর। অধিক বয়সের জন্যই ভেবেছিলাম এই বছরই শেষবার আখ চাষ করব। কিন্তু আমার দুই ছেলের সহযোগিতায় ফের নতুন ভাবে নতুন জমিতে আখ চাষের উদ্যোগ নিয়ে ফেলেছি।

### চাষের সময়কাল

আখের বিভিন্ন প্রজাতি আছে। যেমন, কুড়ি আখ, কাজালি আখ ইত্যাদি। বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসে বীজ রোপণ করলে ফসল ফলবে পৌষের সংক্রান্তিতে।

### চাষের উপকরণ

জমি ও জলাশয় ছাড়াও যা প্রয়োজন তা হল: • আখের ডগা ১ কাহন • উইপোকা রোধের জন্য হান্টার ফিফটি (৫০) • ফেরাডল (গাছের রোগ রোধের জন্য) • ডি এ পি/১০.২৬.২৬ সার) • পুরনো শুকনো গোবর • টাটা ট্রাসকো খইল (জৈব সার) • মই • লাঙল • কোদাল • গাঁইতি (ছোট ও বড়)।

### আয়-ব্যয় ও লাভের হিসাব

**প্রাথমিক মূলধন**

| | | |
|---|---|---|
| • জমিকর্ষণ | ১,৫০০ | টাকা |
| • গাড়ি ভাড়া | ১,৪০০ | " |
| • শ্রমিক | ২,০০০ | " |
| • কোদাল (১টি) | ১৩০ | " |
| • কাস্তে (২টি) | ৮০ | " |
| • গাঁইতি (১টি) | ২৫০ | " |
| মোট | ৫,৩৬০ | টাকা |

**কার্যকরী মূলধন**

| | | |
|---|---|---|
| • আখের ডগা (১ কাহন) | ৪,২০০ | টাকা |
| • ডি এ পি সার (১০ কেজি) | ২৭০ | " |
| • ১০.২৬.২৬ সার (১০ কেজি) | ২৬০ | " |
| • হান্টার ফিফটি (১০ প্যাকেট) | ২৫০ | " |
| • ট্রাসকো খইল (২০ কেজি) | ২৪০ | " |
| • ফেরাডল (৫ কেজি) | ৪৫০ | " |
| • পুরনো শুকনো গোবর (নিজস্ব) | | |
| মোট | ৫,৬৭০ | টাকা |

মোট খরচ (প্রাথমিক মূলধন + কার্যকরী মূলধন)
(৫,৩৬০ + ৫,৬৭০) = ১১,০৩০ টাকা।

### চাষের পদ্ধতি

প্রথমে জমিকে ৩-৪ বার কর্ষণ করে লেভেল করে নিতে হবে। এরপর লেভেল করা জমির উপর ২০ কিলোগ্রাম টাটা ট্রাসকো খইল, ১ এসি ভ্যান পুরনো শুকনো গোবর, ১০ কিলোগ্রাম ডি এ পি সার, ১০ কিলোগ্রাম ১০.২৬.২৬ সার, ৫ কিলোগ্রাম ফেরাডল ও ১০ প্যাকেট হান্টার ফিফটি মিশিয়ে জমির উপর ছড়িয়ে দিয়ে পুনরায় সমান করে নিতে হবে। তার আগে আখের ডগা কিনে এনে খোলা ছাড়িয়ে ২-৩টি গাঁট বরাবর সেগুলোকে টুকরো টুকরো করে কাটতে হবে। ওই টুকরোগুলোকে বান্ডিল করে গোবরজলে ২-৫ মিনিট ডুবিয়ে রাখতে হবে। তারপর তুলে নিয়ে গিয়ে ভিজে খড়ের গাদায় ভাপতে দিতে হবে। ৫-১০ দিন পর গাঁটের মধ্যে ফোড় দেখা যাবে। তারপর ওই লেভেল জমির উপর বড় গাঁইতি দিয়ে লম্বা বরাবর চিরে নিয়ে হান্টার ফিফটি পাউডার ছড়িয়ে দিয়ে ওই ফোড় বের করা আখ ২০-২৫ সেন্টিমিটার অন্তর অন্তর বসিয়ে দিয়ে ভেলি বেঁধে দিতে হবে। ১-২ দিন পর ওই ভেলিগুলোকে সেচ দিয়ে ভর্তি করে দিতে হবে। কিছুদিন পর ভেলির উপর মাটির ফাটল দেখা দিলে হালকা ভাবে ছোট গাঁইতি দিয়ে খুঁড়ে দিতে হবে যাতে আখের ফোড় বের হতে পারে। আখের গাছ যখন ৫-৬ ফুট লম্বা হবে, তখন ৪-৫টি আখ একসঙ্গে আখের পাতা দিয়ে বেঁধে দিতে হবে। কারণ আখগাছ যখন বেশি লম্বা হতে থাকে তখন সেটি হাওয়ায় পড়ে যাওয়ার সম্ভাবনা থাকে। যদি কোনও কারণে আখগাছ পড়ে যায় তাহলে তা বেঁকে যাবে। আর, এই বেঁকে যাওয়ার কারণে আখের ডাড়ির দাম কমে যায়। আখগাছের গোড়ায় বেশি করে মাটি দেওয়া দরকার। আখের রস হতে মোটামুটি ৮ মাস সময় লাগে। তখন আখ কেটে কাস্তে দিয়ে পরিষ্কার করে নিয়ে বিভিন্ন মেলাপ্রাঙ্গণে বিক্রি করতে হবে। অথবা যাঁরা মেশিনে আখের রস বিক্রি করেন তাদের সঙ্গে যোগাযোগ করে আখ বিক্রি করা যায়। আবার নিজে গুড় তৈরি করেও বিক্রি করা যায়।

### লাভের হিসাব

আমার ৩২ ডেসিমাল জমিতে ৩,৩০০ আখডাড়ি পাওয়া গিয়েছে। সেই আখডাড়ি আমি তিনভাগে ভাগ করেছি। মোটা আখডাড়ি ১৫ টাকা, মাঝারি আখডাড়ি ১০ টাকা ও সরু আখডাড়ি ৫ টাকা বিক্রি করেছি। যদি আমি গড় ১০ টাকা করে ধরি তাহলে ৩,৩০০ আখডাড়ির দাম হবে ৩,৩০০ × ১০ টাকা = ৩৩,০০০ টাকা।

প্রথম লাভ ৩৩,০০০ - ১১,০৩০ টাকা = ২১,৯৭০ টাকা। দ্বিতীয় বছর ওই আখের গোড়ালি থেকে পুনরায় গাছ হবে। দ্বিতীয় বছর মোটামুটি ১৭,০০০ টাকা লাভ হবে। তাহলে মোট দু'বছরে লাভ: ২১,৯৭০ + ১৭,০০০ টাকা = ৩৮,৯৭০ টাকা।

যদি কোনও পাঠক আখ চাষ করতে ইচ্ছুক হন, তাহলে আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৭৩৩৫-৯৪৯১৮ (সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত)।



## বাণিজ্যিক ছাগল পালন

অনুপ কাঁড়ার, মালিয়া-হরিপাল, হুগলি

বিচারক: 'কর্মক্ষেত্র' পড়ে উৎসাহিত হয়ে বাণিজ্যিক ভাবে ছাগল চাষ করতে চাইছেন। বেশ কিছু প্রয়োজনীয় তথ্য প্রকল্পটিতে আছে। ছাগল চাষের ব্যাপারে একটা ট্রেনিং নিলে ভালো হত।

গত তিন বছর আমি 'কর্মক্ষেত্র'-র একজন নিয়মিত পাঠক। এই পত্রিকা শুধু নতুন চাকরি বা কাজের-ই সন্ধান দেয় না, সেইসঙ্গে স্বনির্ভর হয়ে ওঠার নানা পথও দেখায়। স্বনির্ভরতার বিষয়ে আমি আমার অভিজ্ঞতার কথা তুলে ধরছি, যা হয়তো অনেক কর্মহীন যুবক-যুবতীর কাজে লাগবে।

### চাষের পদ্ধতি, পরামর্শ

ছাগল পালনের জন্য বেশ কিছু শর্ত রয়েছে। যথা— • ছাগ ও ছাগি, উভয় ছাগলের জাত একই হওয়া উচিত • ছাগির বয়স হওয়া উচিত ১০-১২ মাস এবং গড় দৈহিক ওজন ১০-১২ কেজি • ছাগের বয়স হওয়া উচিত ১২-১৪ মাস এবং দৈহিক ওজন ১২-১৪ কেজি • প্রত্যেক ছাগি কমপক্ষে তিনবার বাচ্চা দেবে এবং প্রতিবার কমপক্ষে ২টি করে বাচ্চা দেবে • বাচ্চার অনুপাত ৫০ : ৫০ (পুরুষ ও স্ত্রী) ধরতে হবে • প্রতি দু'বছর অন্তর ছাগ পরিবর্তন করতে হবে • বাচ্চার মৃত্যু ১০% ধরতে হবে।

### প্রাথমিক মূলধন

সবুজ ঘাস চাষের জন্য ২ বিঘা জমি, ১ বিঘা জমির উপর চালা-সহ ঘর।

ছাগলের ঘরের জন্য বিদ্যুৎ (মাসে ২০০ টাকা)

| | | | |
|---|---|---|---|
| ১২ মাসে ১২ × ২০০ | = | ২,৪০০ | টাকা |
| ৫০টি ছাগির মূল্য = ২,০০০ × ৫০ | = | ১,০০,০০০ | " |
| ৫টি ছাগের মূল্য = ৪,২০০ × ৫ | = | ২১,০০০ | " |
| ১ জন শ্রমিক (মাসিক ৩,০০০ টাকা) = ৩,০০০ × ১২ | = | ৩৬,০০০ | " |
| মোট | | ১,৫৯,৪০০ | টাকা |

### কার্যকরী মূলধন

| | | | |
|---|---|---|---|
| ঘাস চাষ বাবদ | = | ২,৪০০ | টাকা |
| ৫৫টি ছাগলের দানা ও বিচালি খাবার (প্রতি ছাগল ৩০০ টাকা) | = | ১৬,৫০০ | " |
| প্রথম বছর উৎপাদিত ৯০টি বাচ্চার খাবার (বাচ্চা প্রতি ২০০) | = | ১৮,০০০ | " |
| বিমা খরচ (১,২১,০০০ এর ৭%) | = | ৮,৪৭০ | " |
| বড় ছাগলের চিকিৎসা খরচ (প্রতি ছাগল ৫০ টাকা) | = | ২,৭৫০ | " |
| ছোট ৯০টি বাচ্চার চিকিৎসা খরচ | = | ২,৭৫০ | " |
| অন্যান্য | = | ২,০০০ | " |
| | = | ৫২,৮৭০ | টাকা |

মোট

| | | |
|---|---|---|
| প্রাথমিক | ১,৫৯,৪০০ | টাকা |
| কার্যকরী | ৫২,৮৭০ | " |
| | ১,০৬,৫৩০ | টাকা |

### প্রকল্প থেকে আনুমানিক লাভ

প্রথমবার ছাগল বাজারজাত করতে ১৬ মাস সময় লাগবে। পরে প্রতি ৭ মাস অন্তর ৯০টি ছাগল বাজারজাত করা যাবে। ২ বছর অন্তর নতুন ছাগল ক্রয় করতে হবে।

প্রথম ১৬ মাস: প্রথম বছরে ৫০ × ২ = ১০০টি ছাগল-বাচ্চা পাওয়া যাবে। ১০% মৃত্যু ধরলে ৯০টি থাকবে। ৯টির মধ্যে ৪৫টি পুরুষ ও ৪৫টি স্ত্রী ছাগল পাওয়া যাবে।

| | | | |
|---|---|---|---|
| ৪৫টি পুরুষ ছাগলের মূল্য হবে: (১২ কেজি × ৩৫০ টাকা হিসেবে) | = | ১,৮৯,০০০ | টাকা |
| ৪৫টি স্ত্রী ছাগলের মূল্য হবে: (১০ কেজি × ২৫০ টাকা হিসেবে) | = | ১,১২,৫০০ | " |
| মোট | = | ৩,০১,৫০০ | টাকা |

অর্থাৎ প্রতি ১৬ মাস অন্তর আনুমানিক গড় আয়:
(৩,০১,৫০০-১,০৬,৫৩০) = ১,৯৪,৯৭০ টাকা
মাসিক লাভ ১,৯৪,৯৭০ ÷ ১৬ = ১২,১৬৮ টাকা (প্রায়)

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জুন-এর প্রতিযোগিতার জন্য মে মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জুন-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

# ফায়ার সেফটি ম্যানেজমেন্ট

**অগ্নিকাণ্ড প্রতিরোধ ও মোকাবিলায় দরকার নিশ্ছিদ্র পরিকল্পনা। ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পেশাদাররাই সেই ব্যবস্থাটি গড়ে তুলতে পারেন। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে ফায়ার সেফটি ম্যানেজমেন্টের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে।**



*১৫ এপ্রিল প্যারিসের নোত্র দাম গির্জার বিধ্বংসী আগুন নেভানোর কাজ চলছে*

**নিজস্ব প্রতিনিধি:** ১৫ এপ্রিল বিধ্বংসী আগুনে ভস্মীভূত হল প্যারিসের বিখ্যাত নোত্র দাম গির্জা। বহু ইতিহাসের সাক্ষী, সাড়ে আটশো বছরের বেশি প্রাচীন এই গির্জার ভেতরে থাকা অমূল্য সব চিত্রকলার সম্ভারও ভস্মীভূত হয়েছে বলে জানা গিয়েছে।

২০১৮-র ১৫ সেপ্টেম্বর মধ্যরাতে একইভাবে পুড়ে যায় বাগরি মার্কেট। কলকাতার অন্যতম বড় পাইকারি বাজারে এই ভয়াবহ অগ্নিকাণ্ডে আর্থিক ক্ষতির পরিমাণও ছিল বিপুল।

## ফায়ার ম্যানেজমেন্ট

কোথাও আগুন লাগলে দ্রুত সেই আগুন নিভিয়ে ফেলে ক্ষয়ক্ষতি ও প্রাণহানি যাতে যথাসম্ভব কমানো যায় তার জন্য রয়েছে প্রশাসনিক ব্যবস্থা ও দমকল। কিন্তু সেসব তো বিপর্যয় মোকাবিলার ব্যাপার। আগুন লাগার মতো বিপর্যয় ঘটলে কিছু ক্ষয়ক্ষতি তো অবশ্যম্ভাবী। ফলে এখন জোর পড়ছে বিপর্যয় যাতে না ঘটে, আগেভাগে সেই ব্যবস্থা গড়ে তোলার উপর। অগ্নিকাণ্ড প্রতিরোধের আগাম ও নিশ্ছিদ্র ব্যবস্থাপনা গড়ে তোলাই ফায়ার ম্যানেজমেন্ট।

বহুতল বাড়ি, ব্যবসাকেন্দ্র, হাসপাতাল-নার্সিং হোম, শপিং মল, শিল্পসংস্থায় অগ্নিকাণ্ড প্রতিরোধের যথাযথ ব্যবস্থা গড়ে তোলা এখন আইনগতভাবেই বাধ্যতামূলক। এক্ষেত্রে আগুন নেভানোর কিছু সরঞ্জাম মজুদ রাখাই সব নয়। একটি বহুতল বা বিজনেস কমপ্লেক্স গড়ে তোলার সময়ই অগ্নিকাণ্ডের সম্ভাবনাকে খতিয়ে দেখে তা প্রতিরোধের জন্য আগাম পরিকল্পনা, বিপর্যয় ঘটে গেলে নিরাপদে ঘটনাস্থল থেকে মানুষজনের বেরিয়ে আসার ব্যবস্থাপনা নিশ্চিত করতে হয়। এর জন্য প্রশিক্ষিত লোকের প্রয়োজন। ফায়ার ম্যানেজমেন্টের পেশাদাররাই এই ব্যবস্থাপনাটি সঠিকভাবে গড়ে তুলতে পারেন। তাই অগ্নিকাণ্ড ঘটে গেলে প্রাণ ও সম্পত্তির ঝুঁকি রয়েছে, এমন সব সংস্থায় ফায়ার ম্যানেজমেন্টের পেশাদারদের ভালো চাহিদা আছে।

## কী জানতে হয়

ফায়ার ম্যানেজাররা অগ্নিকাণ্ড প্রতিরোধের জন্য একটি সুচারু ব্যবস্থাপনা গড়ে তুলবেন। কাজটির

*এরপর চোদ্দোর পাতায়*

## আরও বেশি ছেলেমেয়ের অগ্নি-সুরক্ষার পেশায় আসা দরকার



**ডঃ সর্বাণী মিত্র**
*বিভাগীয় প্রধান, ফায়ার সেফটি ম্যানেজমেন্ট, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট*

তিন মিনিটের মধ্যে ব্যবস্থা না নেওয়া হলে একটি স্ফুলিঙ্গ দাবানলে পরিণত হতে পারে। বহুতল বাড়ি, বড় শপিং মল, হাসপাতাল, পেট্রোকেমিক্যালস, প্লাস্টিক, রাসায়নিক সামগ্রী উৎপাদক সংস্থার মতো হাই রিস্ক এস্টাবলিশমেন্টে অগ্নিকাণ্ড প্রতিরোধের জন্য বিশেষ ব্যবস্থা নিতে হয়। কোথায় কোন ব্যবস্থা কার্যকর সে-সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া এবং ব্যবস্থাটি গড়ে তোলা ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পেশাদারদের কাজ। দক্ষ পেশাদারের চাহিদা রয়েছে দেশজুড়ে। বাস্তব চিত্র হল, চাহিদার তুলনায় দক্ষ পেশাদারদের জোগান কম। আমি বলব, পেশাটি সম্পর্কে সচেতনতারও অভাব রয়েছে। অনেকে মনে করেন এটা আগুন নেভানোর কাজ। আসলে, বিধ্বংসী আগুন যাতে জ্বলে না ওঠে সেটাই নিশ্চিত করার চেষ্টা করেন ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পেশাদাররা।

চাকরির বাজার যথেষ্ট ভালো। কোর্স শেষ করার পর বসে থাকে না কেউ। আমাদের ছেলেমেয়েরা আমরি, বেলভিউ ক্লিনিক, সিদ্ধা রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট, এল অ্যান্ড টি হাইড্রোকার্বন, ফায়ারশিল্ড ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া), টেকনিকোর (ইন্ডিয়া) মতো সংস্থাগুলিতে সুনামের সঙ্গে কাজ করছেন। কনসালটেন্সি ফার্ম খুলে ব্যবসা করার সুযোগও রয়েছে।

আমাদের ষষ্ঠ ব্যাচের দ্বিতীয় সেমেস্টারের পড়াশোনা চলছে। এঁদের প্লেসমেন্টের প্রক্রিয়া শুরু হয়ে গেছে ইতিমধ্যেই।

ফায়ার সেফটি ম্যানেজমেন্ট এমন একটি কোর্স, যেখানে প্র্যাক্টিক্যাল ট্রেনিং অত্যন্ত জরুরি বিষয়। আমাদের ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সরকারের ফায়ার অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেসের প্রশিক্ষণ কেন্দ্রে এবং প্রতিষ্ঠানের ল্যাবরেটরিতে হাতে-কলমে কাজের প্রশিক্ষণ নিয়ে থাকেন।

একটা সুষ্ঠু ব্যবস্থাপনাই বিধ্বংসী অগ্নিকাণ্ড এড়াতে পারে। আমরা সেই ব্যবস্থাপনা তথা ম্যানেজমেন্টের শিক্ষা দিই। এই পেশাদারদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আগুন সীমা মানে না। দ্রুত ছড়িয়ে পড়ে আশপাশে। ক্ষতিগ্রস্ত হন বহু মানুষ, নানাভাবে। প্রাণ রক্ষায়, সম্পত্তি রক্ষায় ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পেশাদারদের সামাজিক ভূমিকাও তাই স্বীকৃত। আরও বেশি ছেলেমেয়ের এ পেশায় আসা দরকার বলে মনে করি।

# নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৭ প্রশিক্ষণ

**নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৭টি ট্রেডে প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টের সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে।**



**নিজস্ব প্রতিনিধি:** কথায় বলে, হাতের কাজের কোনও মার নেই। এটা শুধুই কথার কথা নয়। সরকারি স্তরেও দেশে বৃত্তিমূলক শিক্ষা, প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। হাতের কাজে দক্ষ হলে কাজ আছে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা না থাকলেও হাতে-কলমে কাজের উপযোগী প্রশিক্ষণ নিয়ে নিজেকে কর্মদক্ষ হিসেবে গড়ে তোলার সুযোগ রয়েছে।

আর উচ্চতর শিক্ষাগত যোগ্যতা রয়েছে যাঁদের, তাঁদেরও নিজেদের যতটা সম্ভব ঘষেমেজে কর্মোপযোগী করে তুলতে হবে। যেমন, আজকের দিনে অন্তত কাজ চালানোর মতো কম্পিউটার শিক্ষা থাকতেই হয়। মানুষের যোগাযোগের দক্ষতা নানারকমের চাকরির সহায়ক। কর্পোরেট জগতে নানা শিক্ষাগত যোগ্যতার চাকরি আছে। তবে শিক্ষাগত যোগ্যতাই এক্ষেত্রে শেষ কথা নয়। জানতে হবে কর্পোরেট জগতে কাজের উপযোগী আচার-ব্যবহার, জানতে হয় কাজ চালানোর মতো কথ্য ইংরেজি, থাকতে হয় নেতৃত্ব প্রদানের ক্ষমতা।

হাতের কাজই হোক বা তালিম নিয়ে সরকারি বা কর্পোরেট জগতে কাজের উপযোগী করে নিজেকে গড়ে তোলা, প্রশিক্ষণ নিতে পারলে কাজটা সহজ হয়ে যায়।

## প্রশিক্ষণের ব্যবস্থা

নিখরচায় ৭টি ট্রেডে প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। এটি বাগবাজার রামকৃষ্ণ মঠের একটি শাখা। পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টের (উৎকর্ষ বাংলা) সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে। পঞ্চম শ্রেণি থেকে স্নাতক যোগ্যতার তরুণ-তরুণীরা ট্রেড অনুসারে প্রশিক্ষণ নিতে পারেন। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগে না। প্রশিক্ষণ শেষে ট্রাভেলিং অ্যালাওয়েন্স পাওয়ার সুযোগ আছে।

## প্রশিক্ষণের বিষয়, শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণের মেয়াদ

(১) **ফিল্ড টেকনিশিয়ান (এসি):** এই প্রশিক্ষণে এসি ইনস্টলেশন, রিপেয়ারিং ও সার্ভিসিং শেখানো হয়। শিক্ষাগত যোগ্যতা অন্তত মাধ্যমিক। মোট ৩০০ ঘণ্টার প্রশিক্ষণ।

(২) **সোয়িং মেশিন অপারেটর:** পুরুষ ও মহিলাদের পোশাক তৈরির জন্য আধুনিক বিভিন্ন সেলাই মেশিন চালানোর প্রশিক্ষণ এটি। অন্তত ক্লাস ফাইভ পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। মোট ২৭০ ঘণ্টার প্রশিক্ষণ।

(৩) **জুট প্রোডাক্ট স্টিচিং অপারেটর:** হাতে ও মেশিন ব্যবহার করে পাটজাত বিভিন্ন সামগ্রী তৈরির প্রশিক্ষণ এটি। অন্তত ক্লাস ফাইভ পাশ হলেই প্রশিক্ষণ নেওয়া যায়। প্রশিক্ষণের মেয়াদ ৩০০ ঘণ্টা।

(৪) **ল্যাবরেটরি টেকনিশিয়ান:** প্যাথলজিক্যাল টেস্টের জন্য রক্তের নমুনা সংগ্রহ, সংরক্ষণ ইত্যাদির প্রশিক্ষণ দেওয়া হয়। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। বিজ্ঞান

*এরপর পনেরোর পাতায়*

# এনভায়রনমেন্ট ও ডিজাস্টার ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

**দ্রুত আবহাওয়া পরিবর্তনের জেরে ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ছে সারা পৃথিবী। বিপুল আর্থিক ক্ষতির ফলে ব্যাহত হচ্ছে উন্নয়ন প্রক্রিয়া। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে উদ্যোগ নিচ্ছে বিভিন্ন দেশের সরকার। প্রয়োজনীয় নিয়মনীতি প্রণয়নে প্রাসঙ্গিকতা বাড়ছে এই বিষয়ে দক্ষ পেশাদারদের। এনভায়রনমেন্ট ও ডিজাস্টার ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট।**



**নিজস্ব প্রতিনিধি:** বৈচিত্র্যময় ভৌগোলিক অবস্থানের জন্য ভারত স্বাভাবিকভাবেই প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। ভূমিকম্প, ঝড়, অতিবৃষ্টির কারণে বন্যা কিংবা বৃষ্টিহীনতার জন্য খরা, সুনামি প্রভৃতি কারণে দেশের নানা রাজ্যকে প্রায়ই ক্ষতির সম্মুখীন হতে হয়। নষ্ট হয় জাতীয় সম্পদ, মৃত্যুর মুখে পড়েন অসংখ্য মানুষ। পশ্চিমী বিভিন্ন দেশেও দাবানল কিংবা সাইক্লোনের মতো ঘটনা ঘটে অহরহ।

দুর্যোগের জেরে বড় ধরনের আর্থিক ক্ষতি সামাল দিতে সম্প্রতি ভারতের তরফে ৪৮০ কোটি টাকার তহবিল তৈরির প্রস্তাব দেওয়া হয়েছে বিশ্বের বাকি দেশগুলির কাছে। এর জন্য তৈরি করা হচ্ছে কোয়ালিশন ফর ডিজাস্টার রিসাইলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার (সি ডি আর আই)। ইতিমধ্যেই ব্রিটেন, ইতালি, অস্ট্রেলিয়া, সাউথ আফ্রিকা-সহ পৃথিবীর তেত্রিশটি দেশ ভারতের প্রস্তাবে সম্মতি জানিয়েছে। দুর্যোগপ্রবণ এলাকার মানুষকে যাতে দ্রুত সরানো যায়, সেই জায়গার পরিকাঠামোকে যাতে আরও পোক্ত করা যায়, সে বিষয়ে পন্থা এবং নীতি স্থির করবে সি ডি আর আই। জোর দেওয়া হবে আবহাওয়া সংক্রান্ত গবেষণায়। সরকারি নিয়মনীতি প্রণয়ন ও বাস্তবায়ন এবং গবেষণার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারেন এনভায়রনমেন্ট অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্টের পেশাদাররা।

এনভায়রনমেন্ট অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্টের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের অধীনস্থ সেন্টার ফর ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট। আবেদন করা যাচ্ছে এখনই।

### কারা পড়বেন

অনার্স-সহ বি এসসি অথবা ফিজিক্যাল বা বায়োলজিক্যাল বা বিহেভিওরাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং সায়েন্সেসে বি টেক উত্তীর্ণরা আবেদন করতে পারেন। স্নাতকে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে নম্বরের ছাড় পাবেন। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

ফি সেমেস্টারপিছু ১৫,০০০ টাকা।

### কী পড়বেন

২ বছরের এম এসসি কোর্সে পড়ানো হয় এনভায়রনমেন্ট

এরপর চোদ্দোর পাতায়

স্বনির্ভরতার নানা পথ

# পাট থেকে কাগজ তৈরি শিখে ব্যবসা



**বাংলার সুলভ স্বর্ণতন্তু থেকে তৈরি হতে পারে ভালো মানের কাগজ। অল্প কিছু উপকরণ ব্যবহার করে তৈরি সেই কাগজ দিয়ে তৈরি হতে পারে ক্যালেন্ডার, ডাইরি, রাইটিং প্যাড, শপিং ব্যাগের মতো নানা সামগ্রী। প্রশিক্ষণ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের সংস্থা।**

**নিজস্ব প্রতিনিধি:** সাধারণ কাগজ তৈরি হয় কাঠের মণ্ড থেকে। কিন্তু গাছ কাটার উপর ইদানীং নানা নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে। কাগজ তৈরির উপযোগী বার্চ, পপলার জাতীয় গাছ কাটার উপরও বলবৎ হয়েছে সেই নিষেধাজ্ঞা। ফলে কাগজ তৈরির উপযোগী কাঠের জোগানে টান পড়েছে। নিত্যপ্রয়োজনীয় কাগজের দাম বাড়ছে লাফিয়ে। ওদিকে, কাগজ ছাড়া তো চলা দায়। যতই ডিজিটাল বিপ্লব ঘটুক না কেন, সভ্যতার অগ্রগতির জন্য এখনও কাগজের গুরুত্ব অপরিসীম। তাহলে উপায়? উপায়ের খোঁজ চলছে পৃথিবীজুড়েই।

### বিকল্প হতে পারে পাট

পাটের তন্তু থেকে ভালো মানের কাগজ তৈরি হতে পারে। কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার টেকনোলজি (নিরজাফট) পাট থেকে কাগজ তৈরির প্রযুক্তি নিয়ে দীর্ঘদিন ধরে কাজ করছে।

এবার এই সংস্থা বেকার তরুণ-তরুণীদের পাটতন্তু থেকে কাগজ তৈরির কলাকৌশল শিখিয়ে দেওয়ার উদ্যোগ নিয়েছে। মিক্সার, গ্রাইন্ডার, প্রেসিং মেশিনের মতো কিছু সাধারণ যন্ত্রপাতি ব্যবহারের পাশাপাশি হাতেও অনেকটা কাজ করে নেওয়া যাবে।

### পাটের কাগজ থেকে কী তৈরি হবে

কী-কী তৈরি হতে পারে পাট থেকে তৈরি কাগজ থেকে? নিরজাফট-এর টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট তরুণ কুণ্ডু জানান, অল্প সরঞ্জাম ব্যবহার করে পাটতন্তু থেকে তৈরি এই কাগজ হবে পুরু। এ দিয়ে তৈরি হতে পারে ব্যাগ, ফাইল কভার, রাইটিং প্যাড, পেপার ফোল্ডার, ভিজিটিং কার্ড, ক্যালেন্ডার ইত্যাদি।

### কাজের সুযোগ

নিরজাফট-এ পাটতন্তু থেকে কাগজ তৈরির প্রশিক্ষণ যাঁরা নেবেন, তাঁদের সামনে চাকরি বা ব্যবসার সুযোগ কতটা? তরুণবাবু জানালেন, পাট থেকে কাগজ তৈরির বড় মাপের প্রকল্প তৈরি হবে আগামী দিনে। যাঁরা প্রশিক্ষণ নেবেন তাঁরা বড় প্রকল্পে কাজ করতে পারবেন।

রয়েছে ব্যবসার সুযোগও। সংস্থার সিনিয়র সায়েন্টিস্ট ডঃ বিদ্যাভূষণ শভু জানান, ছোট আকারের একটা ইউনিট তৈরির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, সরঞ্জামের দরদাম জানিয়ে দেওয়া হবে প্রশিক্ষিতদের। একা বা কয়েকজন মিলে ব্যবসা করতে পারেন।

প্রশিক্ষিতরা কেন্দ্রীয় সরকারের সার্টিফিকেট পাবেন। ফলে ব্যবসার জন্য ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুযোগ থাকছে। প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্পের মতো সরকারি ঋণ প্রকল্প থেকেও আর্থিক সহায়তা পাওয়া যায়।

পশ্চিমবঙ্গে উৎপাদিত পাট অত্যন্ত উন্নত মানের। কাঁচামালের সরবরাহ নিয়েও কোনও সমস্যা নেই। —যোগ করলেন তরুণবাবু। তাঁর কথায়, আগামী দিনে পাট থেকে তৈরি কাগজের ভালো চাহিদা হবে বাজারে।

### প্রশিক্ষণের ব্যবস্থা

নিরজাফট ক্যাম্পাসে পাট থেকে কাগজ তৈরির প্রশিক্ষণ আয়োজিত হবে ২৭ থেকে ৩১ মে। শিক্ষাগত যোগ্যতা, বয়সের কড়াকড়ি নেই। পুরুষ-মহিলা নির্বিশেষে প্রশিক্ষণ নিতে পারেন। সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ক্লাস। দিনপ্রতি ৫০ বা ১০০ টাকার বিনিময়ে প্রতিষ্ঠানের হস্টেলে থেকেও প্রশিক্ষণ নেওয়ার ব্যবস্থা রয়েছে। কোর্স ফি ৮০০ টাকা। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

যোগাযোগের ঠিকানা: ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার্স, ১২, রিজেন্ট পার্ক (রানিকুঠি বাসস্টপের কাছে), কলকাতা-৭০০ ০৪০। ফোন: ৯০৬২১-৩২৫২০।


স্বর্ণাক্ষরের সব বই
সাহিত্য সংসদ ও শিশু সাহিত্য সংসদে পাওয়া যায়

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই

গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

হীরু ডাকাত




পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

বরফের বাগান পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ ₹১২০
আমাজনের জঙ্গলে ৭ম মুদ্রণ ₹৭০
লিচুবাগানের চৌকিদার ₹৮০

ছেঁড়াকাঁথার গল্প ২য় সংস্করণ ₹৭৫
গৌর যাযাবর ২য় সংস্করণ ₹১২০
মাতলাগাঙের ভূত ₹৭৫
পাখির খাতা ₹৪০
চোখে দেখা গল্প যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

শাদা ঘোড়া



ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

নতুন ছড়ার বই জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা
সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস ঋষিকুমার



কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

সুভাষ মুখোপাধ্যায়ের বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের ₹১৫ কথামালা: ছড়ায় ঢালা

মহাশ্বেতা দেবীর




তুতুল ৩য় মুদ্রণ ₹ ৬০

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹ ৬০ বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
নেকড়ের চোখ ₹৬০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

প্রাপ্তিস্থান
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮ স্টার মার্ক, লর্ড সিনহা রোড, সিটি সেন্টার, সাউথ সিটি, মনি স্কোয়্যার। স্টোরি, এলগিন রোড, দমদম, দুর্গাপুর। কথাশিল্প, কলেজ স্ট্রিট। দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি।
বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। বাতিঘর ঢাকা, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/০১৯৭৩৩০৪৩৪৪। বাতিঘর সিলেট, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬
অনলাইন কিনতে হলে ই-মেল করুন: swamakshar.books@gmail.com

# ক্রীড়াজগতে চাহিদা বাড়ছে দক্ষ পেশাদারের

*নয়ের পাতার পর*

পরীক্ষা ৯ জুন, দুপুর সাড়ে ১২টা থেকে আড়াইটে পর্যন্ত। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড এবং সংশ্লিষ্ট বিষয়ে। পূর্ণমান ১০০।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১৫ জুন ইন্টারভিউ নেওয়া হবে।

**আবেদনের পদ্ধতি—** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rkmvu.ac.in আবেদনের শেষ তারিখ ৩১ মে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং প্রয়োজনীয় মার্কশিট আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০০ টাকা।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি দিয়ে পাওয়া রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনপত্র সাবমিটের পর লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

• **ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট (আই আই এস ডব্লু বি এম)—** এখানে পড়ানো হয় স্পোর্টস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। কোর্সের মেয়াদ ১ বছর। ক্লাস শুরু জুলাইয়ে।

**কারা পড়বেন—** কলকাতা বিশ্ববিদ্যালয় স্বীকৃত কোনও শিক্ষাপ্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতকরা এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ফাইনাল মার্কশিট ৩১ অক্টোবরের মধ্যে জমা দিতে হবে।

আসনসংখ্যা ৩০টি। নিয়মানুসারে তফসিলি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

কোর্স ফি: ১,৮৫,০০০ টাকা। শিক্ষা ঋণ পেতে প্রতিষ্ঠানের তরফে সহায়তা করা হবে।

**কী পড়বেন—** স্পোর্টস ম্যানেজমেন্ট কোর্সে পড়ানো হয় প্রশাসনিক ও সাংগঠনিক ব্যবস্থাপনা সংক্রান্ত খুঁটিনাটি তথ্য, অপারেশন ম্যানেজমেন্ট, ইভেন্ট অর্গানাইজিং, প্লেয়ার ম্যানেজমেন্ট, মার্কেটিং এবং ইনফ্রাস্ট্রাকচার ম্যানেজমেন্ট। এছাড়াও জোর দেওয়া হয় স্পোর্টস ল বিষয়ে। পাঠ্যসূচির মধ্যে আরও রয়েছে— স্পোর্টস সায়েন্স, স্পোর্টস এন্ট্রেপ্রেনারশিপ, স্পোর্টস সাইকোলজি, স্পোর্টস মেডিসিন, স্পোর্টস ফিজিওলজি, স্পোর্টস থেরাপি, স্পোর্টস জার্নালিজম ইত্যাদি। স্পোর্টস জার্নালিজম বিষয়ের সঙ্গে ব্রডকাস্টিং এবং স্পোর্টস মার্চেন্ডাইজিং সম্পর্কেও পড়ানো হয় ছাত্রছাত্রীদের। কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের পাঠানো হয় দেশের অন্যান্য শহরে, বিভিন্ন স্পোর্টস ও ফিজিক্যাল এডুকেশন সংস্থায় বাধ্যতামূলক ইন্টার্নশিপে।

**প্রার্থী বাছাই পদ্ধতি—** লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। ১০০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে ১৮ জুন, সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ ২০ জুন।

**আবেদনের পদ্ধতি—** আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiswbm.edu অফলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনের ফর্ম ডাউনলোড করতে হবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। এ ছাড়া নগদে ফি জমা দিয়েও আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রিসেপশন কাউন্টার থেকে। প্রতিষ্ঠানের ঠিকানা: ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়ার (ওয়েস্ট), কলকাতা-৭০০ ০৭৩।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ফি জমা দিতে হবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা এন ই এফ টি-র মাধ্যমে। অফলাইনে আবেদন করলে ফি জমা দেবেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে, এই অ্যাকাউন্ট নম্বরে: ৩২৪৯৫৬৫৬৭১০। অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফর্ম জমা দেওয়ার সময় নগদেও ফি জমা দিতে পারেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি দিয়ে পাওয়া রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি পাঠাতে হবে।

সব ক্ষেত্রেই প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৪ জুনের মধ্যে সরাসরি বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে। ঠিকানা— আই আই এস ডব্লু বি এম, ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়্যার (ওয়েস্ট), কলকাতা-৭০০০৭৩।

আবেদনের ফর্ম ডাউনলোড করে থাকলে পূরণ করা আবেদনের ফর্ম ও রিসিপ্ট প্রতিষ্ঠানে জমা দেওয়ার পাশাপাশি স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: admissions@iiswbm.edu

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কোথায় চাকরি

রামকৃষ্ণ মিশনের স্পোর্টস সায়েন্স অ্যান্ড যোগা বিভাগের প্রধান ডঃ আশিসকুমার গোস্বামী জানান, এই ক্ষেত্রের পেশাদারদের চাকরির সুযোগ রয়েছে ফিজিক্যাল এবং স্পোর্টস এডুকেশন সংস্থায়, ফুটবল, টেনিস বা গল্ফ অ্যাকাডেমি, স্পোর্টস অ্যাকাডেমি ও ক্লাবে। রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তরের অধীনে বরো বা ব্লক ইয়ুথ অফিসার, মিউনিসিপ্যাল ইয়ুথ অফিসার পদে চাকরির ক্ষেত্রে অগ্রাধিকার পান স্পোর্টস সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রিধারীরা। শ্রীগোস্বামী আরও জানান, যে-সংস্থায় ছাত্রছাত্রীদের ইন্টার্নশিপে পাঠানো হয় সেই সংস্থাগুলিতেই চাকরির সুযোগ পাওয়া যায়। তবে এখনও এই রাজ্যের তুলনায় অন্যান্য রাজ্যে কাজের সুযোগ বেশি বলেও জানান তিনি।

আই আই এস ডব্লু বি এম-এর তরফে জানানো হয়েছে স্পোর্টস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটি করে প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা কাজের সুযোগ পেয়েছেন অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন, বি সি সি আই, ইন্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন, জি স্পোর্টস, টেন স্পোর্টস, পুমা, টাইগার স্পোর্টস মার্কেটিং-সহ নানা সংস্থায়। খেলাধুলার প্রশিক্ষণ দিয়ে থাকে এমন সরকারি বা বেসরকারি সংস্থায় স্পোর্টস ম্যানেজার, অ্যাডমিনিস্ট্রেটর, মার্কেটিং বা ব্র্যান্ড ম্যানেজার পদেও চাকরি হয়। স্নাতকস্তরে ফিজিক্যাল এডুকেশন পড়ে থাকলে চাকরির সুযোগ আছে পেশাদার কোচ বা ফিজিক্যাল ইনস্ট্রাক্টর পদে। এছাড়া, বিভিন্ন কর্পোরেট সংস্থা খেলাধুলার টুর্নামেন্ট আয়োজন করে থাকে। তার জন্য স্পোর্টস ম্যানেজার বা ইভেন্ট অর্গানাইজারদের নিয়োগ করা হয়।

# পেশাদারি প্রশিক্ষণ নিয়ে পা রাখুন কাজের জগতে

*নয়ের পাতার পর*

পায় না সম্পূর্ণ রূপ। তাঁদের চাহিদা দেশজুড়ে, এমনকী বিদেশেও।

উন্নত প্রযুক্তির দামী মোবাইল ফোন বিগড়োলে সারাই করবে কে? একজন দক্ষ মোবাইল টেকনিশিয়ান ছাড়া সে-কাজ সম্ভব নয়। একজন দক্ষ টেকনিশিয়ান চাকরি করতে পারেন। চাইলে ব্যবসাও করতে পারেন।

অন্তত মাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা এই তিন ট্রেডে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

৩ মাসের কোর্স। যে-কোনও জেলার তরুণ-তরুণীরাই ভর্তির জন্য আবেদন করতে পারেন। সংস্থার তরফে জানানো হয়েছে, স্বল্প খরচে প্রশিক্ষণ দেওয়া হবে, প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারে সহায়তা করা হবে। মূল ট্রেড ছাড়াও প্রশিক্ষণরতদের ব্যক্তিত্বের বিকাশ, কম্পিউটার শিক্ষা এবং কাস্টমার কেয়ার-সংক্রান্ত বিষয়ের উপর জোর দেওয়া হবে।

প্রশিক্ষণ শুরু হবে ২৮ মে থেকে। ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। আগ্রহীরা ভর্তির জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন (সিমেন্ট কারখানার ভেতরে), ধূলাগোড়ি, সাঁকরাইল, হাওড়া।

তথ্যের জন্য সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৭৪৮৪-০৭৯০০, ৯৮৩৬৪-৪৭৫৫২, ৯৮৩৬৫-৫৮৫৬২।

# ফায়ার সেফটি ম্যানেজমেন্ট

*বারোর পাতার পর*

সঙ্গে যুক্ত বহুবিধ খুঁটিনাটি বিষয়। প্রথমত জায়গা ও তার ব্যবহার অনুসারে প্রতিরোধক ব্যবস্থা গড়ে তোলা। অর্থাৎ একটি রাসায়নিক শিল্পে যে-ব্যবস্থা, তেমনটি একটি বহুতল বাড়িতে নয়। একটি শপিং কমপ্লেক্স, যেখানে সারাদিন ধরে বহু মানুষের যাতায়াত সেখানে আর-একরকমের ব্যবস্থা গ্রহণ জরুরি। আবার হাসপাতাল, নার্সিং হোমে, যেখানে অসুস্থরা তড়িঘড়ি নিরাপদ জায়গায় চলে যেতে পারবেন না, সেখানকার ব্যবস্থাটা অন্যরকম হতে হবে। ব্যবস্থা অনুসারে পাল্টে যাবে আগুন নেভানোর সাজ-সরঞ্জামগুলোও। আগুন-প্রতিরোধক ব্যবস্থা-সম্পর্কিত নির্দিষ্ট আইনকানুন রয়েছে। সেইসব বিধিব্যবস্থা সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকার পাশাপাশি বৈদ্যুতিক ব্যবস্থা সম্পর্কে বিশেষভাবে অবহিত হতে হবে। দাহ্য বস্তু মজুদ রাখা হয় এমন জায়গায় কী ধরনের প্রতিরোধ-ব্যবস্থা অবলম্বন করা দরকার সে সম্পর্কেও অত্যন্ত ভালো জ্ঞান থাকা দরকার। ফায়ার ম্যানেজমেন্টের এই অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সটিতে এই সব বিষয়গুলি সম্পর্কেই বিশদে জানা যায় বলে সংস্থার তরফে জানানো হয়েছে।

## পড়াশোনার ব্যবস্থা

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে ফায়ার সেফটি ম্যানেজমেন্টের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স পড়া যায়। ফ্রেশারদের ক্ষেত্রে কোর্সের মেয়াদ এক বছর। চাকরিরতদের জন্য রয়েছে দেড় বছরের সান্ধ্য কোর্সের ব্যবস্থা।

## কারা পড়তে পারেন

পড়তে পারেন যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই। ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির ডিপ্লোমা ও ডিগ্রিধারীরাও কোর্সটি পড়তে পারেন। বিজ্ঞানের গ্র্যাজুয়েট এবং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকেন।

প্রার্থী বাছাই হয় গ্র্যাজুয়েশন বা ডিপ্লোমায় পাওয়া নম্বরের ভিত্তিতে এবং গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

ফি: ১ বছরের ডে কোর্সে দুটি সেমেস্টার। প্রতি সেমেস্টারের ফি ৪০ হাজার টাকা। সঙ্গে লাইব্রেরি কশান ডিপোজিট ও সিকিউরিটি ডিপোজিট ৫ হাজার টাকা।

তিন সেমেস্টারের সান্ধ্য কোর্সে প্রতি সেমেস্টারের ফি ৩০ হাজার টাকা। সঙ্গে লাইব্রেরি কশান ডিপোজিট ও সিকিউরিটি ডিপোজিট ৫ হাজার টাকা।

উভয়ক্ষেত্রেই কোর্স শেষে লাইব্রেরি কশান ডিপোজিট ও সিকিউরিটি ডিপোজিট বাবদ জমা রাখা টাকা ফেরত পাওয়া যাবে।

## কোথায় চাকরি

চাকরির সুযোগ রয়েছে বড় ম্যানুফ্যাকচারিং ও প্রোডাকশন সংস্থায়, পেট্রোলিয়াম রিফাইনারি, পেট্রোকেমিক্যালস, প্লাস্টিক, সার, রাসায়নিক উৎপাদনকারী সংস্থায়, এল পি জি এবং এল এন জি বটলিং প্ল্যান্টে। চাকরির সুযোগ রয়েছে সরকারি ফায়ার সার্ভিসে, বিমা সংস্থায়, বড় হাসপাতাল ও নার্সিং হোমে, বিল্ডিং ডিজাইনিং ও প্রোজেক্ট ম্যানেজমেন্ট বিভাগে।

আবেদনের পদ্ধতি: ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে। ৩০০ টাকার বিনিময়ে ব্রোশিওর-সহ আবেদনের ফর্ম সংগ্রহ করা যাবে প্রতিষ্ঠানের ঠিকানা থেকে। অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiswbm.edu এক্ষেত্রে ডেবিট বা ক্রেডিট কার্ড বা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার পাওয়ার জ্যোতি চালানের মাধ্যমে (পাওয়ার জ্যোতি অ্যাকাউন্ট নম্বর ৩২৪৯৫৬৫৬৭১০) ফি জমা দেওয়া যাবে। আবেদনের শেষ তারিখ ৩০ জুন। খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

তথ্যের জন্য সরাসরি কথা বলতে পারেন বিভাগীয় প্রধান ডঃ সর্বাণী মিত্র-র সঙ্গে এই নম্বরে: ৯৮৭৪৬-৪৬২০৮।

ঠিকানা: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়্যার ওয়েস্ট, কলকাতা-৭০০ ০৭৩। ফোন: ২২৪১-৩৭৫৬, ২২৪১-৮৬৯৪, ৪০২৩-৭৪৭৪।

# এনভায়রনমেন্ট ও ডিজাস্টার ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

*তেরোর পাতার পর*

অ্যান্ড সাস্টেনেবিলিটি, হ্যাজার্ডস অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, এনভায়রন-মেন্টাল টক্সিকোলজি, এনভায়রন-মেন্টাল রেগুলেশন অ্যান্ড স্ট্যান্ডার্ডস বিষয়ে। এছাড়াও পড়তে হয় জিওইনফর্মেটিক্স, হেলথ অ্যান্ড সেফটি ম্যানেজমেন্ট, ওয়েস্ট ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি, এনভায়রনমেন্টাল বায়োটেকনো-লজি। কোর্স চলাকালীনই করতে হয় নানা ধরনের প্রোজেক্ট। কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের হাতেকলমে প্রশিক্ষণের জন্য পাঠানো হতে পারে বিভিন্ন সংস্থায়।

রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের স্কুল অব এনভায়রনমেন্ট অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্টের বিভাগীয় প্রধান ডঃ প্রণবকুমার নাগ কর্মক্ষেত্র-কে জানালেন, সরকারি নিয়মনীতি প্রণয়ন, বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট গবেষণার ক্ষেত্রে চাহিদা রয়েছে এনভায়রনমেন্ট ও ডিজাস্টার ম্যানেজমেন্টের পেশাদারদের। কাজের সুযোগ রয়েছে পরিবেশ বিষয়ক বিভিন্ন সরকারি প্রোজেক্ট ও গবেষণাকেন্দ্রে। এছাড়া ট্রেনিং স্পেশ্যালিস্ট পদে সরকারি চাকরির সুযোগ রয়েছে রাজ্যের ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড সিভিল ডিফেন্স দপ্তরে।

**প্রার্থী নির্বাচন পদ্ধতি—** প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ১০ জুন, নরেন্দ্রপুরের ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট সেন্টারে, সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ইন্টারভিউ ১১ জুন। কোর্স শুরু হবে জুলাইয়ে।

## কীভাবে আবেদন

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rkmvu.ac.in আবেদনের শেষ তারিখ ৭ জুন। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২৫০ টাকা। ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ড (ভিসা বা মাস্টার) বা ইউ পি আই বা ই-ওয়ালেটের মাধ্যমে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং প্রয়োজনীয় মার্কশিট আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। ফর্ম সাবমিটের পর অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে।

অফলাইনেও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে আবেদনের ফর্ম ডাউনলোড করতে হবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি বাবদ দিতে হবে ৩০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'RKM Vivekananda University, Narendrapur'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:**

✓ডিমান্ড ড্রাফট ✓প্রার্থীর ১ কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন এবং ফটোর ওপর আড়াআড়িভাবে সই করে দেবেন ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে) ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র-ভরা খামের উপর কোর্সের নাম লিখে দেবেন। আবেদনপত্র ৭ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: IRDM Faculty Centre, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute, Ramakrishna Mission Ashrama, Narendrapur, Kolkata-700 103.

নগদ ২৫০ টাকার বিনিময়ে আবেদনপত্র যে-কোনও কাজের দিন সরাসরি সংগ্রহ করতে পারেন প্রতিষ্ঠান থেকেও।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# লিলুয়া ডন বস্কো টেকনিকাল স্কুলে বিভিন্ন কর্মমুখী কোর্স

**মেশিনিস্ট, টার্নার, ফিটার, ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন, সি এন সি-র বিভিন্ন স্বল্প ও দীর্ঘকালীন কোর্স করে হাতে-কলমে কাজ শেখার সুযোগ। ভর্তি চলছে।**



নিজস্ব প্রতিনিধি: কর্মমুখী ট্রেনিং কোর্সে ভর্তি নিচ্ছে লিলুয়ার ডন বস্কো টেকনিকাল স্কুল। এই প্রতিষ্ঠানে ফর্ম্যাল এবং নন-ফর্ম্যাল— দু'ধরনের কোর্স পড়ানো হয়। ফর্ম্যাল কোর্সে বছরের নির্দিষ্ট সময়ে ভর্তি নেওয়া হয়, নন-ফর্ম্যাল কোসগুলিতে সারাবছরই ভর্তির সুযোগ আছে। ছেলেমেয়েদের চাকরির উপযুক্ত করে গড়ে তোলার লক্ষ্যে হাতে-কলমে শিক্ষা দেওয়া হয়।

### আই টি আই কোর্স (মেশিনিস্ট, টার্নার, ফিটার)

এই কোর্সটি ভারত সরকারের ন্যাশনাল কাউন্সিল অব ভোকেশনাল ট্রেনিং দ্বারা স্বীকৃত। ২ বছরের কোর্স। ইংরেজি, অঙ্ক এবং বিজ্ঞান নিয়ে মাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করা যাবে। আবেদনকারীর বয়স ১৬ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে।

ভর্তি নেওয়া হয় একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। মাধ্যমিক স্তরের ইংরেজি, অঙ্ক এবং বিজ্ঞান বিষয়ে প্রশ্ন থাকে। মোট ১০০ নম্বরের পরীক্ষা। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের ইন্টারভিউ নেওয়া হয়। এই কোর্সের জন্য শুধুমাত্র ছেলেরাই আবেদন করবেন।

আই টি আই কোর্স করার পর এক বছরের ডিপ্লোমা কোর্স করার সুযোগ থাকে। এই ডিপ্লোমা কোর্সের শংসাপত্র দেয় ডন বস্কো স্কুল।

### ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন

এটি ২ মাসের নন-ফর্মাল কোর্স। অষ্টম শ্রেণি পাশ করে থাকলে আবেদন করা যাবে। বয়স ১৮ থেকে ২৫ বছরের মধ্যে থাকতে হবে। শুধুমাত্র ছেলেরাই আবেদন করতে পারবেন।

### অ্যাডভান্স সি এন সি ট্রেনিং এবং সি এন সি প্রোগ্রামিং অ্যান্ড অ্যাপ্লিকেশন কোর্স

৩ মাসের নন-ফর্মাল কোর্স, অন্তত দশম শ্রেণি পাশ করে থাকলে আবেদন করতে পারেন। ছেলে এবং মেয়েরা উভয়েই এই কোর্সটি করতে পারেন। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।



**অমৃতা শর্মা**
*সেক্রেটারি, ডন বস্কো টেকনিকাল স্কুল, লিলুয়া*

আই টি আই কোর্স শেষ হলে প্রতিষ্ঠানের তরফেই ক্যাম্পাসিং-এর ব্যবস্থা করা হয়। রাজ অ্যান্ড রাজ, নেপকো ইন্ডাস্ট্রিজ, শ্রী বালাজি এন্টারপ্রাইজ, জিন্দালের মতো সংস্থায় আমাদের ছেলেমেয়েরা চাকরি করছে। ভারতের বাইরের বিভিন্ন সংস্থাও এখান থেকে কর্মীনিয়োগ করে। যদিও স্বল্পকালীন কোর্সের শেষে ক্যাম্পাসিং হয় না তবে কাজ পেতে সাহায্য করা হয়। চাকরির খোঁজ থাকলে আমরা জানিয়ে দিই ছেলেমেয়েদের।

### অটো ক্যাড এবং ক্যাড-ক্যাম

এই দু'টি নন-ফর্মাল কোর্সেরই মেয়াদ ১ মাস। ছেলে এবং মেয়েরা উভয়েই এই কোর্সটি করতে পারেন। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

### কীভাবে ভর্তি

এখন ভর্তি চলছে। ফর্ম্যাল কোর্সের আবেদনপত্র ডাউনলোড করে নিতে হবে প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে। নন-ফর্ম্যাল স্বল্পকালীন কোর্সের আবেদনপত্র সরাসরি প্রতিষ্ঠানের টেকনিক্যাল অফিস থেকে নিতে হবে। শনি ও রবি বাদে যে-কোনও কাজের দিন সকাল ৯টা থেকে বেলা ৩টের মধ্যে প্রতিষ্ঠানের টেকনিকাল অফিস থেকে স্বল্পকালীন কোর্সের আবেদনপত্র সংগ্রহ করা যাবে। উভয় কোর্সের ক্ষেত্রেই আবেদনের ফি ৫০০ টাকা। বিশদ জানতে দেখুন প্রতিষ্ঠানের ওয়েবসাইট: www.dbltech.org অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ডন বস্কো স্কুল, লিলুয়া, হাওড়া-৭১১ ২০৪। ফোন: (০৩৩) ২৬৫৫-৫৪৩১

# নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৭ প্রশিক্ষণ

*বারোর পাতার পর*

শাখার উচ্চমাধ্যমিকরা অগ্রাধিকার পাবেন। ৬০০ ঘণ্টার প্রশিক্ষণ।

**(৫) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট:** নার্সিং অ্যাসিস্ট্যান্টের প্রশিক্ষণ এটি। একজন রোগীকে বিভিন্নভাবে সাহায্য করার এবং প্রশিক্ষিত নার্সকে তাঁর কাজে সহায়তা করার বিজ্ঞানসম্মত প্রকরণ-পদ্ধতি শেখানো হয়। শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক। ৪২০ ঘণ্টার প্রশিক্ষণ।

**(৬) হ্যান্ড এমব্রয়ডারি:** শাড়ি, বেডকভারে হাতে এমব্রয়ডারির কাজ শেখানো হবে। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফাইভ পাশ। ৩০০ ঘণ্টার প্রশিক্ষণ।

**(৭) চাকরি-সহায়ক প্রশিক্ষণ:** এই প্রশিক্ষণ কোর্সে কম্পিউটার শিক্ষার সঙ্গে, যোগাযোগের দক্ষতা তথা কমিউনিকেশন স্কিল, কর্পোরেট ক্ষেত্রে কাজের উপযোগী আচার-ব্যবহার সংক্রান্ত শিক্ষা, নেতৃত্ব প্রদানের দক্ষতা বৃদ্ধির উপর জোর দেওয়া হবে। থাকবে অঙ্ক ও রিজনিংয়ের দক্ষতা বৃদ্ধির পাঠও। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। ২০১৬ থেকে ২০১৮-র মধ্যে যাঁরা গ্র্যাজুয়েট ডিগ্রি পেয়েছেন, শুধু তাঁরাই আবেদনের যোগ্য। প্রশিক্ষণের মেয়াদ ২০০ ঘণ্টা।

সব ক্ষেত্রেই প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রতিষ্ঠানের সেন্টার সুপারভাইজর সুশান্ত মল্লিক জানান, প্রশিক্ষণ শেষে চাকরি এবং ব্যবসার ব্যাপারে প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ পাবেন প্রশিক্ষিতরা। তিনি বলেন, আন্তরিকভাবে কাজের প্রক্রিয়াগুলো শিখে নিতে পারলে কাজ আছে। কোর্স শেষে যাতায়াত ভাড়া বাবদ অ্যালাওয়েন্স পাওয়ার সুযোগ আছে।

আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন। শীঘ্রই প্রশিক্ষণ শুরু হবে।


## দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

ESTD.-1920

ট্রেনিং পার্টনার অফ

## ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

Skill India — কৌশল ভারত - কুশল ভারত | N.S.D.C National Skill Development Corporation — Transforming the skill landscape

# TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

■* COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- নেটওয়ার্ক এক্সপার্ট *
- রাউটিং সুইচিং এক্সপার্ট *
- ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)
- সিসিটিভি টেকনিসিয়ান *
- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক) *
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট *#
- স্টেনোগ্রাফি *
- অ্যাডভান্সড এক্সেল *
- ডট নেট টেকনোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেশিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান

- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যাণ্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন } পার্ক স্ট্রিট কেন্দ্র
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন } পার্ক স্ট্রিট কেন্দ্র
- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)
- প্রফেশনাল রেস্টুরেন্ট সুপারভাইসার *
- প্রফেশনাল রেস্টুরেন্ট স্টিওয়ার্ড *
- প্রফেশনাল বারটেন্ডার
- প্রফেশনাল বার সুপারভাইসার
- প্রফেশনাল ইন হাউসকিপিং অপরেশানস্ *

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org

6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা ✆ 8336939682/83/84/85, 033 22272605/24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | |
|---|---|
| আগরতলা | 9436139307 |
| ■ আলিপুর দুয়ার | 9836408027 |
| ■ আন্দুল | 8334975533 |
| ■ আসানসোল | 9051117895 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 |
| ■ বাগনান | 9051110638 |
| ■ বোলপুর | 9073333262 |
| ■ বারাসাত (ঢাকী রোড) | 9674165589 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 |
| ■ বেহালা | 9836616668 |
| ■ বহরমপুর | 9674165587 |
| বাঁকুড়া | 9932870010 |
| ব্যারাকপুর (ফিউচার হোপ) | 9830596844 |
| বর্ধমান | 0342 2560398 |
| বিষ্ণুপুর (বাঁকুড়া) | 9051277877 |
| ■ কন্টাই | 9674165582 |

| | |
|---|---|
| ■ কুচবিহার | 9674165586 |
| কটক | 0671 2312666 |
| ■ দুর্গাপুর | 9051111246 |
| ডাকঘর | 8017522288 |
| ডায়মণ্ড হারবার | 8017522287 |
| গুয়াহাটি | 9127066277 |
| গার্ডেনরিচ | 9230613574 |
| ■ হরিপাল | 9874136799 |
| হাবরা | 9093037766 |
| হলদিয়া | 9732727609 |
| ■ জয়নগর | 9836666773 |
| জলপাইগুড়ি | 9434154082 |
| ■ কল্যাণী | 9674165588 |
| ■ কৃষ্ণনগর | 9674162462 |
| খোসবাগ (বাঁকুড়া) | 9635735382 |
| কাকদ্বীপ | 9830077802 |

| | |
|---|---|
| ■ খড়গপুর | 9073610876 |
| ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| ■ মালদা | 9674165585 |
| ■ মেদিনীপুর | 8335062606 |
| মেমারি | 8777687853 |
| পাড়ুয়া | 9831840004 |
| ■ পুরুলিয়া | 9051110498 |
| রাজারহাট | 7998981202 |
| ■ শিলিগুড়ি | 8335051715 |
| ■ সোনারপুর | 9830720005 |
| সিউড়ি | 9475074332 |
| তমলুক | 9735521383 |
| ঠাকুরপুকুর | 8017522286 |
| **Hotel Studies** | |
| ■ দুর্গাপুর | 9073952157 |
| ■ শিয়ালদা | 8336939682/83 |

| | |
|---|---|
| **Interior Design** | |
| পার্ক স্ট্রিট | 9073610877 |
| **Beauty** | |
| ■ ভবানীপুর | 9073952154 |
| ■ বর্ধমান | 8335053588 |
| গার্ডেনরিচ | 6290939559 |
| জলপাইগুড়ি | 8158806115 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| **Paramedical** | |
| ■ বারাসাত | 8336911041 |
| ■ বেহালা | 8336911653 |
| কামারকুণ্ডু | 03326300045 |
| ■ লিলুয়া | 9830136688 |
| সোনারপুর | 9073727474 |
| তারকেশ্বর | 9800119669 |
| **Smart Centre** | |
| ■ শ্রীরামপুর | 9073610884 |
| ■ বর্ধমান | 8335053588 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

# জ্ঞান বিজ্ঞান

## জানার জানালা

### 'নতুন' আদিম মানুষের সন্ধান



ফিলিপিন্সে এক নতুন প্রজাতির আদিম মানুষের সন্ধান পেলেন গবেষকরা। নতুন প্রজাতির নামকরণ করা হয়েছে হোমো লুজোনেনসিন। ফিলিপিন্সের সবচেয়ে বড় দ্বীপ লুজনের কালাও গুহায় মিলেছে ৬৭ হাজার বছরের পুরনো হোমো লুজোনেনসিনের জীবাশ্ম। প্রাথমিক ভাবে বিজ্ঞানীদের অনুমান, এদের দেহের গঠনে আদিম ও আধুনিক মানুষ, দুয়েরই বৈশিষ্ট্য ছিল। এই আদিম মানুষদের উচ্চতা ছিল চার ফুটেরও কম। গাছে ওঠায় বিশেষ পারদর্শী ছিল এরা। গবেষকরা পূর্ব আফ্রিকার সঙ্গে এদের যোগসূত্রের সম্ভাবনাও উড়িয়ে দেননি। সেখান থেকেও এই আদিম অধিবাসীরা দক্ষিণ-পূর্ব এশিয়ায় চলে আসতে পারে বলে জানিয়েছেন তাঁরা।

### আদিম সিংহের জীবাশ্মের খোঁজ মিলল আফ্রিকায়



বিশালাকায় আদিম মাংসাশী প্রাণীর জীবাশ্মের খোঁজ মিলল আফ্রিকায়। আকারে সিংহ বা মেরু ভাল্লুকের কয়েকগুণ এই প্রাণীকে 'আদিম সিংহ' নামে ডাকা হলেও প্রাণীটি সিংহ বা বিড়াল গোত্রের নয়। বরং এটি হায়না পরিবারভুক্ত। সম্প্রতি 'দ্য জার্নাল অব ভার্টিব্রেট প্যালিয়ন্টোলজি'তে এই প্রাণীটির জীবাশ্মের খুঁটিনাটি প্রকাশিত হয়েছে। বিজ্ঞানীরা এই প্রজাতির নাম দিয়েছেন,'সিম্বাকুবওয়া কুটোকাফিরকা'। সোয়াহিলি ভাষায় যার অর্থ, 'আফ্রিকান বিশালাকার সিংহ'। বছর দশেক আগেই এই জীবাশ্মটি উদ্ধার হলেও তখন সেটিকে সঠিক ভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি। সম্প্রতি কেনিয়ার ন্যাশনাল মিউজিয়ামে রক্ষিত এই জীবাশ্ম সম্পর্কে সেখানকার কিউরেটর ম্যাথু বর্থস জানিয়েছেন, বিশালাকার শ্বদন্ত সমেত প্রাণীটির খুলি গন্ডারের মতোই বিশাল। ওজন দেড় টনেরও বেশি। গবেষণা বলছে, ডাইনোসরদের বিলুপ্তির পর এই সিম্বাকুবওয়া গোত্রভুক্তরা প্রায় ৪ কোটি ৫০ লক্ষ বছর পৃথিবীতে বেঁচে ছিল। বিজ্ঞানীদের মতে পৃথিবীর টেকটোনিক প্লেটের নড়াচড়ার ফলে কুকুর, বিড়াল, হায়নাদের পূর্বপুরুষরা আফ্রিকায় এসেছে। আর সিম্বাকুবওয়ারা পাড়ি দিয়েছে ইউরেশিয়া অঞ্চলে। ১ কোটি ৫০ থেকে ৮০ লক্ষ বছর আগে বিলুপ্ত হয়ে গিয়েছে তারা।

### সবচেয়ে উঁচু গাছ



মালয়শিয়ার সংরক্ষিত সাবাহ এলাকার সংরক্ষিত ডানাম ভ্যালিতে ৩২৮ ফুট লম্বা একটি গাছকে বিশ্বের সবচেয়ে উঁচু গাছ বলে দাবি করলেন মালয়শিয়া ও ব্রিটেনের বিজ্ঞানীরা। ইয়েলো মেরানটি (*Shorea faguetiana*) নামের এই গাছটির আদি নিবাস দক্ষিণ-পূর্ব এশিয়ার ইন্দোনেশিয়া, মালয়শিয়া অঞ্চলে। গত বছর নটিংহাম বিশ্ববিদ্যালয়ের এক দল গবেষক বোর্নিওর জঙ্গলে ওই নির্দিষ্ট ইয়েলো মেরানটি গাছটি খুঁজে পান। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষকরা গাছটি ভালোভাবে শনাক্ত করতে থ্রিডি স্ক্যান ও ড্রোন নিয়ে যান। এতদিন পর্যন্ত জানা তথ্য অনুযায়ী, এই গাছগুলি ২০০ ফুট পর্যন্ত লম্বা হতে পারে বলে জানা ছিল। নটিংহাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডোরিন বোয়েড বলেছেন,'এমন উঁচু গাছ নিশ্চয়ই আরও রয়েছে। আমরা সেগুলো খুঁজে বের করতে পারিনি। আমাদের এই গাছগুলো সংরক্ষণ করা প্রয়োজন।'



- প্রখ্যাত সঙ্গীতকার বব ডিলান কোন বিভাগে নোবেল পুরস্কার পেয়েছেন?
উত্তর: সাহিত্য

- খ্রিস্টীয় সপ্তম শতকে কে হর্ষবর্ধনের জীবনচরিত রচনা করেছিলেন?
উত্তর: বাণভট্ট
- ভারতে ইউরোপীয়দের মধ্যে কারা প্রথম বাণিজ্য শুরু করেন?
উত্তর: পর্তুগিজ
- বঙ্গভঙ্গ পরিকল্পনা গ্রহণের উদ্দেশ্য কী ছিল?
উত্তর: পূর্ববঙ্গ এবং পশ্চিমবঙ্গের হিন্দুদের মধ্যে বিভাজন সৃষ্টি এবং হিন্দু-মুসলমান উত্তেজনা বৃদ্ধি করা
- শ্রীহরিকোটা মিসাইল উৎক্ষেপণ কেন্দ্রটি কোন রাজ্যে অবস্থিত?
উত্তর: অন্ধ্রপ্রদেশ
- কোন প্রাণীর রেচন পদার্থ ইউরিক অ্যাসিড?
উত্তর: পাখি
- ভারতীয় সংবিধানে 'রিপাবলিক' কথাটি কোন দেশের সংবিধান থেকে গৃহীত?
উত্তর: ফ্রান্স
- 'ওয়ার অ্যান্ড পিস' উপন্যাসটির লেখক কে?
উত্তর: লিও টলস্টয়



- পেরিয়ার অভয়ারণ্যে মূলত কোন প্রাণী সংরক্ষিত হয়?
উত্তর: হাতি

- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোনটি?
উত্তর: রাজমোহন'স ওয়াইফ
- ভূমিকম্প বিষয়ক পড়াশোনাকে কী বলে?
উত্তর: সিসমোলজি
- রেড পান্ডা কোথায় দেখা যায়?
উত্তর: পূর্ব হিমালয়ে
- মানবদেহের সবচেয়ে ছোট গ্রন্থির নাম কী?
উত্তর: পিটুইটারি
- মানবদেহের সবচেয়ে ছোট অস্থি কোনটি?
উত্তর: স্টেপিস
- প্রথমবার আইপিএল ক্রিকেট টুর্নামেন্ট জিতেছিল কোন দল?
উত্তর: রাজস্থান রয়্যালস



- পশ্চিমবঙ্গের রাজ্য-বৃক্ষের নাম কী?
উত্তর: ছাতিম

- বায়োলজিক্যাল ক্যাটালিস্ট (অনুঘটক) কোনটি?
উত্তর: এনজাইম
- ২০১৮ ফিফা বিশ্বকাপ কোন দেশে আয়োজিত হয়েছে?
উত্তর: রাশিয়া
- গরমপানি অভয়ারণ্যটি কোন রাজ্যে অবস্থিত?
উত্তর: অসম
- বিদ্যুতের সর্বোচ্চ পরিবাহী কোনটি?
উত্তর: সিলভার
- ভারতের প্রথম মন্ত্রিসভার শিক্ষামন্ত্রী কে ছিলেন?
উত্তর: মৌলানা আবুল কালাম আজাদ
- উদ্ভিদের অযৌন জননের একক কী?
উত্তর: রেণু
- ১৯৯৭ সালে অভিনেতা দিলীপ কুমারকে সর্বোচ্চ অসামরিক সম্মানে ভূষিত করে পাকিস্তান সরকার। সম্মানটির নাম কী?
উত্তর: নিশান-ই-ইমতিয়াজ



- তিরুপতি মন্দিরের প্রকৃত নাম কী?
উত্তর: ভেঙ্কটেশ্বর মন্দির

## হীরের টুকরো

### জলের বিশুদ্ধতা রক্ষায় নতুন যৌগ



*সহযোগীদের সঙ্গে রাহুল বন্দ্যোপাধ্যায় (মাঝখানে)*

'ভাটনগর' পুরস্কার বিজয়ী বাঙালি বিজ্ঞানী অধ্যাপক রাহুল বন্দ্যোপাধ্যায় এবং তাঁর নয় ছাত্রছাত্রী সম্প্রতি আবিষ্কার করেছেন এমন এক জৈব যৌগ যা জলকে খুব দ্রুত বিষমুক্ত করতে পারে। অ্যালডিহাইড এবং অ্যামিন নামে দুটি যৌগকে জুড়ে তাঁরা যে নতুন যৌগটি তৈরি করেছেন তার নাম 'বেঞ্জিন ট্রাই-হাইড্রক্সি ট্রাই-অ্যালডিহাইড-ডাই-অ্যামিন-পলিমার'। প্রথম দুটি যৌগ কঠিন। যেটি তৈরি হয়েছে সেটি স্পঞ্জের মতো তুলতুলে। ঘরের স্বাভাবিক চাপ ও তাপমাত্রাতেই যৌগটির জন্ম দেওয়া সম্ভব হয়েছে। ফলে বানানোর খরচও তুলনায় অনেক কম।

শুধু তা-ই নয়, জল থেকে এই যৌগ শুষে নিতে পারে ভয়ংকর বিষ কার্সিনোজেনিক, যা ক্যান্সারের জনক। উচ্চক্ষমতাসম্পন্ন ফিল্টারেও ধরা পড়ে না এই বিষ। কিন্তু নতুন যৌগ অনায়াসেই জল থেকে সরিয়ে দিতে পারে কার্সিনোজেনিককে। সাধারণ ফিল্টারে অত্যন্ত অল্প খরচে কীভাবে এই যৌগটিকে যোগ করা যায় তা নিয়ে বিজ্ঞানীরা ভাবনাচিন্তা শুরু করে দিয়েছেন ইতিমধ্যেই।

### বিদ্যুৎ বা গ্যাস ছাড়াই গরম খাবার

রান্না করা খাবার ফ্রিজে রেখে পরে গরম করে খাওয়ার চল রয়েছে প্রায় সব বাড়িতেই। কিন্তু এতে ফ্রিজিং ও গরম করায় বিদ্যুৎ ও শক্তির ক্ষয় হচ্ছে বেশি। কলকাতার রহড়া রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ সেন্টিনারি কলেজ থেকে উদ্ভিদবিদ্যা নিয়ে এ বছরই স্নাতক পরীক্ষায় বসা সত্যকাম সাহা এমন একটি যন্ত্র আবিষ্কার করেছেন যাতে রান্না করা খাবার বিদ্যুতের ব্যবহার ছাড়াই একটানা প্রায় ১০ ঘণ্টা গরম থাকবে।

রেফ্রিজারেটরের মতোই দেখতে, তবে আকারে ছোট এই যন্ত্রটির বাইরের আবরণ লোহার আর ভিতরে রয়েছে স্টেনলেস স্টিলের পরত। মাঝের স্তরে রয়েছে তাপ নিরোধক বস্তু। গরম খাবার এই আধারে রাখলে তা ৮ থেকে ১০ ঘণ্টা গরমই থাকবে কিন্তু খাদ্যগুণের কোনও হেরফের হবে না। ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাঁর আবিষ্কৃত যন্ত্রটির পেটেন্ট পেয়ে গিয়েছেন সত্যকাম। ভবিষ্যতে যন্ত্রটি বাণিজ্যিক ভাবে উৎপাদন করার ইচ্ছে আছে তাঁর।

### বরফের বিরুদ্ধে অভিযান



*বাঁদিক থেকে রুস্থাভ চট্টোপাধ্যায়, সুশান্ত আনন্দ এবং ড্যানিয়েল বেসেন্স*

শীতপ্রধান দেশে বরফ জমে যন্ত্রের কার্যক্ষমতা কমার ফলে প্রতিবছর ক্ষতি হয় কোটি কোটি ডলারের। সেইসঙ্গে সড়ক পথে, এমনকী বিমানের ডানায় বরফ জমে থাকায় মুশকিলে পড়েন পথচারী থেকে পর্যটক সকলেই। তিনজনের একটি বিজ্ঞানীদল সম্প্রতি মুশকিল আসান করেছেন। এই তিনজনের মধ্যে দুজন ভারতীয়, এঁদের মধ্যে একজন আবার বঙ্গসন্তান। ড্যানিয়েল বেসেন্স, রুস্থাভ চট্টোপাধ্যায় এবং সুশান্ত আনন্দ নামে ওই তিন বিজ্ঞানী দেখিয়েছেন, যেখানে বরফ জমার সম্ভাবনা সেখানে আগে থেকেই ফেজ-সুইচিং লিকুইডের (পি এস এল) প্রলেপ দেওয়া থাকলে বরফ জমতে পারবে না।

সাইক্লোহেক্সেন, সাইক্লোঅক্টেন, ডাইমিথাইল সাল্ফোক্সাইড, গ্লিসারল প্রভৃতিই পি এস এল। ইলিনয় বিশ্ববিদ্যালয়ের গবেষক রুস্থাভ জানালেন, পি এস এলের গলনাঙ্ক জলের হিমাঙ্ক বা শূন্য ডিগ্রি সেলসিয়াসের কিছু উপরে। পথঘাট, জানলার কাচ বা বিমানের প্রপেলারে পি এস এল স্প্রে করে দিলে ওগুলো এক কঠিন আস্তরণ তৈরি করবে। এরপর জলকণা জমে যখন বরফ হওয়ার দিকে এগোবে, তখন স্বাভাবিক নিয়মেই তা লীন তাপ ছাড়বে এবং তা শুষে নিয়ে কঠিন থেকে তরল প্রলেপে রূপান্তরিত হবে পি এস এল এবং ওইভাবেই টিকে থাকবে বহু দিন।

পি এস এল স্বচ্ছ, ফলে গাড়ির কাচে লাগালেও দৃশ্যমানতার হানি ঘটবে না। তিন বিজ্ঞানীর গবেষণাপত্রটি প্রকাশিত হয়েছে 'অ্যাডভান্সড মেটিরিয়ালস' জার্নালে।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# নিজেকে মানসিক ভাবে শক্ত ও সজাগ করে তোলো



প্রসেনজিৎ দে
অ্যাসোসিয়েট ডিরেক্টর (গ্লোবাল স্ট্র্যাটেজি অ্যান্ড ইনোভেশন, মার্কেটিং)
কেলগস - এশিয়া প্যাসিফিক অঞ্চল
প্রাক্তন ম্যানেজার, মার্কেটিং
নেসলে - ভারত

আধুনিক গবেষণা বলছে, ইমোশনাল কোশেন্ট পুঁথিগত বিদ্যার তুলনায় অনেক বেশি কার্যকরী। মেধা সকলেরই কম-বেশি থাকে। কিন্তু যাদের মধ্যে এই ইমোশনাল কোশেন্ট খুব ভালো থাকে, তারাই সফল হয়। তাই নিজের আবেগকেও বুদ্ধিদীপ্ত করে তুলতে চেষ্টা করো।

ইমোশনাল কোশেন্টের অনেকগুলো দিক আছে, যার মধ্যে সবার আগে আসে, চাপের মুখে নিজেকে সামলানোর ক্ষমতা। বেশিরভাগ মানুষেরই চাপের মুখে উদ্বেগ-উৎকণ্ঠা বেড়ে যায়। কেউ খুব টেনশন করতে শুরু করে, কেউ ভীষণ ঘামতে থাকে। এসবের ফলে আখেরে কাজের ক্ষতি হয়, নানান ভুল হয়ে যায়। এই পরিস্থিতি সামলানো তখনই সম্ভব হবে, যখন নিজের আবেগের উপর তোমার সংযম থাকবে। অর্থাৎ তুমি যখন মানসিকভাবে শক্ত থাকবে।

## সচেতন থাকতে হবে

যে-কোনও পরিস্থিতিতে সচেতনতাই তোমাকে শক্ত রাখবে। ইন্টারভিউয়ে অনেক সময় পরিস্থিতিভিত্তিক প্রশ্ন করে পরীক্ষা করা হয় প্রার্থীকে। ধরা যাক এরকম একটা প্রশ্ন করা হল: অফিসে খুব জরুরি অ্যাসাইনমেন্ট দিয়ে বলা হল, কাল সকালের মধ্যেই তৈরি করে দিতে হবে। অথচ তুমি জানো যে, এর মধ্যে রিসার্চ ওয়ার্ক আছে, সাক্ষাৎকার নিতে হবে। বেশ কয়েকজন লোককে দিয়ে কিছু কাজ করাতে হবে। ফলে সকালের মধ্যে সম্ভব নয়। তখন তোমার তাৎক্ষণিক প্রতিক্রিয়া কী হতে পারে?

বাস্তবে এক্ষেত্রে দুটি সম্ভাবনা তৈরি হতে পারে।

এক, জানিয়ে দেবে যে, কোনও ভাবেই এই সময়ের মধ্যে কাজ শেষ করা সম্ভব নয়, তার জন্য আরও সময় দরকার।

দুই, ঠান্ডা মাথায় ভাবার চেষ্টা করলে, তোমার মনে পড়বে, কোথাও এ-সংক্রান্ত কিছু-না-কিছু কাজ আগেই করা হয়েছে। একেবারে শূন্যের ভিত্তিতে তো কোনও কাজ করতে বলা হতে পারে না। ফলে কিছু তথ্য হাতের নাগালে নিশ্চয়ই আছে। রাতের মধ্যে সেই তথ্যগুলো জোগাড় করে ফেলার মতো আত্মবিশ্বাস তোমার একবার তৈরি হয়ে গেলে তুমি সিদ্ধান্ত নিয়ে ফেলতে পারবে এবং বাকি কাজ সকালের মধ্যে কীভাবে ম্যানেজ করা যায় তার একটা ছক করে নিতে পারবে।

তোমার সজাগ মন সমস্যার সমাধান খুঁজবে, সেইসঙ্গে সচেতনও থাকতে হবে।

এর বদলে যদি সব ছেড়ে কেবল টেনশন করতে থাকো যে, কাজটা ঠিকভাবে না করতে পারলে তোমার চাকরিটাই চলে যেতে পারে, তাহলে আসল কাজটাই করা হয়ে উঠবে না।

## ঠিক সিদ্ধান্ত নাও

খেয়াল করে দেখবে, অবস্থা যতই কঠিন হোক না কেন, বেছে নেওয়ার সুযোগ তোমার কাছে সবসময় থাকে। ফলে তুমি তোমার উর্ধ্বতন কর্তৃপক্ষকে হয় বলতে পারবে যে, কালকের মধ্যে এই কাজ সম্পূর্ণ করতে পারবে না কিছুতেই, নয়তো বলবে, 'হ্যাঁ আমাকে কাজটা দিন, আমি কালকের মধ্যেই করে ফেলার চেষ্টা করছি'।

যদি তোমার মানসিক দৃঢ়তা থাকে, তাহলে এই সিদ্ধান্ত আরও সচেতনভাবে এবং ভালোভাবে নিতে পারবে।

## সামগ্রিক প্রভাব

ঠিক সিদ্ধান্ত নিতে পারার ফলে কাজের উপরে সামগ্রিক প্রভাব অনেক ভালো হবে। একই সঙ্গে তুমি যার বা যাদের সঙ্গে বা যার হয়ে কাজ করছ তাদের কাছেও তোমার ভাবমূর্তি উজ্জ্বল হবে।

> শিক্ষকতার পেশা দিয়ে চাকরিজীবন শুরু হলেও একটা সময়ের পর তা আর ভালো লাগছিল না। চাকরির খোঁজখবর শুরু করলাম আবার। একজন কাজ দিলেন মেডিকেল রিপ্রেজেন্টেটিভের। পনেরো দিন সময় দিয়েছিলেন নিজেকে প্রমাণ করার জন্য। পনেরো দিনের পরীক্ষা শেষে চাকরি শুরু। সেই সংস্থায় কাজ করতে করতেই নেসলে সংস্থায় চাকরির প্রস্তাব পাই। নেসলে কর্তৃপক্ষ আমায় উচ্চশিক্ষা নিতে পাঠান। পরে নিজের উদ্যোগে আরও যোগ্যতা বাড়িয়েছি।

## নিজের উপর বিনিয়োগ

আমার ছোটবেলা কেটেছে শিলং শহরে, পড়াশোনা সেখানেই। শিক্ষকতার পেশা দিয়ে চাকরিজীবন শুরু হলেও একটা সময়ের পর তা আর ভালো লাগছিল না। চাকরির খোঁজখবর শুরু করলাম আবার, কথা বললাম পরিচিত মহলে। একজন কাজ দিলেন মেডিকেল রিপ্রেজেন্টেটিভের। পনেরো দিন সময় দিয়েছিলেন নিজেকে প্রমাণ করার জন্য। সেই কয়েকটা দিন আমার জীবনটাই পাল্টে দিল। বাড়ির আরাম-আদর থেকে দূরে, নিজের দায়িত্ব নিজে সামলে শুধু কাজ নিয়ে ভাবা, পরিশ্রম। এতদিনের জীবন থেকে একেবারে আলাদা। বুঝলাম এই কাজই ভালো লাগছে। পনেরো দিনের পরীক্ষা শেষে চাকরি শুরু। সেই সংস্থায় কাজ করতে করতেই নেসলে সংস্থায় চাকরির প্রস্তাব পাই। নেসলে কর্তৃপক্ষ আমায় উচ্চশিক্ষা নিতে পাঠান। পরে নিজের উদ্যোগে আরও যোগ্যতা বাড়িয়েছি। বলা যায়, নিজের উপর এইভাবে বিনিয়োগ করা শুরু করি, যা বিভিন্ন সময় কাজে লেগেছে। উন্নতির জন্য পেশাগত যোগ্যতার পাশাপাশি শিক্ষাগত যোগ্যতা বাড়ানো খুব দরকার।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA
Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
Profile: Join aviation to secure your future.PS Aviation academy offers different courses for the elegable students, Qualification minimum 12th Pass. Age limit -18 to 28. Male female both can apply. After completion of the course we provide them 100% placement in aviation sector. Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword.

MET Technologies Pvt Ltd
Company: MET Technologies Pvt Ltd
Position Title: CCE Domestic Outbound Sales Process
Experience, Location: Both Fresher & Experienced
Profile: CCE Domestic Outbound Sales Process. Salary 8k-10k(Freshers) Hike for Experienced candidates as per performance in the interview. Requirements: H.S Pass + Hindi and Bengali Fluency. Office Address- 1307, Godrej Waterside. Sector V, Salt Lake Kolkata. Interview & Working location : Kolkata. Contact HRs numbers: 9073927806//8617211828//6290829812. Email id: carmel.derosano@met-technologies.com
To apply for this job, log on to www.shine.com

TRIUMPH
Company: WEBOANET TECHNOLOGIES PVT LTD
Position Title: Team Leader, Sr.Web & Web consultant
Experience, Location: Experienced, Kolkata
Profile: We need diploma/B.Tech (Civil) for our differnt clients in India. Experience on building/roads /Auto-Cad(High rise building) is required Salary - Rs.15000/- per month to Rs.30000/- per month (depending on experience) Opening for West Bengal /out of WB location.
Send your CV to email- teamtriumph16@gmail.com, Call-8961790933/9073622440
To apply for this job, log on to www.shine.com

FI (OPC) Pvt. Ltd
Company: FI (OPC) Pvt. Ltd
Position Title: Phone Banking / Back Office Executive
Experience, Location: Fresher & Experienced, Kolkata
Profile: We are hiring Phone Banking Executive / Back Office Executive. Job Profile is all Retail Liability, Credit Card, Assests (EMI based Loans) and Hot Listening Desk Customers Card Products. Salary Rs. 11000 - 19000 PM + huge incentive. Walk-in @ Nelguru Building (1st Floor) Salt Lake, Sector 5, Kolkata-91 with an updated resume & photograph.
Call @ 8585877840 / 8697336886 or mail @ fdcspvtltd@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Green Ocean Technology Pvt. Ltd.
Company: Green Ocean Technology Pvt. Ltd.
Position Title: Customer Service (International)
Experience, Location: Fresher & Experienced, Kolkata
Profile: We are hiring for "UK SURVEY & SALES". Fixed day shift of work from (1.30PM - 9.30PM, Mon-Fri) With salary of (9K - 25K in hand + Incentives). FRESHERS AND EXPERIENCED BOTH ARE WELCOME. Walk-In @ PARK CIRCUS 4NO BRIDGE KOL-46 with an updated resume & photograph.
Call @ 8910626060 or mail @ info@greenoceantechnology.com
To apply for this job, log on to www.shine.com

A Financial Company
Company: A Financial Company
Position Title: Sales Executive
Experience, Location: Bothe Fresher & Experienced, Kolkata
Profile: Require any graduates in a leading MNC for management marketing profile. Income- 3lakh-4 lakh per annum. No age criteria. Contact Mr Singh - 8240932293
Email id: singh.sambhu11@gmail.com
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com
Great careers start here

## কী পড়বেন, কোথায় পড়বেন

# ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মাস কমিউনিকেশনে ভর্তি

জার্নালিজম (ইংলিশ), রেডিও অ্যান্ড টেলিভিশন জার্নালিজম এবং অ্যাডভার্টাইজিং অ্যান্ড পাবলিক রিলেশনসের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মাস কমিউনিকেশন। এটি কেন্দ্রের তথ্য এবং সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত প্রতিষ্ঠান। পড়ানো হবে সংস্থার বিভিন্ন শাখায়। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

আসনসংখ্যা: জার্নালিজম (ইংলিশ): নিউ দিল্লি: ৬৮টি, ঢেঙ্কানল: ৬৮টি, আইজল: ১৭টি, অমরাবতী: ১৭টি, জম্মু: ১৭টি এবং কোট্টায়াম: ১৭টি। রেডিও অ্যান্ড টেলিভিশন জার্নালিজম: নিউ দিল্লি: ৫১টি। অ্যাডভার্টাইজিং অ্যান্ড পাবলিক রিলেশনস: নিউ দিল্লি: ৭৭টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ৩১ অগস্টের মধ্যে সার্টিফিকেট দাখিল করতে হবে।

জন্মতারিখ: ১-৮-১৯৯৪-এর পরে হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

কোর্স ফি: জার্নালিজমের ক্ষেত্রে ৯৫,৫০০ টাকা। রেডিও অ্যান্ড টেলিভিশন জার্নালিজমের ক্ষেত্রে ১,৬৮,৫০০ টাকা এবং অ্যাডভার্টাইজিং অ্যান্ড পাবলিক রিলেশনসের ক্ষেত্রে ১,৩১,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা (৭৫ নম্বর), গ্রুপ ডিসকাশন (১০ নম্বর) এবং ইন্টারভিউয়ের (১৫ নম্বর) মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস, অ্যাপ্টিটিউড অ্যান্ড মেন্টাল মেক আপ, ল্যাঙ্গুয়েজ স্কিল, অ্যানালিটিক্যাল অ্যান্ড কম্প্রিহেনশন স্কিল, এথিকস অ্যান্ড ভ্যালু, সোশ্যাল কনসাসনেস, ল্যাটারাল থিঙ্কিং ক্যাপাবিলিটিজ, ক্রিয়েটিভিটি, ব্র্যান্ড অ্যাওয়ারনেস অ্যান্ড রিকল (অ্যাডভার্টাইজিং ও পাবলিক রিলেশনসের ক্ষেত্রে) বিষয়। পরীক্ষা ২৫ ও ২৬ মে, সকাল ৯টা থেকে ১১টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। ইন্টারভিউ দিল্লিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iimc.nic.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১২ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো এবং সই (উভয়ই ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (আর্থিকভাবে অনগ্রসর, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কর্ষিকা কোন প্রাণীর জ্ঞানেন্দ্রিয়?
(a) আরশোলা (b) কচ্ছপ (c) জেলিফিস (d) হাতুরিমাথা হাঙর
2. মিউটেশন তত্ত্বের প্রবক্তা হলেন:
(a) হুগো দ্য ভ্রিস (b) ল্যামার্ক (c) হেগেল (d) ডারউইন
3. কাঁদানে গ্যাস হিসেবে নীচের কোনটি ব্যবহৃত হয়?
(a) 2-ক্লোরোবেনজাল ম্যালোনাইট্রাইল (b) স্যালিস্যালডিহাইড (c) ফেনল (d) মিথানল
4. 'মাদুরাই' কাদের রাজধানী ছিল?
(a) চোল (b) পল্লব (c) রাষ্ট্রকূট (d) পান্ড্য
5. 'বন্দেমাতরম' গানটিতে কে প্রথম সুর দিয়েছিলেন?
(a) বঙ্কিমচন্দ্র (b) অতুলপ্রসাদ (c) রবীন্দ্রনাথ (d) নজরুল
6. 'পঞ্চনদীর দেশ' কাকে বলে?
(a) কেরল (b) পাঞ্জাব (c) তামিলনাড়ু (d) মধ্যপ্রদেশ
7. কোন দিনটিকে 'জলবিষুব' বলা হয়?
(a) 21 মার্চ (b) 23 সেপ্টেম্বর (c) 22 ডিসেম্বর (d) 21 জুন
8. 'রাষ্ট্রপতি নির্বাচন আইন' কত সালে পাশ হয়?
(a) 1974 (b) 1975 (c) 1976 (d) 1977
9. সার্ক (SAARC) বিশ্ববিদ্যালয়ের প্রধান কার্যালয় হল:
(a) ঢাকা (b) নয়াদিল্লি (c) কলম্বো (d) ম্যালে
10. কাগজের মুদ্রার প্রচলন ভারতে কবে প্রথম হয়?
(a) 1601 (b) 1751 (c) 1862 (d) 1898
11. 'পথের দাবী' উপন্যাসটির লেখক কে?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (c) সতীনাথ ভাদুড়ি (d) তারাশংকর বন্দ্যোপাধ্যায়
12. হলদিয়া একটি:
(a) পেট্রো-রসায়ন শিল্পকেন্দ্র (b) গভীর সমুদ্রের মৎস্যচাষ কেন্দ্র (c) লৌহ ও ইস্পাত শিল্পকেন্দ্র (d) কারিগরি শিল্পকেন্দ্র
13. 'শাল' হচ্ছে এক ধরনের:
(a) সরলবর্গীয় বৃক্ষ (b) চিরসবুজ বৃক্ষ (c) ম্যানগ্রোভ (d) পর্ণমোচী বৃক্ষ
14. আন্তর্জাতিক নারী দিবস বছরের কোন দিন পালিত হয়?
(a) 15 মার্চ (b) 22 মার্চ (c) 18 মার্চ (d) 8 মার্চ
15. ফটোসিন্থেসিস কথাটির প্রবক্তা হলেন:
(a) বার্নেস (b) কেলভিন (c) ব্ল্যাকমেন (d) এমারসন
16. কানের ভারসাম্য রক্ষা করে কোন অঙ্গ?
(a) সিস্টোলিথ (b) মেলিয়াস (c) কর্ণপটহ (d) অটোলিথ
17. কোন জল পানের পক্ষে বেশি বিশুদ্ধ?
(a) পাতিত জল (b) আয়নমুক্ত জল (c) ঝরনার জল (d) সমুদ্রের জল
18. কাঁচা ফল পাকাতে কোন গ্যাস ব্যবহার করা হয়?
(a) মিথেন (b) অ্যাসিটিলিন (c) ইথিলিন (d) প্রোপেন
19. গ্যালভানাইজেশন পদ্ধতিতে লোহার ওপর কোন ধাতুর প্রলেপ দেওয়া হয়?
(a) অ্যালুমিনিয়াম (b) টিন (c) জিঙ্ক (d) নিকেল
20. রেশম হল একটি:
(a) কার্বোহাইড্রেট (b) চর্বি (c) হাইড্রোকার্বন (d) প্রোটিন
21. ফুসফুসের আবরণকে কী বলে?
(a) প্লুরা (b) প্লাসেন্টা (c) পেরিকার্ডিয়াম পর্দা (d) রেটিকুলাম
22. বেতারের আবিষ্কর্তা কে?
(a) জে সি বসু (b) জে এল বেয়ার্ড (c) মার্কনি (d) ফ্যারাডে
23. ভারতের তৈরি প্রথম কম্পিউটারের নাম কী?
(a) আর্যভট্ট (b) সম্রাট (c) সিদ্ধার্থ (d) বিশ্বকর্মা
24. বিশ্বের প্রথম সুপার কম্পিউটারটি কত সালে আবিষ্কৃত হয়?
(a) 1975 (b) 1976 (c) 1977 (d) 1978
25. 'ABACUS' কোন দেশে আবিষ্কৃত হয়েছিল?
(a) আমেরিকা (b) চিন (c) জাপান (d) কোরিয়া
26. 'রুপিয়া' মুদ্রা প্রথম কে প্রবর্তন করেন?
(a) আকবর (b) শেরশাহ (c) মহম্মদ বিন তুঘলক (d) জাহাঙ্গীর
27. 1857 সালে বিদ্রোহের পতাকা প্রথম কে উত্তোলন করেন?
(a) মঙ্গল পান্ডে (b) রাণি লক্ষ্মীবাই (c) তাঁতিয়া টোপি (d) নানাসাহেব
28. নীল দর্পণের ইংরেজি অনুবাদ কে করেছিলেন?
(a) দীনবন্ধু মিত্র (b) রেভারেন্ড লঙ (c) মধুসূদন দত্ত (d) ডিরোজিও
29. 'চুখা' জলবিদ্যুৎ প্রকল্প কোথায়?
(a) বাংলাদেশ (b) ভুটান (c) পশ্চিমবঙ্গ (d) সিকিম
30. ক্লোভ অয়েল পাওয়া যায় কোন গাছে?
(a) বট (b) শাল (c) রবার (d) লবঙ্গ
31. নীচের নামগুলির মধ্যে কে ভারতের উপরাষ্ট্রপতি ছিলেন?
(a) জি এস পাঠক (b) ডঃ এস রাধাকৃষ্ণণ (c) ডঃ জাকির হোসেন (d) ভি ভি গিরি
32. ভারতের প্রতিরক্ষা বাহিনীর সুপ্রিম কমান্ডার:
(a) প্রধানমন্ত্রী (b) স্বরাষ্ট্রমন্ত্রী (c) প্রতিরক্ষা মন্ত্রী (d) কেউই নন
33. ভারতের প্রমাণ দ্রাঘিমা:
(a) $80^\circ 30'$ পূর্ব (b) $81^\circ 31'$ পূর্ব (c) $82^\circ 30'$ পূর্ব (d) $83^\circ 30'$ পূর্ব
34. নাগাল্যান্ডের রাজধানীর নাম:
(a) ইম্ফল (b) শিলং (c) আইজল (d) কোহিমা
35. কোন নগরকে 'ভারতের প্রবেশদ্বার' বলে?
(a) কলকাতা (b) চেন্নাই (c) মুম্বই (d) দিল্লি
36. নীচের কোনটি কেন্দ্রশাসিত অঞ্চল নয়?
(a) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (b) পুদুচেরি (c) ত্রিপুরা (d) চন্ডিগড়
37. কেন্দ্রশাসিত অঞ্চলের সংখ্যা:
(a) 8 (b) 6 (c) 7 (d) 3
38. ভারতের কেন্দ্রশাসিত রাজ্যগুলির মধ্যে ক্ষুদ্রতম কোনটি? এরপর উনিশের পাতায়

## পলিটেকনিকের প্রবেশিকা

# জেক্সপো

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**অঙ্ক**

1. একটি 50 ওভারের ক্রিকেট ম্যাচে প্রথম 15 ওভারের রান রেট 6.2। মোট 303 রানের টার্গেটে পৌঁছতে বাকি ওভারের রান রেট:
(a) 14.43 (b) 6. 2 (c) 6 (d) 5.73
2. $x\left(3-\frac{2}{x}\right)=\frac{3}{x}$ হলে $x^3-\frac{1}{x^3}=?$
(a) $2\frac{1}{27}$ (b) $2\frac{17}{27}$ (c) $2\frac{13}{27}$ (d) $2\frac{8}{27}$
3. রামবাবু 8% সরল সুদে ₹ 7000 ব্যাঙ্কে জমা রাখলেন এবং t বছর পর ₹12600 টাকা ফেরত পেলেন, t =
(a) 7 (b) 10 (c) 5 (d) 6
4. একটি প্রতিযোগিতামূলক পরীক্ষায় 48টি MCQ আছে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর পাওয়া যায় এবং ভুল উত্তরের জন্য a নম্বর কাটা যায়। একজন পরীক্ষার্থী সবগুলি প্রশ্নের উত্তর দিয়ে 21 নম্বর পেয়েছেন। তাঁর ভুল উত্তর দেওয়া প্রশ্নের সংখ্যা:
(a) 28 (b) 12 (c) 18 (d) 30
5. যদি $x+y+z=16$ এবং $xy+yz+zx=78$ হয় তবে $x^3+y^3+z^3-3xyz$ -এর মান হবে:
(a) 352 (b) 316 (c) 256 (d) 228
6. $\frac{\sin\theta+\cos\theta}{\sin\theta-\cos\theta}=7$ হলে $\cot\theta=$
(a) $\frac{3}{4}$ (b) $\frac{4}{3}$ (c) 3 (d) $\frac{3}{2}$
7. যদি $x=t^2, y=\frac{t}{2}+1$ হয় তবে x ও y-এর মধ্যে সম্পর্ক:
(a) $x=4(y-1)^2$ (b) $4(x-1)^2=y$ (c) $4x=(y-1)^2$ (d) $4y=(x-1)^2$
8. $p^2-9p+1=0$ হলে $\frac{p}{p^2+p+1}$ -এর মান হবে:
(a) $\frac{1}{10}$ (b) 10 (c) $\frac{1}{8}$ (d) 8
9. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্যকে 10% বাড়ানো এবং প্রস্থকে 10% কমানো হলে, ক্ষেত্রফলের পরিবর্তন হবে:
(a) 1% বৃদ্ধি (b) 2% হ্রাস (c) 2% বৃদ্ধি (d) 1% হ্রাস
10. একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল ও তার পরিবৃত্তের ক্ষেত্রফলের অনুপাত:
(a) $3\sqrt{3}:4\pi$ (b) $3\sqrt{3}:2\pi$ (c) $\sqrt{3}:\pi$ (d) $2\sqrt{3}:3\pi$
11. সূর্যের উন্নতি কোণ $60^\circ$ থেকে কমে $30^\circ$ হলে একটি দণ্ডের ছায়ার দৈর্ঘ্য 40 m বৃদ্ধি পায়। দণ্ডটির উচ্চতা:
(a) $10\sqrt{3}$ m (b) $15\sqrt{3}$ m (c) $5\sqrt{3}$ m (d) $20\sqrt{3}$ m
12. একটি সুষম অষ্টভুজের কর্ণের সংখ্যা:
(a) 20 (b) 16 (c) 12 (d) 8
13. $\cos\theta+\sin\theta=\sqrt{2}\cos\theta$ হলে $\cos\theta-\sin\theta=$
(a) $-\sqrt{2}\cos\theta$ (b) $\sqrt{2}\sin\theta$ (c) $-\sqrt{2}\sin\theta$ (d) 0
14. যদি $x^2=y+z, y^2=z+x, z^2=x+y$ হয় তবে $\frac{1}{x+1}+\frac{1}{y+1}+\frac{1}{z+1}$ -এর মান:
(a) 1 (b) 3 (c) xyz (d) 0
15. 100 m লম্বা একটি ট্রেন একটি মাইলস্টোন কে 10s সময়ে এবং বিপরীত দিকে গতিশীল সম দৈর্ঘ্যের আর একটি ট্রেনটে 8s এ অতিক্রম করে। দ্বিতীয় ট্রেনের গতি km/h এককে:
(a) 36 (b) 54 (c) 72 (d) 90
16. একটি রেডিও 570 টাকায় বিক্রি করলে 5% ক্ষতি হয়। 5% লাভ করতে হলে রেডিওটির বিক্রয়মূল্য হবে:
(a) 610 টাকা (b) 620 টাকা (c) 630 টাকা (d) 640 টাকা
17. $\cos^2 12^\circ+\cos^2 78^\circ+\tan^2 78^\circ-\sec^2 12^\circ\tan^2 78^\circ$-এর মান:
(a) 0 (b) –1 (c) 1 (d) 2

এরপর কুড়ির পাতায়

## পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতের কোন শহরে ভূগর্ভস্থ রেল প্রথম চলাচল শুরু করেছে?
(a) দিল্লি (b) মুম্বই (c) চেন্নাই (d) কলকাতা
2. রেলওয়ে বোর্ড কত সালে স্থাপিত হয়?
(a) 1905 সালে (b) 1919 সালে (c) 1935 সালে (d) 1947 সালে
3. কোথায় প্রথম কার্পাস বয়নশিল্প স্থাপিত হয়?
(a) রিষড়ায় (b) ঘুসুড়িতে (c) কানপুরে (d) শ্রীরামপুরে
4. পশ্চিমবঙ্গে চা চাষের সর্বাপেক্ষা আদর্শ অঞ্চল হল:
(a) মালদা (b) জলপাইগুড়ি (c) দার্জিলিং (d) কোচবিহার
5. পশ্চিমবঙ্গে বৃষ্টিপাত হয় গ্রীষ্মকালীন মৌসুমি বায়ুর প্রবাহের ফলে, যা আসে:
(a) আরবসাগরীয় প্রবাহের ফলে (b) বঙ্গোপসাগরীয় প্রবাহের ফলে (c) প্রত্যাগমনকারী মৌসুমি বায়ুর দ্বারা (d) পশ্চিমি ঝঞ্ঝার দ্বারা
6. পশ্চিমবঙ্গের উষ্ণতম স্থান:
(a) দুর্গাপুর (b) খড়্গপুর (c) আসানসোল (d) বিষ্ণুপুর
7. পশ্চিমবঙ্গে কালবৈশাখীর প্রাদুর্ভাব বেশি হয়:
(a) জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে (b) ডিসেম্বর-জানুয়ারি মাসে (c) এপ্রিল-মে মাসে (d) মে-জুন মাসে
8. নীচের কোনটি ঠিক নয়?
(a) অসম-কুকি (b) মধ্যপ্রদেশ-ভিল (c) মধ্যপ্রদেশ-বীরহোড় (d) মেঘালয়-গারো
9. ভারতের সর্বাধিক জনবিরল কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি?
(a) লাক্ষাদ্বীপ (b) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (c) দমন ও দিউ (d) পুদুচেরি
10. ভারতের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার সর্বোচ্চ ছিল কোন দশকে?
(a) 1961-71 (b) 1981-91 (c) 1941-51 (d) 1921-31
11. এদের মধ্যে কোন জোড়াটি বেমানান:
(a) ছৌ— পুরুলিয়া (b) মোহিনীঅট্টম— কেরল (c) কুচিপুড়ি— অন্ধ্রপ্রদেশ (d) ডান্ডিয়া— রাজস্থান
12. এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় কত সালে?
(a) 1784 সালে (b) 1761 সালে (c) 1771 সালে (d) 1791 সালে
13. 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন' কে স্থাপন করেন?
(a) বিপিনচন্দ্র পাল (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) দয়ানন্দ সরস্বতী (d) স্বামী বিবেকানন্দ
14. নব্যবঙ্গ আন্দোলনের প্রেরণা কে ছিলেন?
(a) মধুসূদন দত্ত (b) হেনরি ভিভিয়ান ডিরোজিও (c) কৃষ্ণমোহন ব্যানার্জি (d) রামগোপাল ঘোষ
15. কাকে বলা হয় ভারতীয় রেনেসাঁসের ভোরের শুকতারা?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) রাজা রামমোহন রায় (c) এম কে গান্ধী (d) স্বামী বিবেকানন্দ
16. কোন মুঘল সম্রাট রামমোহন রায়কে রাজা উপাধিতে ভূষিত করেন?
(a) দ্বিতীয় আকবর (b) বাহাদুরশাহ জাফর (c) ফারুখশিয়ার (d) দ্বিতীয় শাহ আলম
17. হরিদ্বারে গুরুকুল আশ্রম প্রতিষ্ঠা করেন:
(a) স্বামী শ্রদ্ধাবান (b) দয়ানন্দ সরস্বতী (c) স্বামী বিবেকানন্দ (d) রাজা রামমোহন রায়
18. গণপরিষদের সভাপতি কে ছিলেন?
(a) জওহরলাল নেহরু (b) বল্লভভাই প্যাটেল (c) মৌলানা আবুল কালাম আজাদ (d) ডঃ রাজেন্দ্রপ্রসাদ
19. ভারতীয় শাসনতন্ত্র নীচের কোন দিন থেকে কার্যকর হয়?
(a) 9 ডিসেম্বর, 1946 (b) 26 জানুয়ারি, 1949 (c) 26 জানুয়ারি, 1950 (d) 26 জানুয়ারি, 1951
20. ভারতীয় সংবিধান রচনার উদ্দেশ্যে গঠিত গণপরিষদের প্রাথমিক সদস্য সংখ্যা কত ছিল?
(a) 300 (b) 304 (c) 383 (d) 310
21. ভারতবর্ষের সংবিধান:
(a) পৃথিবীর বৃহত্তম সংবিধান (b) পৃথিবীর বৃহত্তম অলিখিত সংবিধান (c) পৃথিবীর বৃহত্তম লিখিত সংবিধান (d) পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম লিখিত সংবিধান
22. একটি অপরিহার্য অ্যামিনো অ্যাসিড হল:
(a) অ্যালানিন (b) গ্লুটামিক অ্যাসিড (c) থ্রিওনিন (d) অ্যাসপারেটিক অ্যাসিড
23. পাকস্থলীর গ্যাসট্রিক গ্রন্থি থেকে উৎপন্ন উৎসেচক হল:
(a) ইনসুলিন (b) টায়ালিন (c) পেপসিন (d) ট্রিপসিন
24. সুষম খাদ্যে কার্বোহাইড্রেট, ফ্যাট ও প্রোটিনের অনুপাত হল:
(a) 1 : 1 : 1 (b) 2 : 1 : 1 (c) 4 : 1 : 1 (d) 6 : 1 : 1
25. 'প্রাকৃতিক নির্বাচন তত্ত্ব'টির প্রবক্তা হলেন:
(a) জে বি এস হলডেন (b) জি জে মেন্ডেল (c) এ আই ওপারিন (d) চার্লস ডারউইন
26. অভিব্যক্তি বা বিবর্তনের তত্ত্ব, 'অর্জিত বৈশিষ্ট্যের বংশানুসরণ'— কার মতবাদ?
(a) ডারউইন (b) ল্যামার্ক (c) ওয়ালেস (d) মেন্ডেল
27. মানবদেহের সবচেয়ে বড় স্নায়ুটি হল:
(a) সায়াটিক (b) সারটোরিয়াস (c) ভেগাস (d) অপটিক
28. অনুচক্রিকার গড় আয়ু:
(a) 120 দিন (b) 12-15 দিন (c) 3 দিন (d) 7 দিন
29. কোন রাশির একক ডাইন-সেকেন্ড?
(a) বল (b) ভরবেগ (c) শক্তি (d) ক্ষমতা
30. নীচের জোড়গুলি সঠিকভাবে মেলান:

| | |
|---|---|
| I. অ্যানিমোমিটার | A. গতি ঘূর্ণন |
| II. অ্যামিটার | B. উচ্চ তাপমাত্রা |

এরপর বাইশের পাতায়

# WBCS প্রস্তুতির সেরা প্রতিষ্ঠান

## বিগত বছরের ফলাফল নয়, সদ্য প্রকাশিত WBCS-2017-এর রেজাল্টে শুধুমাত্র C গ্রুপে চূড়ান্তভাবে সফল ৭৭ জন

## WBCS-2017 গ্রুপ A, B ও C মিলিয়ে মোট সফল ১২৯ জন

1st WBRS WBCS - 2017 Susmita Baral
2nd DSP WBCS - 2017 Ipsita Dutta
2nd WBRS WBCS - 2017 Swaha Bose
3rd WBRS WBCS - 2017 Camellia Singha Roy
4th WBRS WBCS - 2017 Saranya Barik
1st EXE WBCS - 2015 Souvik Ghosh

1st CTO WBCS - 2015 Moumita Sengupta
1st CTO WBCS - 2014 Suraiya Gaffar
2nd CTO WBCS - 2014 Md Shabbar Khan
2nd DSP WBCS - 2014 Saquib Ahmed
4th CTO WBCS - 2014 Amartya Debnath
4th EXE WBCS - 2014 Abhishek Basu

4th DSP WBCS - 2014 Rohed Shaikh
6th EXE WBCS - 2016 Tuhin Subhra Mahanty
1st F&S WBCS - 2014 Prasanta Mahapatra
2nd ADSR WBCS - 2015 Md Jawed
6th F&S WBCS - 2014 Md Mafidul Islam
7th EXE WBCS - 2014 Abida Sultana

*all ranks are dept. rank

**896+ Selected so far in WBCS**

**Our Success in WBCS**

| EXAM | GR. A | GR. B | GR. C | GR. D | TOTAL |
|---|---|---|---|---|---|
| WBCS-2017 | 47 | 05 | 77 | Result not published yet | 129 |
| WBCS-2016 | 21 | No Vacancy | 75 | 37 | 133 |
| WBCS-2015 | 29 | 1 | 60 | 30 | 120 |
| WBCS-2014 | 29 | 14 | 65 | 12 | 120 |
| WBCS-2013 | 26 | 9 | 67 | 16 | 118 |
| WBCS-2012 | 38 | 5 | 76 | 22 | 141 |
| WBCS-2011 | 27 | 8 | 94 | 6 | 135 |
| TOTAL | 217 | 42 | 514 | 123 | 896 |

## WBCS-2017 চূড়ান্ত সফলদের কয়েকজন-

WBCS (Exe): Saikat Biswas, Pronoy Mukhopadhyay, Paromita Ghosh, Ranjan Sardar, Fahim Alam, Asif Ekbal, Md Warshid Khan, Fatema Kausar, Priyanka Hall, Manojit Roy, Partha Das

WBRS: Naba Kumar Das, Madhuparna Sengupta, Hasrat Shahin, Abhirup Bhattacharjee, Subhra Rajat Biswas, Anik Ray, Prosenjit Biswas, Chayan Bera, Md Hasanul Islam, Smritikana Halder, Sushobhan Biswas, Suvendu Barman, Md Jasim

ALC: Pratik Mukherjee, Biswajit Ghosh

WBF&S Ser.: Samiran Biswas, Subhodeep Sinha, Nandadulal Das, Rakesh Yadav, Rajdeep Mehta, Shreyasi Maiti, Alim Latifuj Jaman, Sourav Maji, Habibulla Laskar, Goutam Mallick, Surajit Kumar Debnath

Co-Op. Ser.: Saikat Bhattacharya

Emp. Ser.: Hirak Das, Tarannum Firdous

DSP: Moumita Ghosh, Jayanta Debanath Choudhury, Manish Kumar Yadav, Kanak Kanti Biswas

Jt BDO: Abhishek Roy, Basab Chatterjee, Bhaban Ch Chowdhury, Soumik Singha, Subhadeep Ghosh, Ankur Biswas, Tanmoy Mondal, Jotinmoy Sarkar, Sk Nasirul Amin

ACTO: Biplab Mukherjee, Debasis Ghosh, Amit Mitra, Rajnish Kr Yadav, Mainak Pal, Kadir Ansari, Md Shamsher Khan, Suman Ghosh, Md Aaquel Khan, Avijit Biswas, Prosanta Halder, Tanmoy Bhattacharjee

RO: Moubani Biswas, Rupak Adak, Ahin Mitra, Arijit Sen, Hasnat Mollick, Santu Dey, Arup Roy, Shovon Deb, Krishna Kanta Kumar, Surajit Kar, Manas Chakraborty, Rajkumar Ghosh, Akher Ali SK, Tohidul Islam Khan, Basidul Aktar, Subhadip Mandal, Shaon Mandal, Suman Sardar, Avijit Halder, Sanath Roy, Tapas Biswas, Animesh Biswas, Tapas Biswas, Sunil Subba, Faruk Abdulla, Rathindra Nath Biswas

CDPO: Sourav Dutta, Sushobhan Roy, Sayantan Manna, Abdul Sattar, Prabir Ghosh, Tanmoy Sarkar, Tushar Mondal, Chitra Das, Tanmoy Saha, Swarvanu Talukdar, Md Esarul Haque, Radha Murari, Prasenjit Chakma, Ankush Debnath, Bhaskar Ghosh, Ria Sarkar, Sajibuddin Mandal, Supriya Barman, Prasanta Naskar, Pritam Santra

Corre. Ser.: Madhurai Gangopadhyay, Md Aquib Nasim

Dy. Asst. Direc. Consumer Affairs: Palash Mondal, Kaushik Mand

## WBCS-2020

**দ্বিতীয় ব্যাচে ভর্তি চলছে**

**ক্লাস শুরু 12th May, 2019**

## ICDS -এর জন্য বিশেষ উপযোগী

**অ্যাকাডেমিক ক্লার্কশিপ গাইড**



Part I & Part II

প্রকাশনায় অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন

## ICDS সুপারভাইজার এবং ক্লার্কশীপ প্রিলির জন্য ফ্রি কোচিং

২ মাসের ফ্রি কোচিং হবে নিম্নোক্ত সেন্টার গুলিতে। (আসন সংখ্যা সীমিত)

- কলেজস্ট্রীট : 9674478644
- বারাসাত : 9073587432
- কন্টাই : 7003169766
- দুর্গাপুর : 9800453366
- কান্দি : 8918456624
- ইসলামপুর : 8918456624
- দিনহাটা : 7031793314
- শিলিগুড়ি : 7479326428
- উলুবেড়িয়া : 9051392240
- চুঁচুড়া : 8017600409
- পোলবা / মহানাদ : 7031842001

কোর্স শেষে উপরোক্ত সেন্টার গুলিতে পৃথকভাবে মক টেস্টের ব্যবস্থা করা হবে, পাওয়া যাবে কমনযোগ্য নোটস।

## পোষ্টাল কোর্স চালু আছে

# Academic Association

H.O : 53/6 College Street (College Square), Kolkata-700073

Study Center • College Street-9674478644 • Uluberia-9051392240 • Berhampur-9474582569 • Darjeeling-9832041123 • Barasat-9073587432 • Siliguri-9474764635

9038786000
9674478600
9674478644

## এই প্রথম দেশ জুড়ে সেনাবাহিনীতে
# ১০০ মহিলা সোলজার

*প্রথম পাতার পর*

ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in অনলাইন রেজিস্ট্রেশনের সময় চালু ই-মেল অ্যাড্রেস উল্লেখ করবেন। ই-মেল না থাকলে আগে খুলে নিয়ে তারপর অনলাইন রেজিস্ট্রেশন করবেন। র‍্যালিতে উপস্থিত হওয়ার তারিখ জানিয়ে প্রার্থীর ই-মেলে অ্যাডমিট কার্ড পাঠানো হবে। এই অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট নিয়ে নির্দিষ্ট দিন র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে।

অবিবাহিতারা আবেদনের যোগ্য। বিধবা, বিবাহবিচ্ছিন্না বা আইনত স্বামী বিচ্ছিন্নারা কোনও সন্তান না থাকলে আবেদন করতে পারেন। কর্মরত অবস্থায় মৃত সেনাকর্মীর স্ত্রী, সন্তান থাকলেও পুনরায় বিবাহ না করে থাকলে আবেদনের যোগ্য।

বয়স: সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ হতে হবে ১-১০-১৯৯৮ থেকে ১-৪-২০০২-এর মধ্যে। কর্মরত অবস্থায় মৃত সেনাকর্মীর স্ত্রী ৩০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

দৈহিক মাপজোক: উচ্চতা ১৪২ সেমি। ওজন হতে হবে উচ্চতা অনুযায়ী।

প্রার্থী বাছাই হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে।

সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীর মেয়ে বা যুদ্ধে নিহত সৈনিকের বিধবা উচ্চতায় ২ সেমি ও ওজনে ২ কেজি ছাড় পাবেন।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: সর্বাধিক ৭ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ১০ ফুট লং জাম্প এবং ৩ ফুট হাই জাম্প। যাঁরা পার্বত্য পথে দৌড়বেন তাঁরা অতিরিক্ত সময় পাবেন। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে নেওয়া হবে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা। ডাক্তারি পরীক্ষায় ছাড়পত্র পাওয়া সমস্ত প্রার্থীর লিখিত পরীক্ষা হবে।

### র‍্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

✓অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট। এ-ফোর মাপের কাগজে প্রিন্ট আউট নেবেন।

✓২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে। ফটো প্রত্যয়িত হওয়ার দরকার নেই। তিন মাসের পুরনো ফটো চলবে না।

✓মাধ্যমিক, উচ্চমাধ্যমিক (থাকলে), গ্র্যাজুয়েশনের (থাকলে) অ্যাডমিট কার্ড, সার্টিফিকেট, মার্কশিট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং প্রতিটির ২ কপি প্রত্যয়িত নকল।

✓নেটিভিটি বা ডোমিসাইল সার্টিফিকেট ও তার ২ কপি প্রত্যয়িত নকল।

✓আদিবাসী বা তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট ও তার ২ কপি প্রত্যয়িত নকল। কাস্ট সার্টিফিকেটে ধর্মের উল্লেখ না থাকলে 'রিলিজিয়ন সার্টিফিকেট' দাখিল করতে হবে।

✓প্রার্থী শেষ যে প্রতিষ্ঠানে (স্কুল বা কলেজ) পড়েছেন তার প্রধানের থেকে পাওয়া স্কুল ক্যারেক্টার সার্টিফিকেট ও তার ২ কপি প্রত্যয়িত নকল।

✓গ্রাম প্রধান বা মিউনিসিপ্যাল কর্পোরেশন থেকে নেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার ২ কপি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না।

✓এন সি সি সার্টিফিকেট (থাকলে) ও তার ২ কপি প্রত্যয়িত নকল।

✓সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধে নিহত সৈনিকের বিধবা বা মেয়েদের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেকর্ড অফিস থেকে নেওয়া রিলেশনশিপ সার্টিফিকেট ও তার ২ কপি প্রত্যয়িত নকল। রিলেশনশিপ সার্টিফিকেটে স্বাক্ষরকারীর পার্সোন্যাল নম্বর, আর্মি নম্বর, র‍্যাঙ্ক ও নামের উল্লেখ থাকতে হবে।

✓১০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে ফার্স্ট ক্লাস বা এক্সিকিউটিভ বা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রত্যয়িত এবং প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত এফিডেভিট (অ্যাপেন্ডিক্স 'এ' অনুসারে)।

✓প্রাক্তন সমরকর্মীর ডিসচার্জ বুক ও তার ২ কপি প্রত্যয়িত নকল।

✓অবিবাহিতা প্রার্থীদের ক্ষেত্রে গ্রাম প্রধান বা মিউনিসিপ্যাল কর্পোরেশনের থেকে নেওয়া আনম্যারেড সার্টিফিকেট ও তার ২ কপি প্রত্যয়িত নকল।

✓আধার কার্ড, প্যান কার্ড এবং ব্যাঙ্ক পাসবুক (সিঙ্গল অ্যাকাউন্ট) ও সেগুলির ২ কপি প্রত্যয়িত নকল।

✓১০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে নোটারি কর্তৃক প্রত্যয়িত এবং প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত এফিডেভিট (অ্যাপেন্ডিক্স 'বি' অনুসারে)।

প্রত্যয়িত নকলের সঙ্গে মূল সার্টিফিকেট ও নথিপত্রগুলিও নিয়ে যাবেন।

তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে (০১১)-২৬১৭৩৮৪০।

## কবে কোন পরীক্ষা

সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়ায় অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.sebi.gov.in

□

ন্যাশনাল টেস্টিং এজেন্সি দ্বারা পরিচালিত ২০১৯-এর ন্যাশনাল এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্ট (নিট)-ইউ জি ৫ মে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: https://www.ntaneet.nic.in

### ফল বেরোল

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (I), ২০১৯-এর লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

# ভারতীয় নৌবাহিনীতে বাদ্যযন্ত্রী

ট্রেনিং দিয়ে বেশ কিছু বাদ্যযন্ত্রী নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে নাবিক পদে ম্যাট্রিক রিক্রুট (মিউজিশিয়ান) এন্ট্রিতে। শুধুমাত্র অবিবাহিত পুরুষরা আবেদন করতে পারেন। ট্রেনিং হবে ০২/২০১৯ ব্যাচে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। নির্দিষ্ট বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা থাকতে হবে। বাদ্যযন্ত্রগুলি হল— কী বোর্ড, স্ট্রিং, উইন্ড ইনস্ট্রুমেন্ট-সহ যে-কোনও ভারতীয় বা বিদেশি যন্ত্র। সেইসঙ্গে স্টাফ নোটেশন-সহ সঙ্গীতের থিওরি সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকতে হবে এবং গান গাইতে জানতে হবে।

হিন্দুস্থানী বা কর্নাটকি সঙ্গীতের প্রার্থীদের উইন্ড ইনস্ট্রুমেন্ট বাজানোর ক্ষেত্রে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সার্টিফিকেট পেয়ে থাকতে হবে, পাশ্চাত্য সঙ্গীতের প্রার্থীদের ক্ষেত্রে লন্ডনের ট্রিনিটি কলেজ অব মিউজিক বা রয়্যাল স্কুল অব মিউজিক থেকে সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ এবং পুরস্কারপ্রাপ্তির নথিপত্র থাকলেও আবেদন করা যাবে।

দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/২৪ হতে হবে।

বয়স: জন্মতারিখ হতে হবে ১-১০-১৯৯৪ থেকে ৩০-৯-২০০২-এর মধ্যে।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি স্ক্রিনিং বোর্ড এবং ফাইনাল স্ক্রিনিং বোর্ডের পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্রগুলি হল মুম্বই, কোচি এবং বিশাখাপত্তনম।

প্রিলিমিনারি স্ক্রিনিং বোর্ডের পরীক্ষায় প্রথম পর্যায়ে প্রার্থীর বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা যাচাই করা হবে। দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতা যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট ৬ থেকে ১০ জুলাই। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বোস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। চূড়ান্ত প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ৩ থেকে ৬ সেপ্টেম্বর পর্যন্ত, মুম্বইয়ে।

ট্রেনিং শুরু হবে অক্টোবরে আই এন এস চিলিকায়। প্রথমে ১৫ সপ্তাহের বেসিক ট্রেনিং। এর পর ২৬ সপ্তাহের স্পেশ্যালাইজড ট্রেনিং হবে মুম্বইয়ে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ করা হবে নাবিক (বাদ্যযন্ত্রী) পদে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন বেতনক্রম ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৬ মে থেকে ১৯ মে পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (অবশ্যই নীল রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে), শিক্ষাগত ও সঙ্গীত-সংক্রান্ত যোগ্যতার প্রমাণপত্র এবং ডোমিসাইল সার্টিফিকেট আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'

### শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। অনলাইন দরখাস্তের শেষ দিন ২৯ মে

মাধ্যমিক যোগ্যতায় কয়েক হাজার গ্রুপ 'সি' কর্মী নেবে ভারত সরকার। 'মাল্টি টাস্কিং (নন- টেকনিক্যাল) স্টাফ' পদে নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অফিসগুলিতে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন।

উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ১৭ এপ্রিল সংখ্যায় ' কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' শীর্ষক সংবাদে আগাম এই নিয়োগের খবর জানানো হয়েছিল। এখন আবেদন করা যাচ্ছে।

নিয়োগ করা হবে সেন্ট্রাল রিজিয়ন, ইস্টার্ন রিজিয়ন, কর্নাটক-কেরালা রিজিয়ন, নর্দার্ন রিজিয়ন, নর্থ ইস্টার্ন রিজিয়ন, নর্থ ওয়েস্টার্ন রিজিয়ন, মধ্যপ্রদেশ সাব রিজিয়ন, সাদার্ন রিজিয়ন এবং ওয়েস্টার্ন রিজিয়নে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা যে-কোনও রিজিয়নের শূন্যপদের জন্যই দরখাস্ত করতে পারবেন। তবে যে-কোনও একটি রিজিয়নের শূন্যপদে আবেদন করা যাবে। তফসিলি জাতি ও উপজাতি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে শূন্যপদ-সংরক্ষিত হবে। মোট শূন্যপদ এবং রিজিয়ন অনুসারে শূন্যপদ এখনও ঘোষিত হয়নি। স্টাফ সিলেকশন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, শূন্যপদ সম্পর্কিত তথ্য পরে কমিশনের ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

বয়স: ১-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে অতিরিক্ত ১০ বছরের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না ও আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে এবং ৩৫ (তফসিলিদের ক্ষেত্রে ৪০, ও বি সিদের ক্ষেত্রে ৩৮) বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রথম পেপারের পরীক্ষা আয়োজিত হবে ২ অগস্ট থেকে ৬ সেপ্টেম্বরের মধ্যে। দু'টি পেপারের পরীক্ষা। প্রথম পেপারে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, ২৫ নম্বরের জেনারেল ইংলিশ এবং ২৫ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। অর্থাৎ মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় দেড়ঘণ্টা। নেগেটিভ মার্কিং থাকবে। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি আক্রান্তরা ৩০ মিনিট অতিরিক্ত সময় পাবেন।

প্রথম পেপারের পরীক্ষায় সফলরা দ্বিতীয় পেপারের পরীক্ষা দেবেন। এই পেপারে ইংরেজি বা মাতৃভাষার (পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার ক্ষেত্রে বাংলা) রচনা, চিঠি লেখা ইত্যাদি থাকবে। ৫০ নম্বরের পরীক্ষা। সময় আধঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি আক্রান্তদের ক্ষেত্রে সময় ৪০ মিনিট। এই পেপারের পরীক্ষায় সফল হতে হবে।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র (ব্র্যাকেটে পরীক্ষাকেন্দ্রের কোড): কলকাতা (৪৪১০), হুগলি (৪৪১৮), আসানসোল (৪৪১৭), শিলিগুড়ি (৪৪১৫)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in ২৯ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে। ফি ১০০ টাকা। রুপে, মায়েস্ত্রো, মাস্টার কার্ড বা ভিসা ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে অনলাইনে অথবা নেট ব্যাঙ্কিয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। চাইলে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমেও ফি জমা দিতে পারেন স্টেট ব্যাঙ্কের যে-কোনও শাখায়। অনলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩১ মে। চালানের মাধ্যমে ফি জমা দিতে চাইলে চালান ডাউনলোড করতে হবে ৩১ মে-র মধ্যে। চালানের মাধ্যমে ব্যাঙ্ক কাউন্টারে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১ জুন। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

অনলাইন দরখাস্তের প্রথমাংশে থাকবে 'ওয়ান-টাইম রেজিস্ট্রেশন'। এই রেজিস্ট্রেশনটি আগে করা থাকলে নতুন করে করার দরকার হবে না। ওয়ান-টাইম রেজিস্ট্রেশন করার জন্য দরকার হবে: মোবাইল নম্বর, ই-মেল আই ডি, আধার নম্বর (না থাকলে ভোটার পরিচয়পত্র বা প্যান নম্বর বা ড্রাইভিং লাইসেন্স বা স্কুল-কলেজের পরিচয়পত্র অথবা এমপ্লয়ার আই ডি), স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (২০-৫০ কেবি সাইজের মধ্যে), স্ক্যান করা স্বাক্ষর (১০-২০ কেবি সাইজের মধ্যে)। ওয়ান-টাইম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে এই চাকরিটির জন্য অনলাইন দরখাস্ত করা যাবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। স্টাফ সিলেকশন কমিশনের পূর্বাঞ্চলীয় অফিসের ঠিকানা: ১, এম এস ও বিল্ডিং, নবম তল, ২৩৪/৪, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, কলকাতা-৭০০ ০২০।

# হিন্দুস্তান এরোনটিক্সে ৮০১ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ২টি।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা ডিপ্লোমা। তিন বছর আগে স্নাতক বা ডিপ্লোমা পাশ করে থাকলে আবেদন করবেন না।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, আর্থিকভাবে অনগ্রসর, প্রাক্তন সমরকর্মী, যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত বা মৃত সমরকর্মীর সন্তান, কর্মরত অফিসার বা সেনার সন্তান এবং প্রাক্তন সমরকর্মীর সন্তানদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

পূর্বে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

স্টাইপেন্ড: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে প্রতি মাসে ৪,৯৮৪ টাকা এবং ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে প্রতি মাসে ৩,৫৪২ টাকা।

এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: HAL/T&D/1614/19-20/024(C)

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং পোর্টালে নাম নথিভুক্ত করতে হবে। আই টি আই ট্রেড পাশ প্রার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in এবং গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in নাম রেজিস্ট্রেশনের পর এস্টাব্লিশমেন্ট সার্চে গিয়ে 'Hindustan Aeronautics limited' ও State: Maharashtra, District: Nashik' সিলেক্ট করতে হবে। সব ক্ষেত্রেই আবেদনের শেষ তারিখ ১৫ মে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই এবং প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

যাঁরা আর্থিকভাবে অনগ্রসর ক্যাটেগরিতে আবেদন করতে চান তাঁদের ক্ষেত্রে ফ্যামিলি ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেটের একটি কপি ২০ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: DGM-Training and skill development, Hindustan Aeronautics limited, Aircraft division, Nasik Post: Ojhar Township, Tal: Niphad, District: Nashik, Maharashtra: 422207.

আবেদনের পদ্ধতি-সহ বিস্তারিত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: hal-india.co.in

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in